




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৭ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 19 September 2021 ■ আগরতলা ১৯ সেপ্টেম্বর, ২০২১ ইং ■ ৩ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# পাঞ্জাবে মুখ্যমন্ত্রীর পদত্যাগে কংগ্রেসে বড় ধাক্কা চেষ্টা করেও বিজেপি পারল না, সুপ্রিয় গেলেন তৃণমূলে

## মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং পুরো মন্ত্রী পরিষদ সহ পদত্যাগ করলেন

**চণ্ডীগড়, ১৮ সেপ্টেম্বর (হি.স.)।।** পাঞ্জাবে আগামী বছরের বিধানসভা নির্বাচনের আগে, শনিবার মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং তাঁর পুরো মন্ত্রী পরিষদ সহ পদত্যাগ করলেন। পদত্যাগপত্র গ্রহণের পর বিকল্প ব্যবস্থা না হওয়া পর্যন্ত রাজ্যপাল বনওয়ারীলাল পুরোহিত তাকে তত্ত্বাবধায়ক মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করতে বলেছেন। এদিকে, কংগ্রেস বিধায়কদের দলীয় সভায়, সমস্ত বিধায়করা এক-লাইনের প্রস্তাব পাস করে দলের সভানেত্রী সোনিয়া গান্ধীকে মুখ্যমন্ত্রী বেছে নেওয়ার অধিকার দিয়েছেন।

শনিবার পদত্যাগ করার পর ক্যাপ্টেন অমরিন্দর সিং সাংবাদিকদের বলেন, হাইকমান্ড তাঁকে বিশ্বাস করেনি। তাদের শেষ করে দেওয়া হচ্ছিল। দুই মাসে তিনবার তার অজ্ঞাতে দলীয় বিধায়কদের বৈঠক ডাকা হয়েছিল। এর চেয়ে বেশি অপমান তিনি সহ্য করতে পারবেন না। আজ সকালে


মুখ্যমন্ত্রী পদে ইস্তফা দিলেন ক্যাপ্টেন অমরিন্দর সিং

ফোনে সোনিয়া গান্ধীর সঙ্গে কথা হয়েছে বলেও দাবি করেছেন অমরিন্দর।

পাঞ্জাবের রাজনীতিতে দিনভর চলতে থাকে হাই ভোল্টেজ ড্রামা। কংগ্রেস হাইকমান্ড কর্তৃক নিযুক্ত সুপারভাইজার অজয় মাকেন এবং হরিশ চৌধুরী আজ বিকেলে চণ্ডীগড়ে পৌঁছন। যেখানে তাঁরা অমরিন্দর ☞ ৬ এর পাতায় দেখুন

## অভিষেকের হাত ধরে আচমকা তৃণমূলে বাবুল, বিশ্বাসঘাতক বলে কটাক্ষ বিজেপির

**কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স)।।** শনিবারের দুপুরে আচমকাই তৃণমূলে যোগ দিলেন আসানসোলের বিজেপি সাংসদ তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী বাবুল সুপ্রিয়। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে তিনি শাসক দলের পতাকা হাতে তুলে নেন। উপস্থিত ছিলেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও'ব্রায়েন।সম্প্রতি নরেন্দ্র মোদী কেন্দ্রীয় মন্ত্রিসভার রদবদলের সময়ে মন্ত্রিত্ব খোয়ান বাবুল।

প্রায় সঙ্গে সঙ্গেই এ নিয়ে নিজের ক্ষোভ প্রকাশ্যে আনেন মোদী মন্ত্রিসভার দু'বারের মন্ত্রী। রাজনীতি ছাড়ার ঘোষণার পাশাপাশি জানান তিনি সাংসদ পদও ছেড়ে দেবেন। ততক্ষণে উদ্যোগী হয়ে ওঠে বিজেপি-র কেন্দ্রীয় নেতৃত্ব। জরুরি বৈঠকে বসেন বিজেপি-র সর্বভারতীয় সভাপতি জেপি নড্ডা। সেই বৈঠক থেকে বেরিয়ে বাবুল জানান, তিনি রাজনীতি ছেড়ে দিলেও সাংসদ


বাবুল সুপ্রিয়কে তৃণমূলে বরণ করলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।

পদ ছাড়ছেন না। সঙ্গে এটাও বলেছিলেন যে, তিনি অন্য কোনও রাজনৈতিক দলে যোগ দেবেন না। কিন্তু নরেন্দ্র মোদীর জন্মদিন কাটতে না কাটতেই চমক দিলেন বাবুল। দীর্ঘদিন পরে যখন প্রকাশ্যে এলেন তখন গলায় তৃণমূলের উত্তরীয়।

শনিবার বাবুলের যোগদান চমক ☞ ৬ এর পাতায় দেখুন

## কাঞ্চনপুরে আফ্রিকান সোয়াইন ফিভারের জীবানুর সন্ধান মিলছে জারি হল বিধিনিষেধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** গুয়াহাটির নর্থ ইস্টার্ন রিজিওন্যাল ডিজিস ডায়গনস্টিক ল্যাব (এনইআরডিডিএল) ত্রিপুরা থেকে পাঠানো শূকরের টিস্যুর নমুনার আরটিপিসিআর পরীক্ষার পর জানিয়েছে যে এতে আফ্রিকান সোয়াইন ফিভারের জীবাণু রয়েছে। তাই এই রোগকে নিয়ন্ত্রণ করতে এবং সংক্রমণ প্রতিরোধে কাঞ্চনপুরের এগজটিক পিগ ব্রিডিং ফার্মকে এই রোগের এপিসেন্টার বা উৎপত্তিস্থল বলে ঘোষণা করা হয়েছে প্রিভেনশন অ্যান্ড কন্টোল অব ইনফেকশিয়াস অ্যান্ড কন্টেজিয়াস ডিজিজেস ইন এনিম্যাল অ্যাক্ট অনুসারে। এই আইন অনুসারে উৎপত্তি স্থলের চারদিকে ১ কিলোমিটার এলাকাকে ইনফেকটেড জোন এবং ১০ কিলোমিটার এলাকাকে সার্ভেইল্যান্স জোন হিসেবে বিবেচনা করা হবে।

তাই প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে এই ঘোষণার ভিত্তিতে কিছু বিধিনিষেধ জারি করা হয়েছে। ইনফেকটেড জোনে বিধিনিষেধ এই এলাকা থেকে কোনও জীবন্ত শূকর বা শূকরের খাদ্য, মাংস বা মাংসজাত দ্রব্য বাইরে নিয়ে যাওয়া যাবে না এবং তেমনি বাইরে থেকেও এ সমস্ত জিনিস এই এলাকায় নিয়ে আসা যাবে না। কোনও মালবাহী যান এই এলাকা থেকে কোনও শূকর বাইরে বহন করতে পারবে না। তবে সড়কপথে বা রেলে করে এই জোনের মধ্য দিয়ে প্রাণী (শূকর) বহন করে নিয়ে যাওয়া যাবে যদি না এই এলাকায় কোনও প্রাণীকে গাড়ি থেকে নামানো না হয়।

পশু চিকিৎসা কর্তৃপক্ষ দ্বারা স্যানিটাইজেশন সার্টিফিকেট জারি না করা পর্যন্ত এই নিয়ম বলবৎ থাকবে। আফ্রিকান সোয়াইন ফিভারে আক্রান্ত বলে সন্দেহজনক কোনও জীবিত বা মৃত শূকর কেউ এই এলাকা থেকে অন্যত্র নিয়ে যেতে পারবে না। আফ্রিকান সোয়াইন ফিভারে আক্রান্ত বা সন্দেহভাজন আক্রান্ত পশুর সংস্পর্শে এসেছে এমন ব্যক্তি শূকরের খাবার, মৃতদেহ, চামড়া বা অন্য কোনও পদার্থ বহন করতে পারবে না। কোনও ব্যক্তি / সংস্থা বা প্রতিষ্ঠান ইনফেকটেড জোনের মধ্যে প্রাণী বাজার, প্রাণী মেলা, প্রদর্শনী ইত্যাদি প্রাণী জমায়েতকারী কোনও অনুষ্ঠানের আয়োজন করতে পারবে না যদি না ভেটেরিনারি অফিসার সেজন্য অন্যান্য প্রাণির ক্ষেত্রে ছাড় দেয়। কোনও ব্যক্তি আফ্রিকান সোয়াইন ফিভারে আক্রান্ত বা সন্দেহজনক কোনও শূকরকে কোনও বাজার, মেলা বা প্রদর্শনীতে নিয়ে আসতে পারবে না। জনসাধারণের স্বাস্থ্যের স্বার্থে জেলা পশু আধিকারিক বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনে ইনফেকটেড জোনে লিখিতভাবে কোনও সংক্রমিত প্রাণীর হত্যা করে সেই প্রাণীটির শবদেহ নির্দিষ্ট উপায়ে নষ্ট করে দেওয়ার নির্দেশ দিতে পারবেন।

উক্ত আইনের নিয়মে সমস্ত পুরসভা ও পঞ্চায়েত, গ্রাম উন্নয়ন, রাজস্ব দপ্তর ও কৃষি দপ্তরের সংশ্লিষ্ট কর্মীরা পশু আধিকারিককে তার দায়িত্ব পালনে সহায়তা করবেন। কোনও ব্যক্তি যদি সংক্রমিত প্রাণীর শব কোনও নদী, জলাশয়, নালা বা অন্য কোনও জলাধারে ফেলে দেয় বা ফেলে দেওয়ার আদেশ / অনুমোদন দেয় তাহলে তা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে এবং সেজন্য তাঁর জেল বা জরিমানা বা উভয়ই হতে পারে। সার্ভেইল্যান্স জোনে বিধিনিষেধ: সার্ভেইল্যান্স জোনে ইনফেকটেড জোনের সমস্ত বিধিনিষেধ জারি থাকবে তবে কোনও পশুকে সংক্রমিত সন্দেহে বধ করা হবে না।

এই এলাকার সমস্ত পশু কড়া নজরদারির মধ্যে থাকবে যেমন ক্লিনিক্যাল সার্ভেইল্যান্স, ভিরোলজিক্যাল সার্ভেইল্যান্স, সেরোলোজিক্যাল সার্ভেইল্যান্স ব্যবস্থা নেওয়া হবে। বন দপ্তরের পরামর্শক্রমে বন এলাকার কাছাকাছি পালিত শূকরের নজরদারি করা হবে। প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ সংবাদ জানানো হয়েছে।


## থানার লকআপে মৃত্যু, বিচার বিভাগীয় তদন্তের দাবি তৃণমূলের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** থানার লকআপে অভিযুক্তের মৃত্যুর ঘটনায় বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়ে ত্রিপুরার মুখ্য সচিবকে চিঠি দিয়েছে তৃণমূল কংগ্রেস। হাইকোর্টে কর্মরত বিচারপতির হাতে ওই তদন্তভার তুলে দেওয়ার আবেদন তৃণমূলের।

প্রসঙ্গত, সোনামুড়া থানার পুলিশ বুধবার গভীর রাতে বলারঢেফা এলাকার বাসিন্দা জামাল হুসেনকে পূর্ব মামলায় গ্রেফতার করেছে। এ-বিষয়ে জামালের পরিবারের অভিযোগ, কোন অসামাজিক কাজের সাথে তার যোগাযোগ ছিল না। কয়েক বছর ধরে তিনি দুবাইতে রয়েছেন। সেখানেই রোজগার করেন। জামালের বোনের দাবি, তাঁর ভাই গত ৫ সেপ্টেম্বর দুবাই ফিরে যাওয়ার জন্য টিকিট ক্রয় করেছেন। কয়েকদিনের মধ্যে তাঁর সেখানে যাওয়ার জন্য সমস্ত কিছুই প্রস্তুত ছিল। কিন্তু, বুধবার রাতে পুলিশ তাকে আটক করে থানায় নিয়ে গেছে। তিনি অভিযোগ করেন, পুলিশ বুধবার বাড়ি থেকে জামালকে মারধর করে থানায় নিয়ে গেছে। পরদিন সকালে দেখা করতে চাইলে পুলিশ অনুমতি দেয়নি। তিনি বলেন, জামালের জন্য সকালে খাবার নিয়ে গেছিলাম। কিন্তু, পুলিশ দেখা করার অনুমতি দেয়নি। পরে খবর দিয়েছে, থানার লকআপে তাঁকে মৃত অবস্থায় পাওয়া গেছে।

ওই ঘটনায় সিপাহীজলা জেলা পুলিশ সুপার কৃষ্ণেন্দু চক্রবর্তী বলেন, বুধবার রাতে জামাল হুসেনকে গ্রেফতারের পর মেলাঘর এবং সোনামুড়া হাসপাতালে তার শারীরিক পরীক্ষা করা হয়েছে। এরপর তাকে থানার লকআপে রেখেছে পুলিশ। তিনি বলেন, জামাল ডাকাতি এবং এনডিপিএস মামলায় অভিযুক্ত ছিলেন। ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজস্থান হাইকোর্টের প্রধান বিচারপতি হচ্ছেন এ এ কুরেশি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এএ কুরেশি রাজস্থান হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব নিতে চলেছেন। এমনটাই সম্ভাবনা তৈরি হয়েছে। কারণ, সুপ্রিম কোর্টের কলেজিয়াম এমনটাই সুপারিশ করেছে। অন্যদিকে, রাজস্থান হাইকোর্টের প্রধান বিচারপতি ইন্দরজিৎ মোহান্তি ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব নেবেন।

সূত্রের খবর, সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি এনভি রামান্না সহ বিচারপতি ইউইউ ললিত এবং বিচারপতি এএম খানবিলকরের নেতৃত্বে গঠিত কলেজিয়াম সারা দেশে আটটি হাইকোর্টে নতুন প্রধান বিচারপতি, চারজন প্রধান বিচারপতির বদলি এবং ২৭ জন বিচারপতি হাইকোর্টগুলিতে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। মূলত, ত্রিপুরা ☞ ৬ এর পাতায় দেখুন

## আধিকারিকদের নিরাপত্তা জেলা পুলিশ সুপারদের চিঠি জেলা শাসকদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** জনগণের স্বার্থে প্রশাসনিক দায়িত্ব পালনে গিয়ে বিডিও আক্রান্তের ঘটনায় সারা ত্রিপুরায় ব্যাপক প্রতিক্রিয়া হয়েছে। তাই, সারা ত্রিপুরায় বিডিও এবং ডিসিএম-দের জমিনি কাজে পর্যাপ্ত নিরাপত্তা প্রদানে পুলিশ সুপারদের অনুরোধ জানিয়েছেন জেলা শাসকগণ।

প্রসঙ্গত, দক্ষিণ জেলায় সাব্রুম মহকুমায় পোয়াংবাড়ি এলাকায় প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণ-র অন্তর্গত সুবিধাভোগীদের চিহ্নিতকরণে দুস্কৃতিদের হামলায় বিডিও সহ অন্যান্য সরকারী আধিকারিকরা আক্রান্ত হয়েছেন। ৪০-৫০ জনের সংঘবদ্ধ হামলা পুলিশের সামনেই বিডিওকে জখম করেছে। অন্য সরকারী আধিকারিক পালিয়ে প্রাণে বেঁচেছেন। ওই ঘটনায় ইতিমধ্যে ৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ। কিন্তু, ত্রিপুরার অন্যান্য প্রান্তেও এধরনের অনভিপ্রেত ঘটনার আশংকা করা হচ্ছে।

তাই, আজ ঊনকোটি এবং সিপাহীজলা জেলা শাসক সহ সমস্ত জেলা শাসকরা পোয়াংবাড়ির ঘটনার বর্ণনা দিয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

## বাড়ি থেকে ডেকে নিয়ে মেলাঘরে যুবককে হত্যা

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৮ সেপ্টেম্বর।।** শনিবার সাতসকালে মেলাঘর থানাধীন তেলকাজলা গ্রাম পঞ্চায়েত এর ৩ নং ওয়ার্ডের বরডেফা এলাকায় ফেরদৌস মিয়া নামে ২২ বছরের এক যুবকের বিদ্যুতের খুটির সাথে ঝুলন্ত অবস্থায় তার মৃতদেহ উদ্ধার করা হয়। পরিবারের অভিযোগ তাকে খুন করা হয়েছে।

ফেরদৌসের পরিবারের ভাই ও বোনের সাথে কথা বলে জানা গেছে গতকাল রাত্রে এলাকার আনোয়ার হোসেন নামে এক ব্যক্তি ফেরদৌস মিয়াকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায়। তবে তাকে কি কারণে ডেকে নিয়ে যায় তা এখনো জানা যায়নি।পরিবারের অভিযোগ তাকে প্রথমে খুন করা হয়েছে তারপর বিদ্যুতের খুঁটির সাথে ঝুলিয়ে রাখা হয়েছে। এই ঘটনয়া আনোয়ার হোসেন, তাজুল ইসলাম ও ফিরোজ মিয়া নামে তিন ব্যক্তি জড়িত রয়েছে বলে জানা যায়। তাদের সাথে পূর্ব শত্রুতা রয়েছে বলে জানা যায়। এই ঘটনার খবর প্রথমে পুলিশকে দেওয়া হলে পুলিশ গিয়ে অমৃত ফেরদৌস মিয়াকে মেলাঘর হাসপাতালে নিয়ে আসেন। ময়না তদন্ত করার পর তাঁর মৃতদেহ পরিবার হাতে তুলে দেয়া হবে বলে জানা যায়। এই ঘটনায় পরিবারের লোকজন কান্নায় ভেঙ্গে পড়েন। হত্যা না আত্মহত্যা নিয়ে ধোঁয়াশা। ঘটনার জেরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। পুলিশ যদি সঠিক তদন্ত করে তাহলে আসল রহস্য বেরিয়ে আসবে

## অটোরিক্সায় চাপা দিয়ে এক ব্যক্তিকে খুনের চেষ্টা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** অটো রিস্কা দিয়ে ধাক্কা দিয়ে প্রাণে মারার চেষ্টা এক ব্যক্তিকে।ঘটনা বিশালগড় থানাধীন ভূঁইয়ার মাথা এলাকায়।

ঘটনার বিবরণে জানা যায় , শনিবার সকাল দশটা নাগাদ ভূঁইয়ার মাথা স্কুলের সামনে অটো গাড়ি দিয়ে ধাক্কা দিয়ে প্রাণে মারার চেষ্টা করে বিশ্বজিৎ দাস নামে এক ব্যক্তিকে। আহতের চিৎকার চেঁচামেচি শুনে পার্শবর্তী এলাকার লোকজন দৌড়ে এসে তাকে উদ্ধার করে। অভিযুক্ত অটোচালক রিন্টু দেবনাথ সেখান থেকে গা-ঢাকা দেয়। এরপর আহত ব্যক্তিকে নিয়ে আসা হয় বিশালগড় মহকুমা হাসপাতালে। সেখান ☞ ৬ এর পাতায় দেখুন

## ব্যর্থ প্রেমের জ্বালায় কুমারঘাটে পৃথক স্থানে দুই যুবতীর ফাঁসীতে আত্মহত্যা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** কুমারঘাট থানা এলাকায় ২৪ ঘন্টায় দুই যুবতীর আত্মহত্যার ঘটনায় তীব্র চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।উভয় ক্ষেত্রেই ব্যর্থ প্রেমের জ্বালায় আত্মহত্যার ঘটনা ঘটেছে বলে আশঙ্কা করা হচ্ছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। রাজ্যে আত্মহত্যার ঘটনা ক্রমেই বাড়ছে।রাজ্যের কোনো না কোনো প্রান্তে হামেশাই ঘটছে আত্মহত্যার ঘটনা।বিশেষ করে তরুন তরুনীদের মধ্যে আত্মহত্যার প্রবনতা বাড়ছে।

পরপর দুদিন দুটি আত্মহত্যার ঘটনা ঘটলো কুমারঘাট থানা এলাকায়।প্রথম ঘটনাটি কুমারঘাটের নিদেবীতে বৃহস্পতিবার রাতে।সেখানে ভাড়া বাড়িতে ফাঁসিতে আত্মঘাতী করে এক কলেজ পড়ুয়া। জানা গেছে, প্রেমে ব্যর্থ হয়েই ফাঁসিতে জীবন দেয় কলেজ পড়ুয়া ছাত্রী।ঘটনার ২৪ ঘন্টা যেতে না যেতেই ফের আত্মহত্যার ঘটনা কুমারঘাট থানা এলাকায়।এবারে সুকান্তনগর বিদ্যাসাগর কলোনি পাড়ায় নিজ ঘর থেকে উদ্ধার হলো ওড়নায় ফাঁস জড়ানো বছর একুশের এক যুবতীর ঝুলন্ত দেহ।

বিশ্বকর্মা পূজোর দিনে বাড়ির লোকেদের অনুপস্থিতে কোনো এক সময় নিজ ঘরেই আত্মঘাতী হয় যুবতী।বাড়ির লোকজন বাড়ি ফিরে ঘরের দরজা বন্ধ অবস্থায় দেখে ডাকাডাকি করে উত্তর না পেয়ে সন্দেহ হয় বাড়ির লোকেদের।পরে ঘরের দরজা ভেঙে দেখতে পায় ফাঁসিতে ঝুলছে যুবতীর দেহ।খবর দেওয়া হয় কুমারঘাট থানা এবং দমকল বাহিনীকে।মৃতদেহ উদ্ধার করে কুমারঘাট হাসপাতালের মর্গে নিয়ে যায় পুলিশ। ☞ ৬ এর পাতায় দেখুন



সর্ব শিক্ষা অভিযানের শিক্ষকরা বিভিন্ন দাবীতে শিক্ষ অধিকর্তাতে ডেপুটেশন দিয়েছেন। ছবি নিজস্ব।

## বিশ্বকর্মা পূজার দিনে পৃথক জায়গায় যান সন্ত্রাসের বলি দুই, গুরুতর আহত ছয়জন

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর/ চুড়াইবাড়ি/ বিলোনীয়া, ১৮ সেপ্টেম্বর।।** মাত্র ৪০ঘন্টার ব্যবধানে পৃথক সড়ক দুর্ঘটনায়২জন মৃত। একই থানার অন্তর্গত দুইটি পৃথক সড়ক দুর্ঘটনায় দুজন নিহত হয়েছেন। ঘটনা দুটি সংঘটিত হয় উদয়পুর মহকুমা রাধাকিশোরপুর থানার অন্তর্গত গর্জি ফাঁড়ি এলাকায় ও রাধাকিশোরপুর থানার অন্তর্গত ফুলকুমারী ম্যাচ ফেক্টরি এলাকায়। প্রথম ঘটনা সংঘটিত হয়েছে গত বৃহস্পতিবার অধিক রাতে গর্জি ফাঁড়ি এলাকায়। ১০৩২৩ শিক্ষকদের মধ্যে চন্দন ভৌমিক নামে জনৈক শিক্ষক বর্তমানে স্বরণকারের কাজ করতেন, উনি ও উনার টি আর -০৩-ই-৯৬৮১ সুপার স্কেলন্ডার বাইক আরোহী নারায়ন পাল টি আর- ০১ই-১৬১৯ লড়ির ধাক্কায় ঘোরতর আহত হন।

পরবর্তীতে উদয়পুর অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা আহত দুজনকেই গোমতি জেলা হাসপাতালে নিয়ে আসেন।অবস্থা বেগতিক দেখে কর্তব্যরত চিকিৎসক তাদের জি বি হাসপাতালে রেফার করেন। জিবিতে মৃত্যু হয় চন্দন ভৌমিকের। নারায়ন পালের চিকিৎসা চলছে জিবিতে। নিহত চন্দন ভৌমিকের দাদা গদাধর ভৌমিক তার ছোট ভাই চন্দনকে পরিকল্পিত হত্যা করা হয়েছে বলে রাধাকিশোরপুর থানায় মহারানি ফাঁড়ি থানার অন্তর্গত ফোটামাটি গ্রামের উল্লিখিত লড়ির চালক আবদুল লতিফের নামে মামলা দায়ের করেন। পুলিশ অভিযোগ পেয়ে ফোটামাটি গ্রামের উল্লিখিত লড়ির চালক আবদুল লতিফকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করেন।

অপরদিকে ঐ ঘটনা সংঘটিত হওয়ার চল্লিশ ঘন্টার মধ্যে আজ দুপুর সাড়ে বারোটায় রাধাকিশোরপুর থানার অন্তর্গত মাতাবাড়ি ম্যাচ ফেক্টরি এলাকায় ভয়াবহ যান দুর্ঘটনায় সাব্রুম থানার অন্তর্গত প্রসেনজিৎ বিস্বাস(২৪ বৎসর ) নামে বেসরকারি আরোহী নামক অর্থ লগ্নি প্রতিষ্ঠানে কর্মরত কর্মীর ঘটনাস্থলেই মৃত্যু হয়। বাইক আরোহী কান্তি সিনহা (২৬ বৎসর )আগরতলা জি বি হাসপাতালে চিকিৎসাধীন। টি আর ০৩-জি- ৫৩৭৩ নাম্বারের অপর বাইক চালক উদয়পুর মধ্য পাড়ার রামকৃষ্ণ বনিক(৩৭) টেপানিয়া জেলা হাসপাতালে চিকিৎসাধীন। উভয় ঘটনাই উদয়পুর অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা ভিন্ন সময়ের ব্যবধানে আহত ও নিহতদের টেপানিয়া স্থিত গোমতি জেলা হাসপাতালে নিয়ে যান। পুলিশ ঘটনার সাথে জড়িত যান বাহন গুলি আটক করতে সক্ষম হয়েছেন। এই ঘটনা গুলো সংঘটিত হওয়ায় আর কে পুর থানার পুলিশ পৃথক মামলা নিয়ে তদন্ত শুরু করেছেন। উপর্যুপরি সড়ক দুর্ঘটনা সংগঠিত হওয়ায় উদয়পুর ও তৎসংলগ্ন এলাকায় উৎকন্ঠা ও আআতঙ্ক ছড়িয়ে পড়ে এবং লোকের আবহ নেমে আসে।

এদিকে, বিশ্বকর্মা পূজার রাতে আত্মীয়ের বাড়ি থেকে প্রসাদ খেয়ে বাড়ি ফেরার পথে ধর্মনগর থানাধীন কৃষ্ণপুর এলাকায় ভয়াবহ পথ ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৭ ▫ সংখ্যা ২২৬ ▫ ১৯ সেপ্টেম্বর ২০২১ ইং ▫ ৩ আশ্বিন ▫ রবিবার ▫ ১৪২৮ বঙ্গাব্দ

## জনকল্যাণে বলিষ্ঠ পদক্ষেপ

স্বাধীন সার্বভৌম ভারতবর্ষের অন্যতম বৈশিষ্ট্য হইল সকলের সমান অধিকার নিশ্চিত করা। দেশের স্বাধীনতা সংগ্রামীরাও সেই স্বপ্ন দেখিয়েছিলেন। অগণিত শহীদের রক্তের বিনিময়ে সার্বভৌম গণতান্ত্রিক ভারত বর্ষ প্রতিষ্ঠা লাভ করিয়াছে। স্বাধীনতার ৭৪ বছর পরও দেশের অখন্ডতা ও সার্বভৌমত্ব নিয়ে নানা প্রশ্ন উঠিতেছে। বিচ্ছিন্নতাবাদী সবচেয়ে অন্যদিকে রাজনৈতিক মতাদর্শ বিরোধের কারণে দেশের অখন্ডতা ও সার্বভৌমত্ব নানা সময়ে প্রশ্নচিহ্নের সামনে আসিয়া দাঁড়াইয়াছে। স্বাধীন সার্বভৌম দেশের রাজনীতির মূল লক্ষ্য মানুষ। মানুষের কল্যাণ। কোন সমাজব্যবস্থায় মানুষের সর্বাধিক কল্যাণ হইবে, তাহা নিয়া মতভেদ রহিয়াছে। মতের বিভিন্নতা হেতু কোনও দেশ গণতন্ত্রে আস্থা

রাখিয়াছে, কোনও দেশ গ্রহণ করিয়াছে সমাজতান্ত্রিক আদর্শ কিংবা কমিউনিজম। রাজতন্ত্রও বহাল রহিয়াছে কিছু দেশে। তবে বেশিরভাগ রাজতন্ত্র আজ নিয়মতান্ত্রিক মাত্র, মানুষের দাবি মানিয়া সেসব দেশ আগেই উত্তীর্ণ হইয়াছে গণতন্ত্রে। রাষ্ট্রব্যবস্থা যেমনই হোক, সব দেশ পরিচালিত হয় সংশ্লিষ্ট রাষ্ট্র কর্তৃক গৃহীত সংবিধান অনুসারে। সংবিধান অনুসারে ভারত হইল একটি সার্বভৌম, সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ দেশ। গণতন্ত্র ও সাধারণতন্ত্র যাহার অলঙ্কার। রাষ্ট্র অঙ্গীকার করিয়াছে এদেশের প্রতিটি নাগরিকের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায়বিচার প্রদানের। রাষ্ট্র মানিয়া নিয়াছে সব নাগরিকের চিন্তা ও মতপ্রকাশের স্বাধীনতা; ব্যক্তিগত বিশ্বাস, ধর্ম ও উপাসনার স্বাধীনতা। নাগরিকদের জন্য মর্যাদা ও সুযোগ-সুবিধার সমতা সৃষ্টি করিবারও অঙ্গীকার রহিয়াছে সংবিধানের প্রস্তাবনায়। সংবিধান বিশেষ গুরুত্ব আরোপ করিয়াছে সৌভ্রাতৃত্বের উপর। প্রস্তাবনায় পরিষ্কার করা হইয়াছে সৌভ্রাত্ব এমনভাবে গড়িয়া তুলিতে হইবে যে তাহাতে একদিকে যেমন ব্যক্তির মর্যাদা অক্ষুণ্ণ থাকিবে অন্যদিকে সুনিশ্চয় হইবে জাতীয় ঐক্য ও সংহতি। সংবিধান নির্দেশিত পথে রাষ্ট্রপরিচালনার জন্য ভারত গ্রহণ করিয়াছে সংসদীয় গণতন্ত্রকে। আমাদের দেশ শুধু আয়তনে বিশাল নয়, আঞ্চলিক বৈচিত্রেও অনন্য। আঞ্চলিক বিচিত্রতার সঙ্গে সংগত করিয়াছে বহু ভাষা, ধর্ম ও সংস্কৃতি। এই বৈচিত্রেরই ফসল বহু রাজনৈতিক দল। ভারতের ঐক্য, সার্বভৌমত্ব পূর্ণমাত্রায় স্বীকার করিয়াও দলগুলি নিজ নিজ আদর্শে লালিত। বৈচিত্রের মধ্যে ঐক্যের এমন নিদর্শন বিরল। এইভাবেই ভারত বিশ্বের বৃহত্তম গণতন্ত্র হিসাবে উজ্জ্বল। গণতন্ত্র হইল একটি সংস্কৃতির নাম। নিরন্তর অনুশীলনের ভিতর দিয়া গণতন্ত্র সাবালক ও সাফল্যের পথে এগোয়। এই উপলব্ধির ভিতরেই রহিয়াছে আর-একটি সত্যভারতীয় গণতন্ত্রের সীমাবদ্ধতা অনেক, রহিয়াছে অনেক ঘাটতি, ত্রুটি-বিচ্যুতি। নাগরিকদের মধ্যে গণতন্ত্রের স্বাদ আরও বেশি পরিমাণে পৌঁছাইয়া দেওয়ার সুযোগ রহিয়ছে। তাহার জন্যে প্রয়োজন ইতিবাচক সংস্কার। অধিক গণতন্ত্রের পথে ওই কাঙ্ক্ষিত সংস্কারের হাতিয়ার হইল মুক্ত মন। শুধুমাত্র রাজনীতির জন্য রাজনীতি না করিয়া জনগণের কল্যাণে রাজনীতি করা প্রতিটি রাজনৈতিক দলের দায়িত্ব ও কর্তব্য হওয়া উচিত। দেশের বিভিন্ন রাজ্যে বর্তমানে যে রাজনৈতিক পরিস্থিতি বিরাজমান তাহা দেশের কল্যাণে অহিতকর। রাজনীতির নামে ভেদাভেদ, হিংসা বিদ্বেষ, হানাহানি মারামারি কোনভাবে মানিয়া নেওয়া যাইতে পারে না। দেশের গণতন্ত্রকে আরো সমৃদ্ধ করেছে এবং দেশবাসীর সার্বিক স্বার্থ রক্ষা করিতে রাজনৈতিক দলগুলিকে আরো সাবলীল ভূমিকা পালন করিতে হইবে। কেননা দেশের জনগণ রাজনৈতিক দলের প্রতিনিধিকেই ভোটাধিকার পরিবার মধ্য দিয়া দেশ শাসনের যাবতীয় দায়িত্ব অর্পণ করিয়া থাকেন। তাহাদের কাছে প্রত্যেক জনগণের প্রত্যাশা থাকে দেশ ও জনগণের কল্যাণে তাহারা কাজ করিবেন। কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই পরিলক্ষিত হইতেছে রাজনৈতিক দলগুলি পরস্পর পরস্পরের বিরুদ্ধে নানা অভিযোগ প্রতিপক্ষকে ঘায়েল পরিবার চেষ্টা চালাইতেছে। একটি স্বাধীন সার্বভৌম গণতান্ত্রিক রাষ্ট্রে তাহা কোনভাবেই কাম্য হইতে পারে না। দেশের গণতন্ত্রকে সম্বৃদ্ধ করিতে এবং দেশের সার্বিক কল্যাণে প্রত্যেক রাজনৈতিক দলের নেতাদের আরো গভীর মনোনিবেশ করা প্রয়োজন।

## এবার তালিবানের বিরুদ্ধে ঐতিহাসিক বালা হিসার কেল্লা ধ্বংস করার অভিযোগ

কাবুল, ১৮ সেপ্টেম্বর (হি. স.): ফের প্রকাশ্যে তালিবানের বর্বরতা। এবার তালিবানের বিরুদ্ধে আফগানিস্তানের হেলমান্দ প্রদেশের ঐতিহাসিক বালা হিসার কেল্লা ধ্বংস করার অভিযোগ উঠেছে। এছাড়া তালিবানের বিরুদ্ধে আফগানিস্তানের বিভিন্ন মূল্যবান প্রাচীন নষ্ট করারও অভিযোগ রয়েছে।

স্থানীয় এক গণমাধ্যমের প্রতিবেদনে জানা গেছে, বালা হিসার নামে ১৭০ বছরের পুরোনো ওই কেল্লা হেলমান্দ প্রদেশের গিরিশক শহরে অবস্থিত। প্রাচীন কারাগার হিসেবে ব্যবহৃত ওই ঐতিহাসিক কেল্লা যুবরাজ হাবিবুল্লার শাসনামলে সরদার সিদ্দিক খান সংস্কার করেন।

এছাড়া তালিবানের বিরুদ্ধে আফগানিস্তানের বিভিন্ন মূল্যবান প্রাচীন নষ্ট করারও অভিযোগ রয়েছে। ধর্মীয়ভাবে রক্ষণশীল হিসেবে পরিচিত তালিবান মানুষসহ যেকোনও জীবন্ত কিছুর ছবি ও মূর্তিকে নিষিদ্ধ মনে করে। তাই মাসখানেক আগে তালেবান দ্বিতীয় দফায় আফগানিস্তানের ক্ষমতা দখলের পর কাবুল জাদুঘরে রাখা প্রায় ৮০ হাজার প্রাচীন নির্দশন ঝুঁকির মধ্যে রয়েছে বলে জাদুঘরের পরিচালক মহম্মদ ফাহিম রাহিমি জানিয়েছেন। এদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যমে তালিবানের এই কর্মকাণ্ডের তীব্র নিন্দা জানিয়েছেন অনেক আফগান নাগরিক। এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন তারা। হিন্দুস্থান সমাচার/ কাকলি

## চাকরি পাওয়ার আশায় দল করলে চলবে না, শিবসাগরে শিক্ষামন্ত্রী পেগু

শিবসাগর (অসম), ১৮ সেপ্টেম্বর (হি.স.) : কেবলমাত্র সরকারি চাকরি পাওয়ার লক্ষ্য মাথায় রেখে দল করলে হবে না। জনগণের সেবা করতে অধিক গুরুত্ব দিতে হবে। স্বাবলম্বী হওয়ার জন্য বহু সরকারি প্রকল্প রয়েছে। কিন্তু অনেকেই এ সব প্রকল্পের বিষয়ে অবগত নন। শিবসাগরে দলীয় কর্মীদের উদ্দেশ্যে এই মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী ডা. রণোজ পেগুর।

বিজেপির শিবসাগর জেলা কমিটির সভাপতির দায়িত্ব আনুষ্ঠানিকভাবে সমঝে নিয়েছন ময়ূর বরগোহাঁই। বর্তমান সভাপতি সুরভি রাজকোঁওরির হাত থেকে দায়িত্ব গ্রহণ করেন দলের যুব নেতা ময়ূর বরগোহাঁই। এদিন এক ভাবগম্ভীর অনুষ্ঠানে দায়িত্ব সমঝে নেন যুবনেতা ময়ূর। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিবসাগর জেলার অভিভাবক মন্ত্রী তথা রাজ্যের শিক্ষামন্ত্রী ডা. রনোজ পেগু।

অনুষ্ঠানে বক্তব্য পেশ করতে গিয়ে তিনি বলেন, সরকারি চাকরি, ঠিকাদারি পাওয়ার আশায় বিজেপি দলের হয়ে কাজ করতে আগতরা দলের পূর্ণকালীন সেবক নন। কেবলমাত্র সরকারি চাকরি পাওয়ার আশায় দল করলে চলবে না, করতে হবে জনগণের সেবাও। এখানেই শেষ না করে অভিভাবক মন্ত্রী রণোজ পেগু বলেন, বিধানসভার আসন্ন উপ-নির্বাচন, পুরসভা নির্বাচন, পঞ্চায়েত নির্বাচন, ২০১৪-এর লোকসভা নির্বাচন এবং ২০২৬-এর অসম বিধানসভা নির্বাচনে যাতে ভারতীয় জনতা পার্টি সর্বাধিক ভোট লাভ করতে পারে এবং ক্ষমতা দখল করতে পারে এর জন্য এখন থেকেই উন্নয়নমূলক কাজকর্মে ঝাঁপাতে।

যোরহাটের সাংসদ তপন কুমার গগৈ আসন্ন উপ-নির্বাচনে থাওড়া বিধানসভা আসন বিজেপি-র দখলে আসা একশো শতাংশ নিশ্চিত বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। তথাপিও শিবসাগর জেলিকে সাজিয়ে তুলতে সব কার্যকর্তাকে চেষ্টা করার পাশাপাশি এক্ষেত্রে নবনিযুক্ত জেলা সভাপতি ময়ূর বরগোহাঁইকে এগিয়ে আসার আহ্বান জানান সাংসদ গগৈ।

# স্বাধীনতা, পথের দাবি ও শরৎচন্দ্র

নরেন্দ্রমাথ কুলে

রৎচন্দ্র চট্টোপাধ্যায় ফিড ছিলেন না। তদানীন্তন রাজনৈতিক আন্দোলন, মানে ত্ত স্বাধীনতা আন্দোলনের তিনি একজন সক্রিয় কর্মীও ছিলেন। সাহিত্যচর্চা ছেড়ে রাজনীতিতে কেন, এ প্রশ্নের উত্তরে বললেন, "দেশ হল সবচেয়ে বড়। দেশের আন্দোলনে না এলে যত ক্ষতি হত, সাহিত্যসাধনার ক্ষতি তত বড় নয়।" দেশের প্রতি কতটা ভালোবাসা থাকলে তবে একথা বলা যায়। শরৎচন্দ্রের কাছে দেশসেবাই হল ধর্ম। তাই তিনি বলতে পারেন, "দেশসেবা জিনিসটা যতদিন ধর্ম হয়ে না দাঁড়ায়, ততদিন তার মধ্যে খানিকটা ফাঁকি থেকে যায়। একথা আমি মর্মে মর্মে অনুভব করি।

হাওড়া জেলা কংগ্রেসের সভাপতি হয়েছিলেন শরচন্দ্র। কংগ্রেস সভাপতি হয়ে গান্ধিজির প্রতি শ্রদ্ধা থাকা সত্বেও আপসহীন ধারার আন্দোলনকে সমর্থন করেছেন, অথচ আপসকামী ধারাকে ঘৃণা করেননি। বিপ্লাবের প্রতি তার এই সমর্থনের ছবি এঁকেছেন "পথের দাবি" উপন্যাসে। সম্ভবত এই উপন্যাসটি বাংলা সাহিত্যের প্রথম রাজনৈতিক উপন্যাস। রাশিয়ার লেনিনগ্রাদে এশিয়ার জাতিসমূহ সংক্রান্ত গবেষণা কর্মী লিদিয়া স্ক্রিজেভস্কাইয়া শরৎচন্দ্র প্রসঙ্গে লিখেছেন, "বাংলা সাহিত্যের প্রথম রাজনৈতিক উপন্যাস "পথের দাবি"। এই উপন্যাসটি জাতীয় মুক্তি আন্দোলনের প্রতি শরৎচন্দ্রের আনুগত্য এবং ত্ত সেইসঙ্গে অসহযোগ ও সত্যাগ্রহের পদ্ধতি সম্পর্কে তার মোহমুক্তির ফসল। এই উপন্যাসের নায়ক ডাক্তার সব্যসাচীর মতে, বিপ্লবের পথে স্বাধীনতা আসবে, যে বিপ্লবকে অনিবার্যভাবেই দমনপীড়নের মুখোমুখি হতে হবে। যাই হোক উপন্যাসটি বিশ্লেষণ করলে দেখা যাবে, বিপ্লবকে কীভাবে এগিয়ে নিয়ে যেতে হবে অথবা এর পরে কী ধরনের পরিবর্তন আসবে সে বিষয়ে গ্রন্থকার অথবা নায়ক কারোরই কোনো পরিষ্কার ধারণা ছিল না।তদুপরি, বিপ্লবের রাজনৈতিক এবং সামাজিক অর্থনৈতিক লক্ষ্যকে দুভাবে বিভক্ত করে সব্যসাচী শুধু প্রথমটিকে স্বীকার করে নিয়েছিল।"

বিপ্লবের প্রাথমিক লক্ষ্য যে স্বাধীনতা তা পথের দাবিতে সব্যসাচী বলছেন, "... ভারতের স্বাধীনতাই আমার একমাত্র লক্ষ্য, আমার একটিমাত্র সাধনা। এই আমার ভাল, আমার কোথাও কিছু নাই।" একদল স্বাধীনতা আন্দোলনের পরিবর্তে সমাজসেবার উপর গুরুত্ব দিত যেন স্বাধীনতা আন্দোলনের চেয়ে তাদের কাছে এটাই আসল কাজ। এইসব দেখে সব্যসাচী ভারতীকে বলেছেন, "দেশের মধ্যে এমন ঢের ভালো কাজ করে। আর্তের সেবা, নরনারীর পুণ্য সঞ্চয়ে প্রবৃত্তি দান করা, লোকের জবর ও পেটের অসুখে উধ জোগানো, জল-প্লাবনে সাহায্য ও সান্তনা দেওয়া... তারাও তোমাকে পথ দেখিয়ে দেবেন, ভারতী, কিন্তু আমি বিপ্লবী। আমার মায়া নেই, দয়া নেই, স্নেহ নেই... পাপ-পুণ্য আমার কাছে মিথ্যা পরিহাস।"

সত্যি কি দয়া-মায়া-নেহ নেই সব্যসাচীর। তা না। এগুলো শুধু ইংরেজ শাসকের জন্য। নির্মম, দায়ামায়াহীন। এমনকী গান্ধিবাদীরাও তাই প্রচার করত। অথচ অপূর্ব বিপ্লবী দলের গোপন কথা পুলিশকে ফাঁস করে দেওয়ায় দলের সকলেই তাকে মৃত্যুদণ্ডের সিদ্ধান্ত নিল। কিন্তু সব্যসাচী তা হতে দিলেন না, অথচ যার ফলে তারই জীবন বিপন্ন হচ্ছিল।

সেই যুগে শরৎচন্দরে মার্কসবাদী নন অথচ তার কথায়, "তার (গান্ধিজির) আসল ভয় তত বিপ্লবকে। তাকে ধনিক, ব্যবসায়ীগম ঘিরে রয়েছে। সমাজতান্ত্রিকদের কীভাবে গ্রহণ করবেন।"

তাই স্বাধীনতা আন্দোলনে দেশের রাজনীতিতে ধনীদের নিয়ন্ত্রণ তাদের স্বার্থেই তা তিনি দেখাতে পেরেছেন বলেই "তরুণের বিদ্রোহ" ভাষণে বলেছেন, "এখন রাজা নেই, আছে রাজশক্তি। এবং সেই শক্তি আছে জনকয়েক বড় ব্যবসাদারদের হাতে। হয় স্বহস্তে করেন, না হয় লোক দিয়ে করান।

বণিক বৃত্তিই এখন রাজনীতি শোষণের জন্যেই শাসন।" সেদিন এভাবে শরৎচন্দ্রে মতো দেশবাসীদের কেউ সতর্ক করে দিতে পারেননি।

চরকা কাটা নিয়ে একদিন গান্ধিজির কথার পরিপ্রেক্ষিতে শরৎচন্দ্র বলেছিলেন, "আমি বিশ্বাস করি অহিংস আন্দোলন প্রকৃতপক্ষে কাদের খুশি করে, সে ব্যাপারে "পথের দাবি"তে সব্যসাচীর একটি কথা থেকে পরিষ্কার বোঝা যায়, "... সুন্দরবনের মধ্যে নিরন্তর দাঁড়িয়ে শান্তির বাণী কথা..." তিনি শুধু সংস্কারবাদী আন্দোলনকে দিয়েছেন তাদের পথ। "পথের দাবি"তে দেখিয়েছেন যা তিনি ছাত্রযুব সমাবেশে বারবার বলতেন, "বিপ্লবের সৃষ্টি মানুষের মনে, অহেতুক রক্তপাত নয়। তাই ধৈর্য ধরে অপেক্ষা করতে হয়। ক্ষমাহীন সমাজ, শ্রীতিহীন ধর্ম, জাতিগত ঘৃণা, অর্থনৈতিক বৈষম্য, মেয়েদের প্রতি চিত্তহীন কঠোরতা এর আমূল প্রতিকারের বিপ্লিবপন্থাতেই শুধু রাজনৈতিক বিপ্লব সম্ভবপর হবে।" সুতরাং তখন এই সাংস্কৃতিক আন্দোলনকে সকল মতবাদীরা অবহেলা করেছেন। "পথের দাবিতে বলছেন শশী কবিকে, "তুমি প্রাণ খুলে শুধু সামাজিক বিপ্লবের গান শুরু করে দাও। যা কিছু সনাতন, যা কিছু প্রাচীন, জীর্ণ, পুরাতন... ধর্ম, সমাজ সংস্কার... সমস্ত ভেঙুরে ধ্বংস হয়ে যাক।" যে বিপ্লবে আসবে প্রকৃত স্বাধীনতা যা ভিক্ষার পথ, আবেদন নিবেদনের পথে আসে না, তার জন্য প্রয়োজন বিপ্লবের পথে যুবকদের রক্ত। যা তিনি "তরুণের বিদ্রোহ" বক্তৃতায় বলেছেন, "স্বাধীনতা শুধু একটি নামমাত্রই নয়। দাতার দক্ষিণ হস্তের দানেই তো একে ভিক্ষার মচো পাওয়া যায় না। এর জন্য মূল্য দিতে হয়। কোথাও মূল্য? কার কাছে আছে? আছে শুধু যৌবনের রক্তের মধ্যে সঞ্চিত সেই যৌবনের রক্ত তখনই মূল্য দেবে যখন সে হয়ে উঠবে যথার্থ মানুষ। এই যথার্থ মানুষ হওয়ার বলতে কি বোঝায় তা পথের দাবিতে বলেছেন, মানুষ হয়ে জন্মানোর মর্যাদাবোধকেই মানুষ হওয়া হলে। মৃত্যুর ভয় থেকে মুক্তি পাওয়াকেই মানুষ হওয়া বলে। সশস্ত্র বিপ্লবের বিরুদ্ধে যাঁরা অহিংস ও শান্তিপূর্ণ আন্দোলনের কথা বলেছেন, তাঁদের চরিত্র আরো একবার চিনিয়ে দিলেন সব্যসাচীর কথার মধ্যে দিয়ে—শান্তি শান্তি শান্তি। শুনে শুনে কান একেবারে ঝালাপালা হয়ে গেছে। কিন্তু এ অসত্য এতদিন ধরে কারা প্রচার করছে জানো। যার পরের শান্তি হরণ করে, পরের রাস্তা জুড়ে অট্টালিকা প্রাসাদ বানিয়ে বসে আছে তারাই এই মিথ্যা মন্ত্রকের ঋষি। বঞ্চিত পীড়িত উপদ্রুত নয়নারীর কানে অবিশ্রন্ত এই মন্ত্র জপ করে তাদের এমন করে তুলেছে যা তারাই আজ অশান্তির নামে চমকে ওঠে। ভাবে এ বুঝি পাপ, এ বুঝি অমঙ্গল। বাঁধা গোরুকে অনাহারে দাঁড়িয়ে মরতে দেখেছ? সে দাঁড়িয়ে মরে তবু সে জীর্ণ দড়িটা ছিঁড়ে ফেলে মনিবের শান্তি নষ্ট করে না।

এমনকী বিপ্লবী উদ্দেশ্যবর্জিত নিছক অর্থনৈতিক দাবিতে শ্রমিক ধর্মঘটকে দেশে নিছক বিপ্লবের জন্যই বিপ্লব বাঁধানো যায় না, একটা কিছু অবলম্বন তার চাইই চাই। সেই তো আমার অবলম্বন। যে মূর্খ একথা জানে না, শুধু মজুরির কমবেশি নিয়ে ধর্মঘট বাধাতে চায় সে তাদেরও ক্ষতি করে, দেশেরও করে।"

যখন বিপ্লবীরা বিপ্লবের অগ্নিশিখা জ্বালিয়ে তুলছে আত্মবলিদানে, তখন তাদের পাশে দেশের জনগণ ছিল না, অনেকে আশ্রয় দিতে চাইত না। সেই দুঃখে সব্যসাচী সেদিনের দেশবাসী সম্পর্কে বলেছেন, "তারা ত এ কাজ করতে আমাদের বলে না। বরং আমরা তাদের স্বস্তির বাধা, আরামের অন্তরায়। ... বিদেশির হুকুমে সে ফাসি তার দেশের লোকই তার গলায় বেঁধেছে" এই হচ্ছে স্বদেশি আন্দোলন যুগের প্রথম অধ্যায়ের বিপ্লবীদের মর্মান্তিক অভিজ্ঞতা। ব্রিটিশদের অত্যাচার থেকেও এই দুঃখ, এই যন্ত্রণা ছিল আরও কষ্টকর। দেশকে ভালবাসার পুরস্কার হিসেবে বিপ্লবীরা তখন কী পেয়েছে তা 'পথের দাবিতে আরও এক জায়গায় বলেছেন, তো হল কৃতঘ্ন। যাদের সেবা করবে তারাই

তোমাকে সন্দেহের চোখে দেখবে, প্রাণ দিতে চাইবে। মূঢ়তা আর অকৃতজ্ঞতার প্রতি পদক্ষেপে তোমায় ছুঁচের মতো বিধবে। শ্রদ্ধা নেই, স্নেহ নেই, কেউ কাছে ডাকবে না, কেউ সাহায্য করতে আসবে না, বিষধর সাপের মতো তোমাকে দেখে লোকে দূরে সরে যাবে। দেশকে ভালবাসার এই আমাদের পুরস্কার।"

আদর্শের প্রশ্নে কখনো তিনি কারো সঙ্গে করেননি। একবার দেশবন্ধু শরৎচন্দ্রকে অনুরোধ করেছেন, তিনি সশস্ত্র হননি। আর একবার দেশবন্ধুর বাড়িতে গান্ধিজি বিপ্লবীদের ১৪১০৭ বলেছেন। সঙ্গে সঙ্গে শরৎচন্দ্র দৃপ্তকণ্ঠে প্রতিবাদ করে বলেছেন, "মতপার্থক্যের কারণে আপনি যদি তাদের ১৯১০৭ বলতে পারেন, তাহলে একই কারণে আমিও আপনাকে তা বলতে পারি।" তাই "পথের দাবি"তে সব্যসাচী এক জায়গায় অসহযোগ আন্দোলন তুলে নেন এই বলে যে আন্দোলন সহিংস হয়ে পড়ছে। তখন শরৎচন্দ্র অত্যন্ত রেগে গিয়ে বলেছিলেন, "এ টিপে আন্দোলনের অপমৃত্যু ঘটানো।... ১, এতবড় বিরাট দেশের মুক্তি সংগ্রামে রক্তপাত হবে না? হবেই তো। রক্তের গঙ্গা বয়ে যাবে চারিদিকে... সেই শোণিত প্রবাহের মধ্যেই তো ফুটবে স্বাধীনতার রক্তকমল।"

ভারতবর্ষের এই রক্তকমলে ইংরেজের ভয়। তাই "পথের দাবি প্রকাশ হওয়ার পরে ইংরেজ সরকার বাজেয়াপ্ত করে। এর প্রতিবাদ করার জন্য রবীন্দ্রনাথকে অনুরোধ করেন শরৎচন্দ্র। রবীন্দ্রনাথ উত্তরে বলেন, "বইটি উত্তেজক। অর্থাৎ ইংরেজের বিরুদ্ধে পাঠকের মনকে প্রসন্ন করে তোলে। ...শক্তিমানের দিক দিয়ে দেখলে তোমাকে কিছু না বলে তোমার বইকে চাপা দেওয়া প্রায় ক্ষমা।" তার অনুরোধে রবীন্দ্রনাথের এই প্রত্যাখ্যানের উত্তরে তিনি লিখেছেন, "... বাঙলা দেশের গ্রন্থকার হিসেবে গ্রন্থের মধ্যে যদি মিথ্যার আশ্রয় না নিয়ে থাকি, এবং তৎসত্বেও যদি রাজরোষের শাস্তি ভোগ করতে হয় ত করতেই হবে... তা মুখ বুজেই করি বা প্রয়োজন নয়? প্রতিবাদেরও দণ্ড আছে এবং মনে করি তারও পুনরায় প্রতিবাদ হওয়া আবশ্যক। নইলে গায়ের জোরকেই পথের দাবি ভারতের স্বাধীনতা আন্দোলনে বিপ্লবী ধারাকে প্রচার করলেও, অপর ধারাকে কেবল যুক্তিহীন ভাবাবেগ দ্বারা ভুল প্রমাণ করার চেষ্টা করেননি। স্বাধীনতা আন্দোলনের সব ধারাতেই তখন নেতারা ধর্মীয় প্রভাবমুক্ত ছিলেন না। যদিও আগেই ধীয় প্রভাবমুক্ত মানবতার ঝান্ডা তুলে ধরেছিলেন প্রথম বিদ্যাসাগর। কিন্তু তারপর যখন আধ্যাত্মিক পথে হাটলেন বঙ্কিমচন্দ্র, রামকৃষ্ণ, বিবেকানন্দ, রবীন্দ্রনাথ, ঠিক এই পরিবেশে শরকচন্দ্র সম্পূর্ণভাবে আধ্যাত্মবাদ ও এঁতিহ্যবাদের বিরুদ্ধে বলিষ্ঠভাবে দাঁড়ালেন। সে যুগে বিপ্লবীরা গীতা হাতে শপথ নিতেন। ফলে, ধর্মীয় চিন্তার প্রভাব বিপ্লবীদের মধ্যেও প্রচণ্ড ছিল। কিন্তু "পথের দাবিতে সব্যসাচীকে দিয়ে বলালেন, "সমস্ত ধর্ম মিথ্যা... আদিম যুগের সনু, সি মানবতার গতর সর আর ধর্মীয় চিন্তা থেকে মুক্ত না থাকার ফলে বিতর্ক ছিল সেদিন। শরকচন্দ্রই প্রথম "পথের দাবিতে বিপ্লবী নারীচরিত্র সৃষ্টি করে দেখালেন সুমিত্রাকে। আর সেই চিন্তায় প্রভাবিত হলেন মাস্টারদা। খাঁর প্রভাবে শ্রীতিলতার নাম সকল মানুষের হৃদয়ে।

বিপ্লবী কল্পনা দত্ত আর শ্রীতিলত সব্যসাচীর চেয়ে বড়, না সব্যসাচীর মতো। শরৎচন্দ্র এক সভায় বলেছন, সব্যসাচী চরিত্র তিনি কাউকে দেখে সৃষ্টি করেননি। অনেক চরিত্রের গুণাবলী থেকে নিয়েই তার চরিত্র। তাই ছাত্র-যুবকদের বলেছেন, "আমার হও" ভারতবর্ষের বিপ্লবীদের তথা বাংলার শরৎচন্দ্র। তার "পথের দাবি" বিপ্লবীদের কাছে ছিল আর এক গীতা।(সৌজন্যে দৈ: স্টেটসম্যান)

# রক্ষক ও রক্ষণীয়া

শতাব্দী দাশ

পশুপ্রেমিকদের হাজার আপত্তি সত্ত্বেও নৃকেন্দ্রিক দর্শন দৃষ্টিভঙ্গির প্রভাবে মানুষের সঙ্গে পশুর তুলনা যখন হয়, তখন তা সচরাচর সদর্থে হয় না। যেম, 'পাশবিক' স্বভাব বলতে মনুষ্যেতর স্বভাব বোঝায়, যদিও মানুষের মতো নিষ্ঠুরতা প্রদর্শন পশুদের পক্ষে অনেক ক্ষেত্রেই অসম্ভব। চাণক্য-শ্লোকে নারী, নদী, নখী (নখরধারী পশু ) ও রাজাদের বিশ্বাস করতে বারণ করা হয়েছে। আবার কাতারে পরিযায়ী নেপালি শ্রমিকরা যখন বলেন, তাঁদের সঙেগ 'গবাদি পশুর মতো আচরণ করা হয়', তখন তাঁর দীর্ঘ কর্মসময়,স্বল্প মজুরি, শ্রমিক রূপে বঞ্চনার কথা বলেন। বলতে চান, তাঁদের পশুর মতো খাটানো হচ্ছে। জেলবন্দি কয়েদি যখন একই কথা বলেন, তখন হয়তো খুঁটে-বাধা পশুর সঙ্গে নিজের বন্দিদশার তুলনা টানেন।

অর্থাৎ, যুগ যুগ ধরে 'মানুষের নৈতিক উচ্চতা', 'মানবিক মূল্যবোধ', 'মনুষ্যোচিত মর্যাদা'-র কথা শুনে শুনে মানুষ সাধারণত পশুর চেয়ে ঈষৎ বেশি সম্মান দাবি করে। জীবন পশুর তুলনা হিসাবে বিরেচিত হয়। এই প্রেক্ষিতেই উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ নিন্দিত হয়েয়েন পশুর সঙ্গে নারীর তুলনা টেনে। বলা বাহুল্য, নেট-নাগরিকের রোষানলে পড়ার ইচ্ছা। তাঁর ছিল না আসন্ন ভোটের মরশুম মাথায় রেখে তিনি রক্ষকের বূমিকায় অবতীর্ণ হয়ে বোঝাতে চেয়েছিলেন, তাঁর আমলে তথা ছত্রচ্ছায়ায় পশু ও নারীর নিরাপদে আছে। এই 'রক্ষক' শব্দটির ভূমিকা গুরুত্বপূর্ণ। হিন্দুশাস্ত্র অনুসারে, পুরুষ (বর্ণগতভাবে ক্ষত্রিয়, তবে এখনও কখনও ব্রাহ্মণও) গোধন তথা নারীর রক্ষক। মহাভারতে গো-সম্পদ রক্ষা রাজার ধর্ম। পাণ্ডবদের অজ্ঞাতবাস-কালি বিরাট রাজার গোধন চুরি করে অর্জুনের হাতে জব্দ হয়েছিল প্রতিবেশী রাজা সুশর্মা। রবীন্দ্রনাথের চিত্রাঙ্গদার নারী শাসিত রাজ্যে এসে এই অর্জুনের আবার বনচরকে জিজ্ঞেস করলেন, 'এ রাজ্যের রক্ষক কেহ নাই?', এবং পরবর্তীতে ততোধিক আশ্চর্য হয়ে বলেন, 'এ রাজ্যের রক্ষক রমণী!' সে কাজ যে পুরুষের শোভা পায় নারী তো রক্ষক নয়, হবে রক্ষণীয়া। যোগী আদিত্যনাথ দখনউতে দলের সদর দফতরে বলেছেন, যখনই আমাদের কার্যকর্তারা কোথাও যেতেন, পরিবারের মহিলারা তাঁদের জিজ্ঞেস করতেন, " আমরা কি কখনও নিরাপদ বোধ করব না?" আগে আমাদের মেয়েরা, বোনেরা নিরাপত্তাহীনতায় ভূগত। এমনকী, একটি গরুর গাড়ি পশ্চিম ইউপি দিয়ে গেলেও, গরু-বলদ-ষাঁড় নিরাপদ বোধ করতে না কিন্তু অজা গরু, মহিষ, ষণাড়, বলদ বা মহিলাদের কি আর বলপূর্বক তুলেনিয়ে যাওয়া যায়?"

নারীকে 'বলপূর্বক তুলে নিয়ে যাওয়া' বলতে যদি অপহরণ, ধর্ষণ ইত্যাদি বোঝানো হয়ে থাকে, তবে মনে রাখা আবশ্যক যে নারীর বিরুদ্ধে এহেন অপরাধের ক্ষেত্রে উত্তরপ্রদেশের স্থান ভারতের রাজ্যগুলির মধ্যে উপরের দিকেই থাকে। বিবাহ-বিরোধী আইন পাস হয়েছে। সেখানে নারী স্বেচ্ছায় বিধর্মীকে বিবাহ



বিরোধী আইন পাস হয়েছে। সেখানে নারী স্বেচ্ছায় বিধর্মীকে বিবাহ করলেও যে তাকে 'অপহরণ' বলে সন্দেহ করা হচ্ছে, তেমন নজিরও বরল নয়। শুধু উত্তরপ্রদেশেই বা কেন, দেশজুড়ে নারীর প্রতি সাধারণ মনোভাব যা, তা খুব মর্যাদার নয়। সম্প্রতি, মুম্বাইতে যে ধর্ষণ ঘটল, তা আবারও নারীর নিরাপত্তাহীনতাকে প্রকট করল। শুধু যৌনতার ক্ষেত্রে না, সাংসারিক বা সামাজিক যে কোন ক্ষেত্রেই নারীর স্বাধীন ইচ্ছার প্রকাশ ঘটবে না এটাই কাম্য। পালিত পশুর থেকেও মানুষ এমনাই চায়। একবার ক্রীত হলে আজীবন পশুটি বিনা পারিশ্রমিকের মালিকের খিদমতে হাজির থাকে। একইভাবে, নারীর গার্হস্থ্য শ্রম ও অবৈতনিক। কোভিড-আক্রান্ত পরিবারে বধুটির অবস্থাই সবচেয়ে বিপজ্জনক হওয়ায় তাকে হাসপাতালে নিয়ে যেতে এসেছিল পুরসভা। বিনা পারিশ্রমিকের শ্রম থেকে বঞ্চিত হতেহবে বলে পরিবার রাজি হচ্ছিল না। এ ঘটনা গত বছর বঙ্গেই ঘটেছে। বিবাহিত নারীর গর্ভস্থ সন্তানাদি নারীর নয়, পিতৃপিরিবারের। পশুমাতার সন্তানাদিও মালিকেরই সম্পদ। পিতৃতান্ত্রিক সমাজে যোগী আদিত্যনাথ কৃত তুলনাটি তাই আপত্তিকর হলেও সুপ্রযুক্ত। 'মাত্রুভূমি' নামক ডিসটোপিক, দুঃস্বপ্নতুল্য ছবিটি মনে পড়ে। গ্রামের এখ পুরুষ কোনও নারী না পেয়ে গরুকেই ধর্ষণ করে। পরবর্তীকালেগ্রামের একমাত্র বধুটি গরুরই খুঁটে, গোশালায় বাঁধা থাকে। তাকে ধর্ষণ করে চলে সকল পুরুষ, একে একে প্রত্যেক । কিন্তু নারীসুরক্ষায় উত্তরপ্রদেশের সুনাম না থাকলেও, আলোচ্য উক্তির বক্তা গোরক্ষক হিসাবে বাস্তবিকই খ্যাত। শুধুমাত্র সে কারণেই খানিক ঘটনা লাগে। নারী কী আদৌ গবাদি পশুরও তুল্য এ ভাবতে? রাজা নহুষের এক উপাখ্যানে আছে, মহর্ষি চাবনের মূল্য হিসাবে যখন তাঁর সমগ্র রাজ্যও অকিঞ্চিৎকর বিবেচিত হয় তখন এক তপস্বী বলেন, গো এবং ব্রাহ্মণ উভয়ই অমূল্য। তাই মহর্ষির মূল্যস্বরূপ একটি গাভীই উপযুক্ত বলে বিবেচিত হয়। রাজা নহুষও সমস্যামুক্ত হন। অন্যদিকে নারী মনুসংহিতা-যা বারবার উচ্চারিত হয়েছে শূদ্রের সঙ্গে এক পঙ্‌ক্তিতে। ২০১০ থেকে ২০১৭ সাল পর্যন্ত সাত বছরে গরু বাঁচানোর ৬৩টি হামলায় নাকি ২৮ জন মানুষ নিহত। অতএব, গরুর প্রতি যোগী আদিত্যনাদের যে-দৃষ্টিভঙ্গি, তার সঙ্গে কি নারীর প্রতি তাঁদের দৃষ্টিভঙ্গির আদৌ তুলনা করা যায়?

এই সূত্রে আলোকচিত্রী সুজাত্র ঘোষের শোরগোলে ফেলা বিতর্কিত সিরিজটি স্মরণে এল। বারতের জনপ্রিয় পর্যটনস্থান, সরকারি ভবন, সড়খ, নৌকা, ট্রে াড়িতে নারীর মডেলদের গরুর মুখোশ পরিয়ে ছবি তুলতে শুরু করেন তিনি। ইন্ডিয়া গেটের সামনে প্রকল্পের প্রথম ছবিটি তোলেন। দ্বিতীয়টি তোলেন রাষ্ট্রপতি ভবনের সামনে। শিল্পী হয়তো বোঝাতে চেয়েছিলেন, নিজ মুকের চেয়ে ওই মুখোশই নারী বেশি নিরাপদও সম্মাননীয়। হুমকি থেকে প্রশংসা নানা প্রতিক্রিয়া জুটেছিল তাঁর। বিহ্বল সাধারণ ভারতীয় নারীর তাই এহেন তুলনায় বিদ্রূপ ছোড়ার অবকাশ নেই। বরং গরুর প্রাপ্য মর্যাদার সঙ্গে নিজের মর্যাদার তুলনা করে অপমানিত বোধ করবে না আশ্বস্ত বোধ করবে---তা নিয়ে সে হয়তো দোলাচলে ভুগছে। সে-কারণেই বোধ রি, রাগে ফেটে পড়ছে না অর্ধেক আকাশ। এই অ্যাবসার্ড নৈঃশব্দ্যের পরাবাস্তবতা কি ডিসটোপিয়ায় স্বাভাবিক নয়?

(সৌজন্যে প্রতিদিন)



কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিন কুমার চৌবে এবং মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আগরতলায় যুব মোর্চার নবভারত মেলা অনুষ্ঠানে। ছবি ঃ নিজস্ব।

## সিএজি-র সাফল্যে টুইটে সন্তোষ রাষ্ট্রপতির

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি . স.) : সিএজি-র সাফল্যে টুইটে সন্তোষ প্রকাশ করলেন ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। টুইটে তিনি শনিবার লিখেছেন, "জাতিসংঘের মতো বিভিন্ন গুরুত্বপূর্ণ বহুপাক্ষিক সংস্থার নিরীক্ষার দায়িত্বের জন্য সিএজি নির্বাচিত হয়েছে। এটি ভারতের মৃদু শক্তির স্বীকৃতিস্বরূপ। আমি এই সাফল্যের জন্য বিভাগের পেশাদারিত্বের প্রশংসা করি। বৈশ্বিক জলবায়ু পরিবর্তন চ্যালেঞ্জ এবং পরিবেশ সুরক্ষার জন্য ভারত গুরুত্বপূর্ণ দায়িত্ব গ্রহণ করেছে। আমাকে জানানো হয়েছে যে সিএজি পরিবেশগত নিরীক্ষার ক্ষেত্রে সক্ষমতা তৈরির ব্যবস্থা নিয়েছে। আমাদের ভবিষ্যতের জন্য এটা খুবই স্বাগতপূর্ণ পদক্ষেপ!" হিন্দুস্থান সমাচার/ অশোক

## ২৪ ঘন্টায় মৃত্যু ৬৩ জনের, পাকিস্তানে করোনা-মুক্ত ১.১২-কোটির বেশি

ইসলামাবাদ, ১৮ সেপ্টেম্বর (হি.স.): পাকিস্তানে ধীরে ধীর কমছে করোনা-আক্রান্ত রোগীর সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২,৫১২ জন। শুক্রবার সারাদিনে পাকিস্তানে মৃত্যু হয়েছে ৬৩ জনের। পাকিস্তানে এযাবত করোনা কেড়ে নিয়েছে ২৭,১৩৫ জনের প্রাণ এবং মোট আক্রান্তের সংখ্যা ১ কোটি ২২ লক্ষ ১২ হাজার ৬১ জন। ইতিমধ্যেই সুস্থ হয়েছেন ১ কোটি ১২ লক্ষ ৯৫ হাজার ৬২ জন। শনিবার পাকিস্তানের স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২,৫১২ জন এবং মৃত্যু হয়েছে ৬৩ জনের। সবমিলিয়ে পাকিস্তানে এখনও পর্যন্ত আক্রান্তের সংখ্যা বেড়ে হল ১,২২১,২৬১। পাকিস্তানে এই মুহূর্তে সক্রিয় রোগীর সংখ্যা ৬৪,৫৬৪। পাকিস্তানে পজিটিভিটি রেট ৪.৪ শতাংশ।

## ভারতে জাত ও ধর্মের ভিত্তিতে বৈষম্য করা হয় না : রাজনাথ সিং

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): জাত ও ধর্মের ভিত্তিতে বৈষম্য করা হয় না ভারতে। ভারতই একমাত্র দেশ যে দেশে ঋষিরা সমগ্র বিশ্বকে পরিবার মনে করতেন। বললেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। অযোধ্যায় রাম মন্দিরের জন্য ১১৫টি দেশ থেকে আসা জল সংগ্রহের একটি অনুষ্ঠানে শুক্রবার কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, 'ভারতীয়রা হিংসা অবলম্বন করেননি। সুপ্রিম কোর্টের রায়ের পরই রাম মন্দির নির্মাণ কাজ শুরু হয়। এটি ভারতীয়দের ইতিবাচক পন্থা। ভারত একটি দেশ, যে দেশে জাত ও ধর্মের ভিত্তিতে বৈষম্য করা হয় না।'
প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আরও বলেছেন, 'ভারতই একমাত্র দেশ যে দেশে ঋষিরা সমগ্র বিশ্বকে পরিবার মনে করতেন এবং বসুধৈব কুটুম্বকম-এর বার্তা দিয়েছিলেন। জলাভিষেক ও নির্মাণের জন্য সমস্ত দেশ থেকে জল আসা উচিত।'

## রাজ্যসভা উপ-নির্বাচনে অসমে বিজেপির প্রার্থী সোনোয়াল, মধ্যপ্রদেশে এল মুরুগান

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): আসন্ন রাজ্যসভা উপ-নির্বাচনে দু"জন প্রার্থীর নাম ঘোষণা করল ভারতীয় জনতা পার্টি (বিজেপি)। অসমে রাজ্যসভা উপ-নির্বাচনে বিজেপির পক্ষ থেকে প্রার্থী করেছে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়ালকে, পাশাপাশি মধ্যপ্রদেশ থেকে রাজ্যসভা উপ-নির্বাচনে প্রার্থী করা হয়েছে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী এল মুরুগানকে।
উপ-নির্বাচনে অসম থেকে প্রার্থী ঘোষিত হওয়ার পর কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল বলেছেন, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বি এল সন্তোষ ও অন্যান্যদের অসংখ্য ধন্যবাদ। তাঁরা আমাকে একটি সুযোগ দিয়েছেন। ভবিষ্যতে সততার সঙ্গে দেশের স্বার্থে আমি কাজ করব।'

## ২৪ ঘন্টায় মৃত্যু-হীন দিল্লি, সংক্রমণের হার বেড়ে ০.০৬ শতাংশ

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): রাজধানী দিল্লিতে কিছুটা বাড়ল করোনাভাইরাসের সংক্রমণ, আগের দিনের তুলনায় বেড়েছে সংক্রমণের হারও। তবে, বিগত ২৪ ঘন্টায় দিল্লিতে মৃত্যু হয়নি কারও, এই সময়ে নতুন করে করোনাভাইরাসে সংক্রমিত হয়েছেন ৪১ জন। ফলে দিল্লিতে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ১৪ লক্ষ ৩৮ হাজার ৪৬৯ জন এবং মৃত্যু হয়েছে ২৫ হাজার ৮৫ জনের। দিল্লিতে ইতিমধ্যেই সুস্থ হয়েছেন ১৪ লক্ষ ১২ হাজার ৯৮০ জন, তাঁদের মধ্যে বিগত ২৪ ঘন্টায় সুস্থ হয়েছেন ৪৪ জন। শনিবার দিল্লির স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে বুলেটিনে জানানো হয়েছে, রাজধানী দিল্লিতে এই মুহূর্তে মোট চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা ৪০৪ জন। দিল্লিতে পজিটিভিটি রেট এই মুহূর্তে ০.০৬ শতাংশ।

## ৪.৩ তীব্রতার ভূমিকম্প লাদাখে, শ্রীনগরের ২৮০ কিলোমিটার দূরে কম্পন

লেহ, ১৮ সেপ্টেম্বর (হি.স.): মৃদু তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখ। শনিবার সকালে লাদাখে হালকা তীব্রতার ভূকম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৪.৩। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলোজি জানিয়েছে, শনিবার সকাল ১০.১৪ মিনিট নাগাদ মৃদু তীব্রতার ভূকম্পন অনুভূত হয় লাদাখে। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৪.৩। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলোজি আরও জানিয়েছে, ভূমিকম্পের উতসস্থল ছিল শ্রীনগর থেকে ২৮০ কিলোমিটার উত্তর-উত্তর-পশ্চিমে এবং গুলমার্গ থেকে ২৭০ কিলোমিটার উত্তর-উত্তর পশ্চিমে, ভূপৃষ্ঠের ৩০ কিলোমিটার গভীরে। ৩৬.৩৬ অক্ষাংশ এবং ৭৩.৪৭ দ্রাঘিমাংশ। এদিনের ভূকম্পনে ক্ষয়ক্ষতির কোনও খবর পাওয়া যায়নি।

## ভক্তদের জন্য উন্মুক্ত পুরীর জগন্নাথ মন্দির আগে সপ্তাহে ৫ দিন থাকত খোলা

পুরী, ১৮ সেপ্টেম্বর (হি.স.): ভক্তদের জন্য সুখবর! শনিবার থেকে ভক্তদের জন্য উন্মুক্ত করে দেওয়া হল পুরীর জগন্নাথ মন্দির। আগে জগন্নাথ মন্দির খোলা থাকত সপ্তাহে পাঁচ-দিন, ওই পাঁচ-দিনই মন্দিরে প্রবেশ করতে পারতেন ভক্তরা। এবার থেকে প্রতিদিনই ভক্তদের জন্য খোলা থাকবে জগন্নাথ মন্দির। ধীরে ধীরে ধাপে ধাপে ভক্তদের জন্য খুলে দেওয়া হল জগন্নাথ মন্দির।
করোনা-পরিস্থিতির কারণে চলতি বছরের ২৪ এপ্রিল থেকে ভক্তদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছিল শ্রী জগন্নাথ মন্দিরে। করোনা-পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে আসার পর আগস্ট মাস থেকে ভক্তদের জন্য খুলে দেওয়া হয় জগন্নাথ মন্দির, তবে ভক্তদের জন্য জগন্নাথ মন্দির খোলা থাকত সপ্তাহে পাঁচ-দিন। এবার শনিবার থেকে ভক্তদের জন্য উন্মুক্ত করে দেওয়া হল জগন্নাথ মন্দির। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## সোদপুরের ফ্ল্যাটে জোড়া দেহ উদ্ধার, তদন্তে পুলিশ

উত্তর ২৪ পরগনা, ১৮ সেপ্টেম্বর (হি.স.): উত্তর ২৪ পরগনার সোদপুরে রহস্যজনক মৃত্যু হল পৌঢ়া ও তাঁর ছেলের। ফ্ল্যাটের মেঝেতে পড়ে ছিল প্রৌঢ়ার নিথর দেহ, পাশের ঘরে গলায় ফাঁস দেওয়া অবস্থায় ওই প্রৌঢ়ার ছেলের দেহ উদ্ধার হয়েছে। বাইরে থেকে দরজা ছিল খোলা। শুক্রবার রাতে সোদপুরের ঘটনা। পুলিশ জানিয়েছে, ওই প্রৌঢ়ার নাম কামনা সিনহা (৬৭) ও ছেলের নাম দত্তাত্রেয় সিনহা (২২)। তাঁরা সোদপুর কেয়া মোড়ের কাছে একটি আবাসনের একতলায় থাকতেন।
ফ্ল্যাটের দরজা খোলা থাকায় বাইরে থেকে একজন প্রতিবেশী দেখেন ঘরের মেঝেতে পড়ে রয়েছে প্রৌঢ়ার নিথর দেহ। এর পরেই দেখা যায়, পাশের ঘরে গলায় ফাঁস দেওয়া অবস্থায় রয়েছেন ওই প্রৌঢ়ার ছেলে। খবর দেওয়া হয় পুলিশে, পুলিশ দু'জনকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মা ও ছেলেকে মৃত বলে ঘোষণা করেন।প্রতিবেশীরা জানিয়েছেন, প্রায় ১৪ বছর আগে প্রৌঢ়ার স্বামী সুবেশের মৃত্যু হয়েছে। অরুণাচল প্রদেশের একটি স্কুলের শিক্ষিকা ছিলেন ওই প্রৌঢ়া। দত্তাত্রেয়ও কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাশ করার পরে চাকরির চেষ্টা করছিলেন। কীভাবে তাঁদের মৃত্যু হল, তা তদন্ত করে দেখছে পুলিশ।

## মোদীর সমালোচনা, নুসরতের মন্তব্য উপেক্ষা করার বার্তা তথাগত রায়ের

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : "গিমিক ছেড়ে উন্নয়নে মন দিন"। শুক্রবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্দেশে এই মন্তব্য করেছিলেন তৃণমূলের তারকা অভিনেত্রী নুসরত জাহান। শনিবার তার জবাব দিলেন ত্রিপুরা ও মেঘালয়ের প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।
তথাগতবাবু টুইটে লিখেছেন, "তৃণমূলে দেড়জন নেতা। বাকিরা সব দাবাখেলার বোড়ে। এটা আরও নিচুস্তরের, বোড়েও নয়, ফড়ে। মমতাকে তৈলমর্দন করে 'জাতে ওঠার' চেষ্টা করছে। ওনাকে উপেক্ষা করুন।" এর আগে নুসরত সামাজিক মাধ্যমে লিখেছিলেন, "টিকটক নিষিদ্ধ কেন্দ্র সরকারের হঠকারী সিদ্ধান্ত"। এই পোস্টটিও প্রতিক্রিয়ায় যুক্ত করেছেন তথাগতবাবু।

## কাউকে পিছন থেকে ছুরি মারে না শিবসেনা : সঞ্জয় রাউত

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): মহারাষ্ট্রের রাজনৈতিক মহলে নতুন করে গুঞ্জন শুরু হয়েছে, শিবসেনার সঙ্গে জোট করতে চাইছে বিজেপি। এই জল্পনার প্রেক্ষিতে শনিবার শিবসেনা নেতা সঞ্জয় রাউত জানালেন, কাউকে পিছন থেকে ছুরি মারে না শিবসেনা। তাঁর মতে শিবসেনার এমন কোনও অভ্যাস নেই। একইসঙ্গে সঞ্জয় জানিয়েছেন, শিবসেনা প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করে। বিজেপির সঙ্গে সম্ভাব্য জোটের বিষয়ে এদিন সকালে সঞ্জয় রাউত বলেছেন, 'মহারাষ্ট্র সরকার ৫ বছর ক্ষমতায় থাকার অঙ্গীকার করেছে। শিবসেনা প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করে। যদি কেউ মুখ্যমন্ত্রীর (ভবিষ্যতের বন্ধু) মন্তব্যে আনন্দিত বোধ করেন, তাহলে তা ৩ বছরের জন্য হতে দিন। কাউকে পিছন থেকে ছুরি মারে না শিবসেনা।' হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## তামিলনাড়ু রাজ্যপাল হিসেবে শপথ আর এন রবির, বললেন জনগণের সেবার জন্য মুখিয়ে আছি

চেন্নাই, ১৮ সেপ্টেম্বর (হি.স.): তামিলনাড়ুর নতুন রাজ্যপাল হিসেবে শপথ নিলেন নাগাল্যান্ডের প্রাক্তন রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি। শনিবার চেন্নাইয়ের রাজভবনে আয়োজিত শপথগ্রহণ অনুষ্ঠানে তামিলনাড়ুর রাজ্যপাল হিসেবে শপথ নিয়েছেন আর এন রবি। শপথ নেওয়ার পর তিনি বলেছেন, তামিলনাড়ুর জনগণের সেবা করার জন্য মুখিয়ে আছি। এর আগে তামিলনাড়ুর রাজ্যপাল ছিলেন বনওয়ারিলাল পুরোহিত, শনিবার তাঁর স্থলাভিষিক্ত হলেন রবি। আর এন রবি আগে নাগাল্যান্ডের রাজ্যপাল ছিলেন, বনওয়ারিলাল পুরোহিতকে পঞ্জাবে পাঠানো হয়েছে।
রাজভবনে আয়োজিত শপথগ্রহণ অনুষ্ঠানে রবীন্দ্র নারায়ণ রবিকে তামিলনাড়ুর রাজ্যপাল হিসেবে শপথবাকি পাঠ করিয়েছেন মাদ্রাজ হাইকোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব বন্দ্যোপাধ্যায়। শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন, তাঁর মন্ত্রিসভার সদস্য, বিরোধী দলনেতা কে পালানিস্বামী প্রমুখ। গত সপ্তাহেই প্রাক্তন আইপিএস অফিসার রবিকে তামিলনাড়ুর রাজ্যপাল হিসেবে নিযুক্ত করেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। এদিন রাজ্যপাল হিসেবে শপথ নেওয়ার পর রবি বলেছেন, 'নিজের সাধ্যমতো ও সংবিধান অনুযায়ী তামিলনাড়ুর জনগণের সাহায্য করব।'

## সমাজ বিভাজনকারীদের প্রচেষ্টা সফল হতে দেবেন না, জব্বলপুরে আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর

জব্বলপুর, ১৮ সেপ্টেম্বর (হি.স.): সমাজ ও মানুষের মধ্যে যাঁরা বিভেদ সৃষ্টি করে তাঁদের প্রচেষ্টা সফল হতে দেবেন না। মধ্যপ্রদেশের জব্বলপুরে এই আহ্বান জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শনিবার জববলপুরে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, 'যারা সমাজ ও মানুষকে আলাদা করার চেষ্টা করছে, তাঁদের প্রচেষ্টা সফল হতে দেবেন না, আমি সবাইকে এই অনুরোধ করছি। দেশের উন্নয়নের স্বার্থে সমস্ত সম্প্রদায়ের ঐক্য প্রয়োজন।'
শনিবার মধ্যপ্রদেশের জব্বলপুরে বীর বলিদানি রাজা শঙ্কর শাহ ও রঘুনাথ শাহকে ফুল দিয়ে শ্রদ্ধা জানান অমিত শাহ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ছিলেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। পরে একটি অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় অমিত শাহ বলেছেন, 'প্রধানমন্ত্রী মোদী "আজাদী কা অমৃত মহোৎসব" উদযাপন ও অজানা শহিদদের স্মৃতি পুনর্জীবিত করার সংকল্প নিয়েছেন। কংগ্রেস সর্বদা মানুষের কল্যাণের কথা বলে, কিন্তু বাস্তবে তা করেনি। বিজেপি সর্বদা জনগণের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ।' তিনি বলেন, 'যারা সমাজ ও মানুষকে আলাদা করার চেষ্টা করছে, তাঁদের প্রচেষ্টা সফল হতে দেবেন না, আমি সবাইকে এই অনুরোধ করছি।'
বীর বলিদানি রাজা শঙ্কর শাহ ও রঘুনাথ শাহকে শ্রদ্ধা জানিয়ে অমিত শাহ বলেছেন, 'রাজা শঙ্কর শাহ এবং রঘুনাথ শাহের আত্মত্যাগে আমরা সর্বদা অনুপ্রাণিত হব এবং ভারতের উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ থাকব। তাঁদের আত্মত্যাগের জন্য স্বাধীনতার ৭৫ তম বছরে আমরা মুক্ত বাতাসে নিঃশ্বাস নিতে পারছি।'

## আমেরিকা এবং অস্ট্রেলিয়া থেকে রাষ্ট্রদূতদের ডেকে পাঠাল ফ্রান্স

প্যারিস, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : আমেরিকা এবং অস্ট্রেলিয়া থেকে রাষ্ট্রদূত প্রত্যাহার করল ফ্রান্স। পরমাণু শক্তিচালিত ডুবোজাহাজ বিতর্কে শনিবার আমেরিকা এবং অস্ট্রেলিয়া থেকে নিজেদের রাষ্ট্রদূতদের ডেকে পাঠিয়েছে ফ্রান্স। পাশাপাশি, ওয়াশিংটন এবং বাল্টিমোরের আসন্ন আমেরিকা-ফ্রান্স মৈত্রী কর্মসূচিতেও অংশগ্রহণ না করার কথা জানিয়েছেন ফ্রান্সের বিদেশমন্ত্রী জিয়ান যুভেস লে ড্রিয়ান। তিনি বলেন, 'ওই দুই দেশের থেকে অনভিপ্রেত ব্যবহার পাওয়ার ফলেই এই সিদ্ধান্ত নিতে আমরা বাধ্য হয়েছি।' অস্ট্রেলিয়া থেকে ফরাসী রাষ্ট্রদূতকে ডেকে পাঠানোর ঘটনাও সম্ভবত এটাই প্রথম বলেই জানিয়েছে বিবিসি উ ফান্সের থেকে ডুবোজাহাজ কেনার কথা ছিল অস্ট্রেলিয়ার। কিন্তু চলতি সপ্তাহের গোড়ায় আমেরিকার থেকে আধুনিক পরমাণু শক্তিচালিত ডুবোজাহাজ কেনার সিদ্ধান্ত নেয় অস্ট্রেলিয়া। আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন, ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসনের ভার্চুয়াল বৈঠকের সময়ই বিষয়টি প্রকাশ্যে আসে। প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সম্ভাব্য চিনা আগ্রাসনের মোকাবিলায় অস্ট্রেলিয়াকে ওই ডুবোজাহাজ বিক্রির সিদ্ধান্তের কথা জানায় আমেরিকা। নতুন ওই নিরাপত্তা চুক্তির কারণে ফ্রান্সের সঙ্গে অস্ট্রেলিয়ার সাবমেরিন নির্মাণ সংক্রান্ত হাজার হাজার কোটি ডলারের যে চুক্তি ছিল তা বাতিল হয়ে গেছে।
পাশাপাশি, ভারত---প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চিনা আগ্রাসনের মোকাবিলায় অস্ট্রেলিয়া, ব্রিটেন এবং আমেরিকাকে নিয়ে 'অকাস' জোট গঠনের বিষয়টিও এমানুয়েল ম্যাক্রোর সরকার ভালভাবে নেয়নি। বাইডেন---বরিস—মরিসনের ভার্চুয়াল বৈঠকে অস্ট্রেলিয়ার নৌবাহিনীকে ক্রুজ ক্ষেপণাস্ত্র দেওয়ার সিদ্ধান্তও হয়। পাশাপাশি বৈঠকে ঠিক হয়, আগামী দেড় বছর ধরে আমেরিকা ও ব্রিটেনের নৌবাহিনী অস্ট্রেলিয়ার নৌবহরকে আরও শক্তিশালী করে তোলার কাজ করবে। যা ফ্রান্সের প্রতিরক্ষা শিল্পের কাছে বড় ধাক্কা হতে পারে বলে মনে করা হচ্ছে। আর এই গোটা বিতর্কে ফ্রান্সের পাশে দাঁড়িয়ে পড়েছে চিন।
তাই ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়ে ফ্রান্সের বিদেশমন্ত্রী বলেন, "আমেরিকা ও ইংল্যান্ড ফ্রান্সের পিঠে ছোরা বসানোর মত কাজ করেছে।" মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন তার পূর্বসূরি ডনাল্ড ট্রাম্পের মতই আচরণ করছেন জানিয়ে ফরাসি বিদেশমন্ত্রী বলেন, "এরকম নিষ্ঠুর, একতরফা ও হুটহাট সিদ্ধান্ত আমাকে ট্রাম্পের কথা মনে করিয়ে দিচ্ছে।"

## রাম মন্দির নির্মাণে বিশ্বের ১১৫টি দেশ থেকে এল পবিত্র জল

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি. স.): অযোধ্যায় চলছে রাম মন্দিরের নির্মাণকাজ। আর এই নির্মাণের জন্য বিশ্বের ১১৫টি দেশ থেকে এল পবিত্র জল। শনিবার সেই জল গ্রহণ করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। প্রতিরক্ষামন্ত্রী বলেন, "বিশ্বের সব দেশ থেকে জল সংগ্রহ করা ভারতের 'বসুধৈব কুটুম্বকম' চিন্তাধারাকে প্রতিফলন করে। ১১৫ টি দেশ থেকে জল আনা সত্যিই এক অসাধারণ সাফল্য। চমৎকার কাজ।"
শনিবার আকবর রোডে রাজনাথ সিংয়ের বাসভবনে বিশ্বের ১১৫ টি দেশের বিভিন্ন নদী, ঝর্না, মহাসাগর থেকে পবিত্র জল এসে পৌঁছায়। শুধু হিন্দুরাই নন, বিশ্বের বিভিন্ন প্রান্তের মুসলিম, শিখ, খ্রিস্টান, ইহুদি, বৌদ্ধ সম্প্রদায়ের মানুষ এই মহৎ কাজে হাত লাগিয়েছেন। বিভিন্ন দেশের বিভিন্ন ধর্মের মানুষ জল সংগ্রহ করে পাঠিয়েছেন। ১১৫টি ছোট ছোট পাত্রে সংশ্লিষ্ট দেশের নাম লিখে পবিত্র জল পাঠানো হয়েছে। সেই সময় রাজনাথ সিংয়ের বাসভবনে উপস্থিত ছিলেন শ্রী রাম জন্মভূমি তীর্থ ক্ষেত্রের সাধারণ সম্পাদক চম্পত রাই এবং ডেনমার্ক, ফিজি, নাইজেরিয়া সহ একাধিক দেশের রাষ্ট্রদূতরা। এদিন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেন, "বিশ্বের সব দেশ থেকে জল সংগ্রহ করা ভারতের 'বসুধৈব কুটুম্বকম' চিন্তাধারাকে প্রতিফলন করে। ১১৫ টি দেশ থেকে জল আনা সত্যিই এক অসাধারণ সাফল্য। চমৎকার কাজ। আমি আশা করি মন্দিরের নির্মাণ শেষ হওয়ার আগেই বাকি ৭৭ টি দেশের জলও সংগ্রহ করা হবে। আমরা সেই পবিত্র জল দিয়ে ভগবান রামের জলভিষেক করব।" তিনি আরও বলেন, রাম মন্দির নির্মাণ প্রত্যেকের জন্য একটি গর্বের বিষয়। ভারতীয় সংস্কৃতি অনেক উদার। এখানে কোনও জাতি, ধর্ম, বর্ণের নামে বৈষম্য করা হয় না।

## নাশকতার আশঙ্কা মুম্বইয়ে, সমস্ত মুখ্য স্টেশনে জারি হল কড়া সতর্কতা

মুম্বই, ১৮ সেপ্টেম্বর (হি. স.): মুম্বইয়ে জঙ্গি হামলার আশঙ্কা ক্রমেই বাড়ছে। তাই কোনও ঝুঁকি না নিয়ে সতর্কতা জারি করল প্রশাসন। শনিবার বাণিজ্যনগরীর সমস্ত মুখ্য স্টেশনে জারি হল কড়া সতর্কতা। নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে মুম্বইকে। স্টেশনগুলিতে সতর্ক রয়েছে পুলিশ বাহিনী।
মুম্বই রেলপুলিশের কমিশনার কাসের খালিদ বলেন, "বহু স্টেশনে ঢোকা-বেরনোর পথ বন্ধ করে দেওয়া হয়েছে। স্টেশনগুলিতে প্রায় ৭ হাজার ক্যামেরা লাগানো হয়েছে। " নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে মুম্বইকে। স্টেশনগুলিতে সতর্ক রয়েছে পুলিশ বাহিনী। ইতিমধ্যেই এক সন্দেহভাজনকে আটক করেছে মহারাষ্ট্রের সন্ত্রাসবিরোধী স্কোয়াড। সন্দেহ, ওই ব্যক্তির সঙ্গে যোগ রয়েছে দিল্লির জঙ্গি হামলার ছক কষা গোষ্ঠীর। শুক্রবার রাতে মুম্বইয়ের শহরতলি যোগেশ্বরী এলাকা থেকে জাকির নামের ওই ব্যক্তিকে আটক করার পর তাকে জিজ্ঞাসাবাদ করা শুরু হয়েছে। গত মঙ্গলবার একটি পাকিস্তানি নাশকতার ছকের পর্দা ফাঁস করে দিল্লি পুলিশ। গ্রেফতার করা হয় ছয় জঙ্গিকে। তাদের মধ্যে দু'জন আবার পাকিস্তানে প্রশিক্ষণপ্রাপ্ত। ওই সন্ত্রাসবাদী দলটির সঙ্গেই যোগ রয়েছে মুম্বইয়ে ধৃত জাকির নামের জঙ্গিটির। দিল্লি পুলিশের হাতে গ্রেফতার জান মহম্মদ নামের জেহাদিকে জেরা করে এই জাকিরের কথা জানা যায়। এরপরই শুক্রবার তল্লাশি চালিয়ে তাকে আটক করা হয়েছে।
প্রসঙ্গত, স্বাধীনতার পর থেকেই ভারতের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছে পাকিস্তান। তবে একাধিক সম্মুখ সমরে লজ্জাজনক হারের পর ছায়াযুদ্ধ শুরু করেছে পড়শি দেশটি। সূত্রের খবর, এবার ভারতে 'অর্থনৈতিক সন্ত্রাস' চালানোর ছক কষছে পাক গুপ্তচর সংস্থা আইএসআই। তবে সেই চেষ্টা তেমন ফলপ্রসূ হচ্ছে না। গত মঙ্গলবার দিল্লি পুলিশের স্পেশ্যাল সেলের অফিসারদের তৎপরতায় পাকিস্তানের মদতপুষ্ট 'টেরর মডিউল' বা জঙ্গি শাখার পর্দা ফাঁস হয়।—হিন্দুস্থান সমাচার / কাকলি

## উত্তর প্রদেশে বাড়ি ভেঙে মৃত্যু দু"জনের, আহত ৭ জন

বাস্তি (উত্তর প্রদেশ), ১৮ সেপ্টেম্বর (হি.স.): উত্তর প্রদেশের বাস্তি জেলায় বাড়ি ভেঙে মৃত্যু হল দু"জনের। ভগ্নস্তূপের নীচে চাপা পড়ে আহত হয়েছেন ৭ জন। শুক্রবার রাতে শ্রীঙ্গিনারী-বেদিপুর ক্রসিংয়ে একটি বাড়ি ভেঙে পড়ে। শনিবার সকালে পুলিশ জানিয়েছে, মহম্মদ আলি নামে একজনের বাড়ি ভেঙে পড়ে। সেই সময় বাড়ির সদস্যরা ঘুমিয়ে ছিলেন। ধ্বংসস্তূপের নীচে চাপা পড়ে মৃত্যু হয়েছে সানা ফাতিমা (১৯) ও তারান্নুম ফাতিমা (২২) নামে দু"জনের। আহত অবস্থায় ৭ জনকে অযোধ্যার একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে।




প্রয়াত গৌতম দাশের শেষ শ্রদ্ধায় সিপিআইএম কর্মী সমর্থকরা সামিল হন। ছবি ঃ নিজস্ব।

# হরেকরকম

# অতিরিক্ত ওজন কেন করোনা ঝুঁকি বাড়ায়

কোভিড-১৯ এ আক্রান্ত ব্যক্তিদের অতিরিক্ত ওজনের সমস্যা থাকলে তাদের মৃত্যুর ঝুঁকি বাড়াতে পারে। স্থূলতা বা অতিরিক্ত ওজনের কারণে হৃদরোগ, ক্যান্সার এবং টাইপ টুই ডায়াবেটিসসহ বেশকিছু রোগের ঝুকি বেড়ে যায় বলে জানা গেছে। প্রাথমিক ঘোষণা থেকে জানা যায়, কোভিড-১৯ এ আক্রান্ত ব্যক্তিদের অতিরিক্ত ওজনের সমস্যা থাকলে তাদের মৃত্যুর ঝুঁকি বাড়াতে পারে। কিন্তু এরকম হওয়ার কারণ কী:-

স্থূলতা কি আসলেই করোনা ভাইরাসের ঝুঁকি বাড়ায়: বেশ কিছু গবেষণাতেই এই প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করেছেন গবেষকরা। যুক্তরাজ্যের হাসপাতালে ভর্তি হওয়া প্রায় ১৭ হাজার কোভিড-১৯ রোগীকে নিয়ে করা এক গবেষণায় দেখা গেছে অপেক্ষাকৃত কম ওজনের ব্যক্তিদের তুলনায় অতিরিক্ত ওজনের সমস্যা রয়েছে যাদের, বডি ম্যাস ইনডেক্স ৩০ এর ওপর, তাদের মৃত্যুর ঝুঁকি ৩৩ শতাংশ বেড়ে যায়। যুক্তরাজ্যের ন্যাশনাল হেলথ সার্ভিসের ইলেকট্রনিক রেকর্ডের তথ্য অনুযায়ী অতিরিক্ত ওজনের সমস্যা থাকা ব্যক্তিদের কোভিড-১৯ ওএ মারা যাওয়ার ঝুঁকি দ্বিগুণ বেড়ে যায়। আর ওই রোগীর যদি ডায়াবেটিস বা হৃদরোগের মতো সমস্যা থাকে তাহলে ঝুঁকি আরও বৃদ্ধি পেতে পারে। যুক্তরাজ্যের আই সি ইউ'তে থাকা জটিলভাবে আক্রান্ত রোগীদের নিয়ে করা এক গবেষণায় দেখা যায় আই সি ইউতে থাকা রোগীদের ৭৩ শতাংশ অতিরিক্ত ওজনের সমস্যা ভুগছিলেন। যুক্তরাজ্যের জনসংখ্যার ৬৪ শতাংশ মানুষের অতিরিক্ত ওজনের সমস্যা রয়েছে। কোনো ব্যক্তি ওঝন এবং উচ্চতার অনুপাতে পরিমাপ করা হয় তার বডি ম্যাস ইনডেক্স বা বি এম আই। স্থূলতা নিয়ে কাজ করা আন্তর্জাতিক সংস্থা ওয়ার্ল্ড ওবেসিটি ফাউন্ডেশন আগেই সতর্ক করেছিলেন যে করোনা ভাইরাস সংক্রমণ হওয়ার ব্যক্তিদের একটা বড় অংশের বি এম আই ২৫ এর বেশি হবে। এছাড়াও বয়স বেশি হলে, অন্য জটিল স্বাস্থ্য সমস্যা থাকলে এবং পুরুষদের জন্য কোভিড-১৯ এ জটিলভাবে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি বলে উঠে এসেছে গবেষণায়।

কেন অতিরিক্ত ওজন ঝুঁকি তৈরি করছে: আপনার ওজন অতিরিক্ত হওয়া মানে আপনি দেহে অতিরিক্ত চবি বহন করছেন। অর্থাৎ আপনি শতভাগ ফিট নন। আর আপনার ফিটনেস যত কম হবে, আপনার ফুসফুসের কর্মক্ষমতা তত কমবে। এর ফলে আপনার রক্তে এবং শরীরের বিভিন্ন জায়গায় অক্সিজেন পৌঁছাতে সমস্যা হবে। এর ফলে শরীরের রক্ত চলাচল এবং আপনার হৃদপিণ্ড ক্ষতিগ্রস্ত হবে। অতিরিক্ত ওজনের ব্যক্তিদের শরীরে অক্সিজেনর চাহিদা বেশি থাকে। তার মানে, তাদের শরীর যথেষ্ট চাপের মধ্যে দিয়ে কাজ করে। করোনা ভাইরাসের মতো একটি ভাইরাস প্রাদুর্ভাবের সময় এই বিষয়টি গুরুতর হতে পারে। রিডিং বিশ্ববিদ্যালয়ের ডাক্তার ডিয়ান সেলাইয়াহ বলেন, শরীরে প্রধান অঙ্গগুলোয় যথেষ্ট অক্সিজেন না যাওয়ায় স্থূল দেহ এক পর্যায়ে চাপ নিতে পারে না।

# ৬০ লাখ টাকা অনুদান ফেরত দিচ্ছেন অমিতাভ

হুমায়ূন আহমেদের পেন্সিলে আঁকা পরী থেকে চলচ্চিত্র বানানোর জন্য ৬০ লাখ টাকা সরকারি অনুদান পেয়েছিলেন অমিতাভ রেজা। চলচ্চিত্রটির জন্য সব ধরনের প্রস্তুতিও তিনি নিচ্ছিলেন। কিন্তু গতকাল জানালেন, চলচ্চিত্রটি আর তিনি বানাচ্ছেন না। নানা ধরনের শর্তের কারণে এ চলচ্চিত্র নির্মাণের সিদ্ধান্ত থেকে সরে এসেছেন অমিতাভ রেজা। সরকারের কাছ থেকে পাওয়া অনুদানের টাকাও ফেরত দিচ্ছেন। জানা গেছে, হুমায়ূন আহমেদের মৃত্যুর পর তাঁর সাহিত্য ও সৃজনশীল সব বিষয় দেখভাল করার জন্য গঠন করা হয়েছে একটি ট্রাস্টি বোর্ড। এই ট্রাস্টি বোর্ডে হুমায়ূন পরিবারের সদস্যরা রয়েছেন। পেন্সিলে আঁকা পরী চলচ্চিত্রটি সরকারি অনুদান পাওয়ার পর চূড়ান্ত অনুমোদনের জন্য ট্রাস্টি বোর্ডের কাছে আবেদন করা হলে নতুন কয়েকটি শর্ত আরোপ করে তারা। শর্তগুলো মেনে চলচ্চিত্রটি নির্মাণ করতে চান না অমিতাভ। তাঁর মতে, 'আমি কিন্তু মোটেও শর্তগুলোর বিরোধিতা করছি না। হুমায়ূন আহমেদ স্যারের কর্মের সঠিক সুরক্ষা দেওয়ার জন্যই নিশ্চয় নিয়মগুলো করা হয়েছে। তবে সেটি পালন করে এ চলচ্চিত্র বানানো মোটেও সম্ভব নয়। এভাবে ছবি বানাতে গেলে যে পরিমাণ টাকা লাগবে, ওই পরিমাণ টাকা দিয়ে আমি এই সিনেমা বানাতে চাই না।'

অমিতাভ রেজা জানান, পাঁচ-সাত বছর ধরে এই চলচ্চিত্রের গল্প ও স্ক্রিপ্ট নিয়ে কাজ করে আসছিলেন তিনি। কয়েকটি শর্তের কারণে চলচ্চিত্রটি নির্মাণের সিদ্ধান্ত থেকে সরে আসাটা তাঁর জন্য ভীষণ বেদনাদায়ক। তিনি বলেন, 'একটি চলচ্চিত্রের সঙ্গে একজন নির্মাতার প্রেমের সম্পর্ক তৈরি হয়। একবার প্রেমের সম্পর্ক ছুটে গেলে আর ফিরে আসে না। আমি তো এত দিন ছবিটি নিয়ে ভাবছি। সবচেয়ে বড় ব্যাপার হচ্ছে, সবকিছু যতটা সুন্দর ও যথাযথ সম্মানের মধ্য দিয়ে করার, করেছি। এরপরও হয়নি। সরকারের টাকা যাতে নষ্ট না হয়, সেদিকটা ভেবে টাকা ফেরত দেওয়ার সিদ্ধান্ত নিই।'

গল্পটি নিয়ে কাজ শুরুর আগে লেখক বা তাঁর পরিবারের কাছ থেকে অনুমতি নেননি? জানতে চাইলে অমিতাভ রেজা বলেন, 'হুমায়ূন আহমেদ বেঁচে থাকতে গল্পটা চেয়ে নিয়েছিলাম। ক্যানসার ধরা পড়ার পর সিঙ্গাপুরে যাওয়ার পথে ফ্লাইটেও স্যার আমাকে এই ছবির কথা জিজ্ঞেস করেছিলেন। বলেছিলেন, ছবিটা বানাবে না? তাড়াতাড়ি বানায়ে ফেলো।'

নাটক ও বিজ্ঞাপনচিত্র নির্মাতা অমিতাভ রেজা প্রথম চলচ্চিত্র আয়নাবাজি বানিয়েই জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করেন। সামনে আসছে তাঁর ইংরেজি ভাষার ছবি রিকশা গার্ল।

# ইলেক্ট্রোলাইট পানীয়র উপকারিতা

শরীরের তাপমাত্রা ও রক্তচাপ নিয়ন্ত্রণ, মেজাজ ভালো করা, স্মৃতিশক্তি বাড়ানো ইত্যাদি নানাবিষয়ের মূলে আছে শরীরের আর্দতা বজায় রাখা, অর্থাৎ পর্যাপ্ত পানি পান করা।

তবে সেই পানিতে 'ইলেক্ট্রোলাইট' যোগ করলে উপকারিতা কী বাড়ে? স্বাস্থ্যবিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন অবলম্বনে জানানো হল এই বিষয়ে বিস্তারিত।

ইলেক্ট্রোলাইট কী?

এটি খনিজ উপাদানের সমষ্টি। যা পানিতে দ্রবীভূত হয়ে বৈদ্যুতিক শক্তি বহন করে।

দৈনিক যে খাবার ও পানীয় আমরা গ্রহণ করি সেখানে থেকেই শরীর 'ইলেক্ট্রোলাইট'য়ের যোগান পায়। যে খনিজগুলো থেকে এই উপাদান পাওয়া যায় সেগুলো হলো পটাসিয়াম, ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়াম।

শরীরের বিভিন্ন দৈনন্দিন কাজ সম্পন্ন করতে ব্যবহার হয় এই 'ইলেক্ট্রোলাইট'। এর মধ্যে উল্লেখযোগ্য হল শরীরে পানি ও অম্ল-ক্ষারের ভারসাম্য বজার রাখা, বিভিন্ন কোষের মধ্যে পুষ্টি উপাদান পৌঁছে দেওয়া এবং সেখান থেকে বর্জ্য অপসারণে সহায়তা করা, স্নায়ু, পেশি, হৃদযন্ত্র ও মস্তিষ্কের কার্যক্রম অক্ষুণ রাখা এবং ক্ষতিগ্রস্ত কোষের ক্ষয়পূরণ করা।

শরীরচর্চার শক্তি যোগাতে 'ইলেক্ট্রোলাইট' যুক্ত পানীয় বেশ জনপ্রিয়। কারণ শারীরিক পরিশ্রম এবং ঘামের কারণে দেহ থেকে এই উপাদান বেরিয়ে যায়। আর শরীরকে কর্মক্ষম রাখতে হলে একটি নির্দিষ্ট মাত্রার 'ইলেক্ট্রোলাইট' থাকতেই হবে। হাঁটা, শ্বাস-প্রশ্বাস, হাসি এমনকি চিন্তা করার জন্যও 'ইলেক্টোলাইট' প্রয়োজন।

যেভাবে পানিতে মেশানো হয়

পানিতে বিদ্যুতায়িত সোডিয়াম, পটাসিয়াম, ম্যাগনেসিয়াম ও ক্যালসিয়াম মিশিয়ে তৈরি হয় 'ইলেক্ট্রোলাইট ওয়াটার'। 'মিনারেল ওয়াটার' ও 'অ্যালকালাইন ওয়াটার' নামেও এটি পরিচিত।

উপকারিতা

শক্তি যোগায়: শরীরচর্চার সময় ঘামের সঙ্গে যে পানি বেরিয়ে যায় তা পূরণ করতে বাড়তি তরল গ্রহণ করতে হয়। শরীরের স্বাভাবিক পানির মাত্রা থেকে এক বা দুই শতাংশ কমে গেলেই শক্তি কমতে থাকে। ঘামের সঙ্গে সোডিয়াম, পটাসিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম এবং 'ইলেক্ট্রোলাইট'ও বেরিয়ে যায়।

তাই শরীরচর্চার সময় 'ইলেক্ট্রোলাইট' মিশ্রিত পানি পান করলে শরীর অবসাদগ্রস্ত হবে না। হৃদযন্ত্র, মস্তিষ্ক, পেশি ও শরীরের অন্যান্য কার্যক্রম সক্রিয় থাকবে।

'হিট স্ট্রোক'য়ের ঝুঁকি কমায়: গ্রীষ্মের প্রচণ্ড গরমে বাইরে চলাফেরার সময় রোদে ত্বক পুড়ে যাওয়া থেকে 'হিট স্ট্রোক' পর্যন্ত সব ঝুঁকিই থাকে। ত্বকের লোপকূপ আর ঘামের মাধ্যমে শরীর তাপমাত্রার ভারসাম্য বজায় রাখে। তবে অতিরিক্ত গরমের কাছে শরীরের এই জৈবিক প্রক্রিয়া হার মানতে পারে। আর তখনই নানান ঝুঁকির সৃষ্টি হয়। এ সময় প্রচুর পানি পানের মাধ্যমে তাপমাত্রা নিয়ন্ত্রণে রাখা যায়, সঙ্গে 'ইলেক্ট্রোলাইট' থাকলে আরও ভালো।

তবে চা, কফি ইত্যাদি 'ক্যাফেইন'যুক্ত পানীয় এক্ষেত্রে সমস্যার ঝুঁকি বাড়ায়।

রোগ নিরাময়ে সহায়ক: ডায়রিয়া, বমি ইত্যাদি সমস্যায় শরীর প্রচুর পানি ও 'ইলেক্ট্রোলাইট' হারায়। তাই এসময় প্রচুর পানি ও তরল খাবার গ্রহণের মাধ্যমে ক্ষয়পূরণ করার পরামর্শ দেন চিকিৎসকরা। অন্যান্য পানীয় ও তরল খাবারের পাশাপাশি এসময় 'ইলেক্ট্রোলাইট' সমৃদ্ধ পানি পান করাও হবে বেশ উপকারী। তবে মনে রাখতে হবে শুধু 'ইলেক্ট্রোলাইট' মিশ্রিত পানি কিংবা পানীয় এসময় যথেষ্ট নয়।

স্নায়বিক কার্যক্রমে ভূমিকা: শরীরের আর্দতা সামান্য কমলেই মস্তিষ্কের জ্ঞানীয় ক্ষমতা, মনযোগ, সতর্কতা ইত্যাদি দুর্বল হতে থাকে। সোডিয়াম স্নায়ুকোষে বৈদ্যুতিক শক্তি সৃষ্টি করে যা বিভিন্ন স্নায়ুর মধ্যে যোগাযোগ স্থাপনের জন্য প্রথম ধাপ।


পটাসিয়ামের কাজ হল স্নায়ুকোষকে 'নিউট্রালাইজ' করা বা আগের অবস্থায় ফিরিয়ে আনা যাতে সেখানে পুনরায় বৈদ্যুতিক শক্তি সৃষ্টি হতে পারে।

ম্যাগনেসিয়ামের কাজ হল এই বৈদ্যুতিক শক্তির সঞ্চালন নিরবিচ্ছিন্ন রাখা।

ঘরেই যেভাবে 'ইলেক্ট্রোলাইট' সমৃদ্ধ পানি তৈরি করা যায়

একটি বড় গ্লাসে এক চা-চামচের এক চতুর্থাংশ পরিমাণ লবণ, একই পরিমাণ লেবুর রস, দেড় কাপ নারিকেল পানি আর দুই কাপ সাধারণ পানি একসঙ্গে মিশিয়ে নিলেই তৈরি হয়ে গেল 'ইলেক্ট্রোলাইট' সমৃদ্ধ পানীয়। স্বাদ বাড়াতে তাতে যোগ করতে পারেন মধু।

# কিডনি জটিলতায় সংগীতশিল্পী আলিফ আলাউদ্দিন



সংগীতশিল্পী আলিফ আলাউদ্দীনের দুটি কিডনিই ৯০ ভাগ কার্যক্ষমতা হারিয়েছে। কিডনি জটিলতার কারণে আরও নানা ধরনের সমস্যায় ভুগছেন এই সংগীতশিল্পী। আজ মঙ্গলবার ঢাকার একটি হাসপাতালে তাঁর অস্ত্রোপচার হবে বলে জানালেন তাঁর স্বামী কাজী ফয়সাল আহমেদ।

জানা গেছে, ১১ বছর ধরে কিডনির সমস্যায় ভুগছেন আলিফ আলাউদ্দীন। এত বছর পরিবারের লোক ছাড়া কাউকে সেটা জানতে দেননি। হাসিমুখে কাজ করে গেছেন। চিকিৎসকের সর্বশেষ প্রতিবেদন থেকে জানতে পারেন, তাঁর দুটি কিডনিই ৯০ ভাগ কার্যক্ষমতা হারিয়েছে। এখন আর কিডনি নয়, মেয়ে পিওনাকে নিয়েই তাঁর যত চিন্তা।

আলিফের স্বামী শিল্পী কাজী ফয়সাল আহমেদ জানান, আলিফ পলিসিস্টিক কিডনি ডিজিজে আক্রান্ত। তাঁর শাশুড়ি শিল্পী সালমা সুলতানারও এই রোগ ছিল। যদিও কিডনি প্রতিস্থাপন করে তিনি ২০ বছর বেঁচে ছিলেন। আলিফেরও কিডনি প্রতিস্থাপন করার প্রয়োজন পড়তে পারে। তবে চিকিৎসকেরা জানিয়েছেন, যত দ্রুত কিডনি প্রতিস্থাপন করা যাবে, আলিফের জন্য ততই মঙ্গল। এরই মধ্যে আলিফের ডায়ালাইসিস শুরু হয়েছে। চিকিৎসকদের বরাত দিয়ে কাজী ফয়সাল আহমেদ জানান, কিডনি প্রতিস্থাপন ছাড়া কোনো উপায় নেই। কিডনি ডোনার পাওয়াটাও একটা বড় চ্যালেঞ্জ। এরপর আছে আরও অনেক কাজ। ডোনার খোঁজার পাশাপাশি দেশের বাইরের হাসপাতালেও সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। আলিফ আলাউদ্দীনের বাবা দেশের প্রখ্যাত সংগীত পরিচালক আলাউদ্দীন আলী। আলিফের জন্য তাঁর পরিবার সবার কাছে দোয়া চেয়েছেন। প্রসঙ্গত, দুই দশক ধরে গান গাওয়ার পাশাপাশি আলিফ আলাউদ্দীন গানের অনুষ্ঠান উপস্থাপনা করে আসছেন। তাঁর উপস্থাপনার শুরু হয় একুশে টেলিভিশনে ভার্জিন তাকধুম তাকধুম অনুষ্ঠান দারুণ জনপ্রিয়তা পায়।

# প্রতীকের বিয়ে নিয়ে এত লুকোচুরি কেন?

করোনার মধ্যেই গত বছর বিয়ে করেছেন সংগীতশিল্পী প্রতীক হাসান। তাঁর স্ত্রীর নাম মৌসুমি হাসান। তিনি ঢাকার একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়েন। তবে এখনো পরিবারের বাইরে কাউকে খবরটা জানাননি এই গায়ক। করোনার মধ্যেই গত বছর বিয়ে করেছেন সংগীতশিল্পী প্রতীক হাসান করোনার মধ্যেই গত বছর বিয়ে করেছেন সংগীতশিল্পী প্রতীক হাসানছবি: সংগৃহীত

কিন্তু বিয়ে নিয়ে এত লুকোচুরি কেন? প্রতীক বলেন, 'আমাদের অনেক আত্মীয়স্বজন। অনেকেই দেশের বাইরে থাকেন। সবাইকে নিয়েই বিয়ে করতে চেয়েছিলাম, কিন্তু করোনা বাড়ায় কাউকে জানানো সম্ভব হয়নি। ঘরোয়া পরিবেশেই বিয়েটা সারতে হয়েছে। আক, কাবিনের সময় আমাদের দুই পরিবারের ঘনিষ্ঠ কিছু আত্মীয় উপস্থিত ছিলেন। আমাদের পরিবারের মধ্যে আমার মা (ফাতিমা হাসান) ও ভাই (প্রীতম হাসান) শুধু উপস্থিত ছিলেন। শিগগির বড় পরিসরে অনুষ্ঠান করব। তখন সবাইকে বলব।' এই মুহূর্তে কনে বা বিয়ের কোনো ছবিও প্রকাশ করতে চান না। কবে, কোথায় বিয়ে করলেন, তা—ও জানাতে নারাজ প্রতীক, 'এগুলো কিছুই এই মুহূর্তে বলতে চাইছি না। আত্মীয়স্বজন কাউকে জানাতে পারিনি। এ জন্য বিয়ে গোপন করেছি। প্রচারও করিনি। এখন আমাদের দুই পরিবারের যাওয়া—আসা হয়। আমার স্ত্রী আমাদের বাসায় আসে, আমিও তাদের বাসায় যাই। এভাবেই চলছে। অনুষ্ঠান করে তাকে বাসায় নিয়ে আসব।' একটি গানের ভিডিওতে অভিনেত্রী শবনম ফারিয়া ও ভাই প্রীতম হাসানের সঙ্গে প্রতীক হাসান

একটি গানের ভিডিওতে অভিনেত্রী শবনম ফারিয়া ও ভাই প্রীতম হাসানের সঙ্গে প্রতীক হাসানছবি: সংগৃহীত বর্তমানে গান নিয়েই ব্যস্ত প্রতীক হাসান। জানালেন, দুটি গানের রেকর্ডিং চলছে। এ ছাড়া আগের গানগুলো পর্যায়ক্রমে অনলাইনে প্রকাশ পাবে। গানের পাশাপাশি একটি রিয়েলিটি শোর বিচারকের ভূমিকায় তাকে দেখা যাবে। প্রতীক বলেন, 'অনুষ্ঠান কর্তৃপক্ষ মনে করেছেন, তরুণদের গানের পালসটা আমি ধরতে পারব। বিচারক হিসেবে কাজ করার জন্য দেশ—বিদেশের অনুষ্ঠান দেখতে হচ্ছে। "এক্স ফ্যাক্টর", "দ্য ভয়েস"সহ অনেক রিয়েলিটি শো আমার দেখা আছে। সেগুলো আমাকে অনুপ্রাণিত করে। আশা করছি, বিচারক হিসেবে সেসব অভিজ্ঞতা আমার কাজে আসবে,' বলেন প্রতীক।

# ত্বকের যত্নে উপকারী রাসায়নিক উপাদান

ত্বকের পরির্যায় নানান উপাদান ব্যবহার হয়। তবে কিছু ত্বক বান্ধব রাসায়নিক উপাদান আছে যা এক প্রকার অ্যাসিড। তবে সেগুলো ক্ষতিকর নয়।

ত্বকের উজ্জ্বলতা বাড়ানো, বয়সের ছাপ হ্রাস, ব্রণের সমস্যা কমানো-সহ বিভিন্ন ত্বকের সমস্যা দূর করতে এই ধরনের অ্যাসিড উপকারী।

রূপচর্চা-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন অবলম্বনে এই বছর জনপ্রিয়তা পাওয়া এমন সব প্রসাধনীর উপকারিতাগুলো এখানে দেওয়া হল।

রেটিনল: এবছর সবচেয়ে বেশি প্রচলন দেখা দেয়। এটা ভিটামিন এ থেকে উৎপাদিত, যা ত্বক পরিষ্কার রাখতে, দাগ কমাতে ও বলিরেখা দূর করতে সাহায্য করে। রেটিনল, বয়সের ছাপ ও প্রদাহ কমাতে খুব ভালো কাজ করে।

হায়লুরনিক অ্যাসিড: ত্বকের আর্দতা ধরে রাখতে এর তুলনা নেই। ত্বক মসৃণ ও দীর্ঘক্ষণ সতেজ রাখতে এটা ভালো কাজ করে। ২০২০ সালে ত্বক বিশেষজ্ঞরা এই অ্যাসিড ব্যবহারের উপকারিতা সম্পর্কে জানিয়েছেন। তাই যে কেউ ত্বকের যত্ন নিতে হায়লুরনিক অ্যাসিড নিশ্চিন্তে ব্যবহার করতে পারেন।

ল্যাকটিক অ্যাসিড: মৃদু রাসায়নিক পিল ও এক্সফলিয়েটর হিসেবে ল্যাকটিক অ্যাসিড সামনের সারিতে। 'হাইপার পিগমেন্টেশন' ব্রণের দাগ ছোপ ও মলিন ত্বক ও রংয়ের ভারসাম্যহীনতা বজায় রাখতে সহায়তা করে। ফেইশল ও ত্বক পরিষ্কার রাখতে যেহেতু এখন বাইরে যাওয়া হয় না তাই রাসায়নিক এক্সফলিয়েটর হিসেবে এই অ্যাসিড ব্যবহার করা যায়।

গ্লাইকোলিক অ্যাসিড: এটা একটা জাদুকরী উপাদান। এটা ব্রণ ও ব্ল্যাক-হেডসের সমস্যা দূর করতে সহায়তা করে। গ্লাইকোল অ্যাসিড সহজেই ত্বককে সুন্দর রাখতে ভূমিকা রাখে। ত্বকের লোমকূপ সংকুচিত করে তেল নিঃসরণ নিয়ন্ত্রণে ভূমিকা রাখে।

নায়াসিনামাইড: ত্বকের যত্নে সবচেয়ে বেশি উপকারী ও বহুল ব্যবহৃত উপাদান হল নায়াসিনামাইড। এটা ভিটামিন বি-৩ হিসেবেও পরিচিত, যা ত্বকের মলিনতা দূর করে, বয়সের ছাপ কমায় ও ত্বক সুরক্ষিত রাখতে সহায়তা করে।

# শাহরুখের প্রতিবেশী হতে যাচ্ছেন দীপিকা-রণবীর



শিগগিরই বলিউড সুপারস্টার শাহরুখ খানের প্রতিবেশী হতে যাচ্ছেন রণবীর সিং আর দীপিকা পাড়ুকোন দম্পতি। মহারাষ্ট্রের দামি এবং অভিজাত এলাকা আলীবাগে বাংলো কিনেছেন তাঁরা। গতকাল দীপিকা আর রণবীর সিংকে স্থানীয় রেজিস্ট্রেশন অফিসে দেখা গেছে। তারপর থেকেই গুঞ্জন। শোনা যাচ্ছে, আলীবাগে পাশাপাশি বিশাল দুটো বিলাসবহুল বাংলো কিনেছেন এই তারকা দম্পতি। বাংলোর সঙ্গে আছে বিশাল বাগান আর সারি সারি সুপারি ও নারকেল গাছ। তাঁদের বাংলোটি সমুদ্রসৈকতে অবস্থিত। আলীবাগ শুধু মহারাষ্ট্রের নয়, দেশের সবচেয়ে দামি এলাকাগুলোর একটি। এখানে শাহরুখ খানের একটি অভিজাত খামারবাড়ি আছে। কিছুদিন আগে নিজের শহর বেঙ্গালুরুতে একটা অ্যাপার্টমেন্ট কিনেছেন দীপিকা। এই দম্পতি আরও অনেক ফ্ল্যাটের মালিক। রণবীর আর দীপিকা মুম্বাইয়ের প্রভাদেবী এলাকার একটা ফ্ল্যাটে থাকেন। শোনা যায়, বিয়ের আগে এই ফ্ল্যাট কিনেছিলেন দীপিকা। ২০ কোটি রুপির এই বিলাসবহুল অ্যাপার্টমেন্টে জিম, সুইমিং পুলসহ আরও অনেক সুবিধা আছে। দীপিকার মোট সম্পত্তির পরিমাণ ৩৬১ কোটি রুপি। ২০২১ সালে সবচেয়ে আয়কারী অভিনেত্রী হিসাবে তার নাম উঠে এসেছে। কিছু নামকরা ব্র্যান্ড থেকেও কোটি কোটি রুপি আয় করেন তিনি। ছবিপিছু এখন ১৫ কোটি রুপি পারিশ্রমিক নেন দীপিকা। 'পাঠান' ছবির জন্য ২৫ কোটি রুপি নিয়েছেন বলে খবর। রণবীর সিংয়ের সঙ্গে দীপিকা আসতে চলেছেন 'এইটিথ্রি' সিনেমায়। শাহরুখ খানের সঙ্গে তাকে 'পাঠান' ছবিতে দেখা যাবে। হৃতিক রোশনের সঙ্গে জুটি বেঁধে 'ফাইটার' ছবিতে আসছেন।

# ভূত সাজতে তিন ঘণ্টা



ইনস্টাগ্রামে একটি ছবি পোস্ট করে 'ভূত পুলিশ' শুটিংয়ের দিনগুলোর কথা স্মরণ করলেন ইয়ামি গৌতম। জানিয়েছেন, ভূত সাজতে তাঁর প্রায় তিন ঘণ্টা লেগেছিল।

হিমাচলে ভূত হয়ে উঠার ভিডিও পোস্ট করে লিখেছেন, 'হরর ছবির প্রতি ভালোবাসাই "ভূত পুলিশ" ছবিটিতে অভিনয়ের অন্যতম প্রধান কারণ। ছবিতে আমার ওপর ভূত আসর করেছিল। ভূতের আসর হওয়া একজনের চরিত্রে অভিনয় কিন্তু আমার মতো মানুষের জন্য সহজ ছিল না। এই চেহারা বানাতে প্রায় তিন ঘণ্টা সময় লেগেছিল। আর এ চেহারা ঠিকঠাক করতেও লেগে যায় প্রায় ৪৫ মিনিট। হিমাচলের ঠান্ডায় প্রতিদিন খালি পায়ে শুটিং আর তারে ঝোলাঝুলি করতে হয়েছে। কাঁধের ব্যথা নিয়েও সবকিছু নিজেই করেছি। নিয়মিত যোগব্যায়াম করতাম বলে বেঁচে গেছি। যদি কয়েকটা প্রশিক্ষণ করে নিতাম, তাহলে আরেকটু সুবিধা হতো। কিন্তু মহামারির বিধিনিষেধে সেই সুযোগ ছিল না। তবে আমার পক্ষে যতটুকু সম্ভব, করেছি। পেশাগত কারণে এসব চ্যালেঞ্জের মুখোমুখি হতে হচ্ছে আর এগুলো আমার ভালোও লাগে এবং আমি এসব বারবার করব!'

ভুত পুলিশ ছবির জন্য এভাবেই সাজতে হয়েছিল ইয়ামিকেছবি; ইনস্টাগ্রাম থেকে

'ভূত পুলিশ'—এর টিমকে শ্রদ্ধা জানিয়ে ইয়ামি লিখেছেন, 'আমাকে ভালোবাসার জন্য অনেক ধন্যবাদ আর আমার কষ্টগুলোর দাম দেওয়ার জন্যও।' খ্যাতিমান মেকআপ শিল্পী সোমা গোস্বামীকে ধন্যবাদ দিয়েছেন তাঁকে সত্যিকারের ভূত বানিয়ে দেওয়ার জন্য এবং অ্যাকশন ডিরেক্টর জাভেদ করিমকে ধন্যবাদ জানিয়েছেন তাঁকে যথাযথ দিকনির্দেশনা দেওয়ার জন্য। ইয়ামি লিখেছেন, 'আপনাদের সহযোগিতা ছাড়া এসব ছিল অসম্ভব।'



বন ও খাদ্য দপ্তরের কাজকর্ম পর্যালোচনা করেন কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী অশ্বিন কুমার চৌবে। ছবি ঃ নিজস্ব।

# অপমান সহ্য করে দলে থাকতে চান না সোনিয়া গান্ধীকে জানালেন পাঞ্জাবের মুখ্যমন্ত্রী

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : দল ছাড়ার ইঙ্গিত দিলেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরেন্দ্র সিং। সূত্রের খবর সোনিয়া গান্ধীকে তিনি জানিয়ে অপমান সহ্য করে তিনি আর দলে থাকতে চান না। এআইসিসি-র তরফে শনিবার বিকেলে ডাকা পঞ্জাবের কংগ্রেস বিধায়কদের বৈঠক। রাজ্যের মুখ্যমন্ত্রী তথা কংগ্রেসের পরিষদীয় দলনেতা অমরেন্দ্রর সঙ্গে সে বিষয়ে কোনও আলোচনাই করা হয়নি বলে তাঁর অনুগামীদের অভিযোগ।

অমরেন্দ্রর ক্ষোভের উৎস, এআইসিসি-র তরফে শনিবার বিকেলে ডাকা পঞ্জাবের কংগ্রেস বিধায়কদের বৈঠক। রাজ্যের মুখ্যমন্ত্রী তথা কংগ্রেসের পরিষদীয় দলনেতা অমরেন্দ্রর সঙ্গে সে বিষয়ে কোনও আলোচনাই করা হয়নি বলে তাঁর অনুগামীদের অভিযোগ। অমরেন্দ্র শিবিরের নেতারা জানিয়েছেন, চণ্ডীগড়ের প্রদেশ কংগ্রেস দফতরে আয়োজিত ওই বৈঠকে তাঁরা যোগ দিচ্ছেন না। বরং অমরেন্দ্রর নেতৃত্বে রাজনৈতিক কৌশল নির্ধারণের জন্য আলাদা ভাবে বৈঠক করতে চলেছেন। চলতি ঘটনাপ্রবাহ পঞ্জাব কংগ্রেসের ভাঙনের ইঙ্গিতবাহী বলেই মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকদের একাংশ।

পঞ্জাব প্রদেশ কংগ্রেসের নেতৃত্ব পরিবর্তন থেকে ঐতিহাসিক জালিয়ানওয়ালা বাগের ভোলবদল, সম্প্রতি নানা বিষয়েই দলের শীর্ষ নেতৃত্বের সঙ্গে অমরেন্দ্রর মতভেদ প্রকাশ্যে এসেছে।

এই পরিস্থিতিতে পঞ্জাবের মুখ্যমন্ত্রী দল ছাড়তে পারেন বলে জল্পনা শুরু হয়েছে। প্রসঙ্গত, আশির দশকে অমৃতসরের স্বর্ণমন্দিরে সেনা অভিযানের প্রতিবাদে কংগ্রেস ছেড়েছিলেন পাটিয়ালার রাজ পরিবারের সন্তান তথা প্রাক্তন সেনা অফিসার অমরেন্দ্র। কয়েক বছর পরে ফের দলে ফেরেন তিনি।

কংগ্রেসের একটি সূত্র জানাচ্ছে, অমরেন্দ্র ইতিমধ্যেই সোনিয়াকে জানিয়ে দিয়েছেন, এত অপমান সহ্য করে তিনি দলে থাকতে পারবেন না। জুলাই মাসে অমরেন্দ্রের আপত্তি সত্ত্বেও নভজোৎ সিং সিধুকে পঞ্জাব প্রদেশ কংগ্রেসের সভাপতির দায়িত্ব দিয়েছিলেন সোনিয়া। এর পর ধারাবাহিক ভাবে দু'গোষ্ঠীর বিরোধ প্রকাশ্যে এসেছে। সিধু অনুগামী একাধিক মন্ত্রী ও বিধায়ক প্রকাশ্যে অমরেন্দ্রর অপসারণের দাবিতে সরব হয়েছেন।

শনিবার পঞ্জাবের কংগ্রেস বিধায়কদের বৈঠকেও মুখ্যমন্ত্রী বদল নিয়ে আলোচনা হতে পারে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। শনিবার বিকেল ৫টায় চণ্ডীগড়ে পঞ্জাবের কংগ্রেস বিধায়কদের বৈঠকেও মুখ্যমন্ত্রী বদল নিয়ে আলোচনা হতে পারে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। পঞ্জাবের দায়িত্বপ্রাপ্ত এআইসিসি সাধারণ সম্পাদক হরিশ রাওয়ত টুইটারে লিখেছেন, 'পঞ্জাবের কংগ্রেস বিধায়কদের বড় অংশের আবেদনের প্রেক্ষিতে বৈঠক ডাকা হয়েছে।'

অন্যদিকে, রাহুল গাঁধী কেন্দ্রের বিরুদ্ধে সৌন্দর্যায়নের নামে ঐতিহাসিক স্মারক জালিয়ানওয়ালা বাগের রূপ বদল নিয়ে প্রকাশ্যে কেন্দ্রের সমালোচনা করলেও অমরেন্দ্র জানিয়েছেন, নরেন্দ্র মোদী সরকারের ওই উদ্যোগ তাঁর ভাল লেগেছে। আগামী বছরের গোড়ায় উত্তরপ্রদেশে, উত্তরাখণ্ডের সঙ্গে পঞ্জাবেরও বিধানসভা ভোট হওয়ার কথা। অমরেন্দ্র দল ছাড়লে ওই রাজ্য কংগ্রেসের হাতছাড়া হতে পারে বলে রাজনৈতিক বিশ্লেষকদের পূর্বাভাস।—হিন্দুস্থান সমাচার / কাকলি

# আগামী তিন বছরের মধ্যে মিনি সচিবালয়ের কাজ সম্পূর্ণ হবে, বরাক থেকে দালালরাজ উৎখাতে জনগণকে সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান মুখ্যমন্ত্রীর

শিলচর (অসম), ১৮ সেপ্টেম্বর (হি.স.) : আগামী তিন বছরের মধ্যে মিনি সচিবালয়ের কাজ সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা হাতে নেওয়া হয়েছে। আসন্ন দুর্গাপুজোর পরই শুরু হবে এর নির্মাণকার্য। মিনি সচিবালয় নির্মাণের জন্য রাজ্য সরকার ইতিমধ্যে বাজেটে ১১৬ কোটি টাকা বরাদ্য করেছে। আগামী ২৪ সেপ্টেম্বর এই কাজের ডেন্ডার আহ্বান করা করবে সরকার। দুদিনের কাছাড় জেলা সফরে এসে আজ শনিবার শ্রীকোণায় প্রস্তাবিত মিনি সচিবালয়ের নির্ধারিত স্থান পরিদর্শন করে বলেছেন মুখ্যমন্ত্রী ড় হিমন্তবিশ্ব শর্মা।

সাংবাদিকের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী এই কথাগুলি জানিয়ে বলেন, মিনি সচিবালয়ের কাজকর্ম পুরোদমে শুরু হলে বরাক উপত্যকার সর্বশ্রেণির মানুষ উপকৃত হবেন। বিভিন্ন বিভাগের ছোটখাট কাজের জন্য আর গুয়াহাটি দৌড়ঝাঁপ করতে হবে না। বরাক উপত্যকার জনগণের স্বার্থে প্রায় সবকয়টি বিভাগের জয়েন্ট সেক্রেটারি, অ্যাডিশনাল সেক্রেটারি, ডেপুটি সেক্রেটারি সহ উচ্চ পদস্থ আধিকারিকদের নিয়োজিত করা হবে শিলচর শ্রীকোণায় অবস্থিত মিনি সচিবালয়ে। এক প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী বলেন, সমগ্র রাজ্য থেকে দালাল উৎখাতে কঠোর অবস্থান নিয়েছে অসম সরকার। বরাক উপত্যকার জমি কেনাবেচার ক্ষেত্রে ভূবাসন আধিকারিক কার্যালয়ে চিরাচরিত দুর্নীতি ও দালালদের উপদ্রব তথা সরকারি বিভিন্ন বিভাগের যাবতীয় দুর্নীতি বিমোচনে এতদঞ্চলের জনগণকে দুর্নীতির বিরুদ্ধে সক্রিয় হওয়ার আহ্বান জানান তিনি।

দুদিনের কার্যসূচি নিয়ে আজ কাছাড় সফরে এসে মিনি সচিবালয়ের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে সরজমিনে পরিদর্শনকালে কথাগুলো বলেন মুখ্যমন্ত্রী ড় হিমন্তবিশ্ব শর্মা। মিনি সচিবালয় নির্মাণে সরকার ১১৬ কোটি টাকার বাজেট বরাদ্দ করেছে বলে জানান তিনি। সেটেলমেন্ট অফিসের দালালচক্রের বিরুদ্ধে কার্যত হুংকার ছুড়ে মুখ্যমন্ত্রী ড় শর্মা স্পষ্ট ভাষায় বলেন, জমি কেনাবেচার ক্ষেত্রে দালালদের হস্তক্ষেপ চলবে না। এক্ষেত্রে বিভাগীয় যে কোনও আধিকারিকের কোনও রকমের যোগসাজশের প্রমাণ পাওয়া গেলে তাৎক্ষণিক কড়া ব্যবস্থা নেওয়া হবে। মুখ্যমন্ত্রীর স্পষ্ট বক্তব্য, অসমে কোনও ধরনের মধ্যস্বত্বভোগী অর্থাৎ দালালরাজ চলবে না। যে কোনও সরকারি কার্যালয়ে দালালদের উপদ্রব তথা দুর্নীতির আভাস পেলে বিস্তারিত তথ্য সমেত দালালদের তালিকা তৈরিতে জনগণকে এগিয়ে আসার আহ্বান জানান মুখ্যমন্ত্রী ড় শর্মা। বলেন, অসমকে সম্পূর্ণরূপে দুর্নীতিমুক্ত রাজ্য গড়ার উদ্দেশ্যে কাজ করছে সরকার। পরে মহাসড়কের সংযোগ রক্ষাকারী বাইপাস রোডের কাজের অগ্রগতি সম্পর্কেও সরেজমিনে খোঁজ নিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। জিরো পয়েন্টে প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটলবিহারী বাজপেয়ীর পূর্ণাবয়ব মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে প্রয়াত নেতার প্রতি শ্রদ্ধা জানান তিনি। এছাড়া সাড়ে বারোটা নাগাদ শিলচর রেডক্রসের একটি ভবন নির্মাণের শিলান্যাস করে রাজীব ভবনের সামনে একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী চলে যান শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে। সেখানে ৪০ সিটের আইসিইউ এবং আরও ৩০ সিটের পেডিয়েট্রিক বিভাগের আইসিইউ-এর আনুষ্ঠানিক সূচনা করেন মুখ্যমন্ত্রী। সাড়ে পাঁচটায় জেলাশাসকের কার্যালয়ের সভাকক্ষে হিন্দিভাষী লোকজন এবং কয়েকটি এনজিও প্রতিনিধিদের সঙ্গে এক আলোচনা ও মতবিনিময় কার্যসূচিতে অংশ নেন। মুখ্যমন্ত্রীর সব কার্যক্রমে তঁর সঙ্গী ছিলেন বন ও পরিবেশ দফতরের মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য, শিলচরের সাংসদ রাজদীপ রায়, তেজপুরের সাংসদ পল্লবলোচন দাস, তিন বিধায়ক যথাক্রমে শিলচরের দ্বীপায়ন চক্রবর্তী, লক্ষ্মীপুরের কৌশিক রাই, মিহিরকান্তি সোম, বিজেপি জেলা সভাপতি বিমলেন্দু রায়, কাছাড়ের জেলাশাসক কীর্তি জল্লি, পুলিশ সুপার সহ পদস্থ আধিকারিকরা।

আগামীকাল শিলচর টাউন ক্লাবের ফুটবল ময়দানে একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করার পাশাপাশি কাছাড়ের শৈবতীর্থ ঐতিহ্যবাহী ভুবন মন্দির, উধারবন্দের খাসপুর রাজবাড়ি পরিদর্শন সহ বেশকিছু কার্যসূচিতে অংশগ্রহণের কথা মুখ্যমন্ত্রীর। সোমবার ২০ সেপ্টেম্বর সকালে গুয়াহাটি ফিরে যাবেন তিনি। হিন্দুস্থান সমাচার /

## যৌথ বাহিনীর গুলিতে ধরাশায়ী নবজাতক সশস্ত্র জঙ্গি সংগঠন ইউএলবির দুই ক্যাডার

কোকরাঝাড় (অসম), ১৮ সেপ্টেম্বর (হি.স.) : যৌথ বাহিনীর এনকাউন্টারে ধরাশায়ী হয়েছে সদ্য ভূমিষ্ঠ ইউনাইটেড লিবারেশন ফর বড়োল্যান্ড (ইউএলবি) নামের সশস্ত্র জঙ্গি সংগঠনের দুই ক্যাডার। আজ শনিবার ভোররাতে কোকরাঝাড় জেলার ঘন লাংসাং জঙ্গলে এই ঘটনা সংঘটিত হয়েছে। নিহত দুই জঙ্গিকে জাংসার মুশাহারি (২৩) এবং জনক কুমার ব্রহ্ম (২৩) বলে শনাক্ত করেছে পুলিশ।

গত ১৫ সেপ্টেম্বর ইউএলবি নামের একটি সশস্ত্র সংগঠন ভূমিষ্ঠ হয়েছে। মুখে কালো কাপড়, চোখে কালো চশমা, মাথায় সবুজ রঙের পিক-টুপি, গায়ে সবুজ রঙের সেনাবাহিনীর আদলে পোশাক পরিহিত জনকয়েক জঙ্গি গতকাল এক ভিডিও জারি করে নবগঠিত জঙ্গি সংগঠনের জানান দিয়েছিল।

এনকাউন্টারের সত্যতা স্বীকার করে অসমের স্পেশাল ডিজিপি (আইন-শৃঙ্খলা) জ্ঞানেন্দ্রপ্রতাপ সিং জানান, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে গতকাল রাতে ঘন জঙ্গল লাংসাঙে অভিযান চালিয়েছিল পুলিশ ও আধাসেনা বাহিনী। ভোররাতের দিকে নিরাপত্তা বাহিনী যখন জঙ্গলে সশস্ত্র জঙ্গিদের প্রায় কাছাকাছি চলে গিয়েছিল, তখন তারা নিরাপত্তা বাহিনীকে লক্ষ্য করে গুলি চালায়। পুলিশও গুলিতেই পাল্টা জবাব দেয়। কিছুক্ষণ পর দেখা যায় গুলিবিদ্ধ দুজন মাটিতে পড়ে রয়েছে। সেখান থেকে তাদের উদ্ধার করে কোকরাঝাড়ে রূপনাথ ব্রহ্ম অসামরিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত ডাক্তার তাদের নিহত বলে ঘোষণা করেন।

পুলিশের প্রাথমিক তদন্ত-রিপোর্টের উদ্ধৃতি দিয়ে স্পেশাল ডিজিপি (আইন-শৃঙ্খলা) বলেন, এরা কোকরাঝাড় জেলার বিসমুরি এলাকায় চাঁদাবাজিতে জড়িত ছিল। নিহত দুই জঙ্গির কাছ থেকে দুটি পিস্তল এবং আটটি হ্যান্ড গ্রেনেড উদ্ধার করা হয়েছে।

হিন্দুস্থান সমাচার / সমীপ / অরবিন্দ

## "আমি কাজ পাগল, বাংলার জন্য কাজ করতেই এই সিদ্ধান্ত", জানালেন বাবুল সুপ্রিয়

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স) : "আমি কাজ পাগল, বাংলার জন্য কাজ করতেই এই সিদ্ধান্ত। " শনিবার তৃণমূলে যোগ দেওয়ার পরে এমনটাই বললেন বাবুল সুপ্রিয়। আগামী সোমবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখাও করবেন তিনি। দলবদলের পর বাবুল বলেন, আসানসোলের সাংসদ পদ থেকেও ইস্তফা দেবেন।

বাবুল নরেন্দ্র মোদীর সরকারে ৭ বছর মন্ত্রী ছিলেন। কিন্তু সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রিসভার রদবদলে তাঁকে মন্ত্রিত্বকে সরিয়ে দেওয়ার পর রাজনীতি ছাড়ার কথা ঘোষণা করেছিলেন। শনিবার তৃণমূলে যোগ দিলেন তিনি। সেই যোগদানের পর বাবুল বলেন, "রাজনীতি ছাড়ার সিদ্ধান্ত নিয়েছিলাম। কিন্তু বাংলার মানুষের জন্য কাজ করার এত বড় সুযোগ ছাড়তে পারিনি। শেষ তিন-চারদিনের মধ্যেই সিদ্ধান্ত নিয়েছি।"

এবার কি তবে ভবানীপুরের উপনির্বাচনে মমতার হয়ে প্রচারে যাবেন? বাবুলের জবাব, "মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য বাবুলের প্রচারের দরকার হয় নাকি?" তবে দল বললে তিনি অবশ্যই প্রচারে যাবেন বলে জানিয়েছেন বাবুল। হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

## ট্রাকে ধাক্কা অ্যাম্বুলেন্সের, উত্তর প্রদেশে হতাহত ৫ জন

সন্ত কবির নগর, ১৮ সেপ্টেম্বর (হি.স.): উত্তর প্রদেশের সন্ত কবির নগর জেলায় নিয়ন্ত্রণে হারিয়ে রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা ট্রাকে ধাক্কা মারল একটি অ্যাম্বুলেন্স। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে দু'জনের, এছাড়াও ৩ জন গুরুতর আহত হয়েছেন। শনিবার দুর্ঘটনাটি ঘটেছে খলিলাবাদ এলাকায় বুধা কালা গ্রামের কাছে ২৮ নম্বর জাতীয় সড়কে।

দিল্লি থেকে বিহারে একটি মরদেহ নিয়ে আসছিল অ্যাম্বুলেন্সটি। ২৮ নম্বর জাতীয় সড়কের উপর রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা ট্রাকে ধাক্কা মারে অ্যাম্বুলেন্সটি। দুর্ঘটনাস্থলেই মৃত্যু হয় দু'জনের, একজন মহিলা-সহ ৩ জন গুরুতর আহত হয়েছেন। মৃতদের নাম-অনিল সিং ও সুনীল কুমার। তাঁদের বাড়ি বিহারের মোতিহারি জেলায়।

## রাজের সঙ্গে দাম্পত্য শেষ হতে চলল, ইঙ্গিত শিল্পার

মুম্বই, ১৮ সেপ্টেম্বর (হি.স) : পর্নকাণ্ডে অভিযুক্ত রাজ কুন্দ্রার সঙ্গে অভিনেত্রী স্ত্রী শিল্পা শেট্টির দাম্পত্য জীবন শেষ হতে চলেছে। শনিবার সকালে এমনই বার্তা দিলেন অভিনেত্রী শিল্পা শেট্টি। এদিন 'সমাপ্তি'-র কথা বললেন রাজের স্ত্রী। তা ছাড়া জীবনের ভুল নিয়েও বার্তা দিলেন তিনি।

শিল্পা তাঁর ইনস্টাগ্রাম স্টোরিতে একটি বইয়ের এক প্রচ্ছদের ছবি পোস্ট করেছেন। যার শিরোনাম, 'নতুন সমাপ্তি'। তাতে ইংরেজি ভাষায় লেখা, 'আমরা হয়তো বসে বসে অতীতের কথা ভেবে সময় নষ্ট করতে পারি। কী কী ভুল করেছি, কী কী ভুল সিদ্ধান্ত নিয়েছি, কাকে কষ্ট দিয়েছি, এ সব কিছু নিয়ে চিন্তা করতে পারি, কিন্তু অতীতে ফিরে গিয়ে সে সব বদলাতে পারব না। কিন্তু আমরা সামনে এগিয়ে যেতে পারি। ঠিক সিদ্ধান্ত নিতে পারি। পুরনো ভুলকে এড়িয়ে যেতে পারি। আশেপাশের মানুষের সঙ্গে ভাল ভাবে থাকতে পারি। নিজেদের গুছিয়ে নেওয়ার অজস্র সুযোগ পাব আমরা। অতীতে যা করেছি, তার ভিত্তিতে নিজের পরিচয় তৈরি করার দরকার নেই। নিজের ভবিষ্যত নতুন করে তৈরি করতে পারি।'

দিন তিনেক আগে রাজের নামে ১৪০০ পাতার চার্জশিট পেশ করেছে মুম্বই পুলিশের অপরাধ দমন শাখা। তারই একটি অংশে শিল্পার বয়ান লেখা হয়েছে। শিল্পার বক্তব্য, "কাজের চাপে এমনই ব্যস্ত ছিলাম যে রাজ কী করছে সে সব খবর রাখতাম না।" পুলিশের খবর, পর্ন বানিয়ে এই দু'টি অ্যাপের মাধ্যমে ছড়িয়ে দিতেন রাজ। গুগল প্লে স্টোর এবং অ্যাপেল অ্যাপ স্টোর থেকে 'হটশটস' বাতিল করে দেওয়ার পর 'বলিফেম' তৈরি করা হয়েছিল। হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

## বহু বিজেপি নেতা তৃণমূল নেতৃত্বের সঙ্গে যোগাযোগ রাখছেন : কুণাল ঘোষ

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স.): রাজ্য বিজেপিতে ভাঙন ধরছে প্রায় প্রতিদিনই। কখনও বিজেপি বিধায়করা যোগ দিচ্ছেন তৃণমূলে, কখনও আবার জেলাস্তরে বিজেপি থেকে বহু কর্মী তৃণমূলে সামিল হচ্ছেন। সর্বশেষ সংযোজন বাবুল সুপ্রিয়র তৃণমূলে যোগদান। বাবুল তৃণমূলে যোগ দেওয়ার পরই তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক ও মুখপাত্র কুণাল ঘোষ জানিয়েছেন, বহু বিজেপি নেতা তৃণমূল নেতৃত্বের সঙ্গে যোগাযোগ রাখছেন।

শনিবার অভিষেক বন্দ্যোপাধ্যায় ও ডেরেক ও''ব্রায়ানের উপস্থিতিতে তৃণমূলে যোগ দিয়েছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী বাবুল সুপ্রিয়। এরপরই কুণাল ঘোষ জানিয়েছেন, বহু বিজেপি নেতা তৃণমূল নেতৃত্বের সঙ্গে যোগাযোগ রাখছেন। তাঁরা বিজেপিতে সন্তুষ্ট নন। একজন (বাবুল সুপ্রিয়) শনিবার যোগ দিয়েছেন, অন্যজন আগামীকাল যোগ দিতে চান। এই প্রক্রিয়া চলবে। অপেক্ষা করুন এবং দেখুন।' হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## অপমানিত হয়ে পঞ্জাবের মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা অমরিন্দরের, থাকছেন কংগ্রেসেই

চণ্ডীগড়, ১৮ সেপ্টেম্বর (হি.স.): "অপমানিত" হয়ে পঞ্জাবের মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দিয়ে দিলেন ক্যাপ্টেন অমরিন্দর সিং। শনিবার বিকেলে চণ্ডীগড়ে রাজভবনে গিয়ে মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দিয়েছেন অমরিন্দর সিং। রাজ্যপাল বনওয়ারিলাল পুরোহিতের কাছে নিজের ও মন্ত্রিসভার ইস্তফাপত্র জমা দিয়েছেন অমরিন্দর সিং। একইসঙ্গে জানিয়েছেন, কংগ্রেসেই তিনি থাকছেন। ভবিষ্যতে তিনি কী করবেন, সে বিষয়ে নিজের সমর্থকদের সঙ্গে কথা বলে সিদ্ধান্ত নেবেন বলে জানিয়েছেন। এদিন মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দেওয়ার পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে অমরিন্দর সিং জানিয়েছেন, যেভাবে কথা চলছিল, তাতে অপমানিত লেগেছে। সকালেই কংগ্রেসের সভানেত্রীর সঙ্গে আমি কথা বলেছি, জানিয়েছে আজই মুখ্যমন্ত্রী পদ থেকে আমি ইস্তফা দেব।' অমরিন্দর জানিয়েছেন, তিনি কংগ্রেসেই থাকছেন। এখন প্রশ্ন হল, কে তাহলে পঞ্জাবের মুখ্যমন্ত্রী হবেন? উত্তরও দিয়ে দিয়েছেন অমরিন্দর সিং। তিনি বলেন, হাইকমান্ডের যাঁদের উপর বিশ্বাস রয়েছে, তাঁদের মুখ্যমন্ত্রী করতে পারেন।'

## পাঞ্জশিরে খুলেছে সড়ক, চালু হল টেলিকম পরিষেবাও

কাবুল, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : তালিবানের দখলে যাওয়া আফগানিস্তানের পাঞ্জশিরেও খুলেছে সড়ক।পুনরায় চালু হয়েছে টেলিকম সেবা। তবে এখন বিদ্যুৎ সেবা চালু হয়নি। এই তথ্য জানায় আফগানিস্তানের গণমাধ্যম টোলো নিউজ। তালিবান আফগানিস্তানের সবকটি প্রদেশ নিয়ন্ত্রণ নেওয়ার পরও পাঞ্জশির ছিল অজেয়। কিন্তু তালিবানের কৌশলের কাছে পতন হয় পাঞ্জশিরের। ৩৪তম প্রদেশ হিসেবে পাঞ্জশিরের নিয়ন্ত্রণ নেয় তালিবান। ঘোষণা করে অন্তর্বর্তী সরকার। এখন ধীরে ধীরে দেশের প্রায় সবকটি অঞ্চলের পরিস্থিতি স্বাভাবিক হতে শুরু করেছে। পাঞ্জশিরেও সড়ক খুলেছে এবং পুনরায় চালু হয়েছে টেলিকম সেবা। স্থানীয়রা জানান, প্রদেশে এখনও বিদ্যুৎ সেবা চালু হয়নি। স্থানীয় সাংবাদিক মোহাম্মদ ওয়াসি আলমাস বলেন, গতকাল (বৃহস্পতিবার) থেকে টেলিকম নেটওয়ার্ক কাজ করছে। বর্তমানে মূল সমস্যা হচ্ছে বিদ্যুৎ বিচ্ছিন্ন রয়েছে, যা এখনও সমাধান হয়নি। পাঞ্জশিরের স্থানীয় কয়েকজন বাসিন্দা জানান, '৯০ শতাংশের' মত বাসিন্দা সংঘাতের জেরে পাহাড়ে পালিয়ে গেছেন। প্রদেশে অর্থনৈতিক সংকট তীব্র আকার ধারণ করেছে। মৌলভী মাওলভী সানা সঙ্গীন ফাতিহ বলেন, প্রদেশের পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক। নারী, শিশু এবং প্রদেশের নাগরিকদের নিরাপদ রাখা আমাদের দায়িত্ব। বিদ্যুৎ না থাকা বা খাদ্যের অভাব এগুলো সব মিথ্যা।

## পশ্চিমবঙ্গের নয়া জাতীয় সড়কের কথা টুইটে জানালেন নীতিন গড়করি

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : পশ্চিমবঙ্গের নয়া জাতীয় সড়কের কথা টুইটে জানালেন কেন্দ্রীয় পথ পরিবহণ ও সড়কমন্ত্রী নীতিন গড়করি। টুইটে তিনি শনিবার লিখেছেন, "হলদিয়া মাল্টি-মোডাল টার্মিনাল (১১৬ নম্বর জাতীয় সড়ক) এবং কোলাঘাট বন্দর থেকে ১১৬ নম্বর জাতীয় সড়কের সাথে সংযুক্ত রাস্তাটিকে পশ্চিমবঙ্গের নতুন জাতীয় মহাসড়ক হিসেবে ঘোষণা করে খসড়া বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।" নীতিন গড়করি এই টুইট যুক্ত করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়, জন বার্লা, রাজ্য বিজেপি-কেও। হিন্দুস্থান সমাচার/ অশোক

## ৬৫ বছরের ঊর্ধে সবাইকে বুস্টার ডোজ দেবে আমেরিকা

ওয়াশিংটন, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : করোনা প্রতিরোধে বুস্টার ডোজ দেওয়ার পরিকল্পনা আমেরিকার। ৬৫ বছরের ঊর্ধে এবং উচ্চঝুঁকিতে থাকা ব্যক্তিদের ফাইজার-বায়োএনটেকের বুস্টার ডোজ দেওয়ার অনুমোদন দিয়েছে ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (এফডিএ)। এফডিএ-র পক্ষ থেকে বলা হয়েছে, আমেরিকায় কেবল ৬৫ বা তার অধিক বয়সীদেরই বুস্টার ডোজ দেওয়া হবে। যদিও এফডিএ'র প্যানেল গণহারে বুস্টার ডোজ প্রদান প্রত্যাখ্যান করেছে। আগামী সপ্তাহ থেকে করোনার ডেল্টা ধরন প্রতিরোধে বুস্টার ডোজ দেওয়ার পরিকল্পনা করেছিল বাইডেন প্রশাসন। এ কারণে ফাইজার গণহারে বুস্টার ডোজ প্রদানের জন্য আবেদন করে। কিন্তু এফডিএ'র প্যানেল সেই প্রস্তাব প্রত্যাখ্যান করে শুধু বয়স্ক ও উচ্চ ঝুঁকিতে থাকা নাগরিকদের তৃতীয় ডোজ প্রদানের সুপারিশ করেছে। হোয়াইট হাউজের প্রেসসচিব জেন সাকিএকবিবৃতিতে বলেছেন, আমরা আগ্রহীদের এক সঙ্গে কাজ করার প্রতিশ্রুতি দেওয়ার আহ্বান জানাবো, যেখানে আমাদের একটাই লক্ষ্য কোভিড-১৯ নিয়ন্ত্রণ করা। ইউনিভার্সিটি অব পেনসিলভ্যানিয়ার সংক্রামক ব্যাধি বিশেষজ্ঞ এবং প্যানেল সদস্য ড়পল ওফিট বলেন, আগামী ২০ সেপ্টেম্বর ব্যাপক পরিসরে বুস্টার ডোজ দেওয়ার পরিকল্পনা নিয়েছিলেন প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন। এফডিএর প্যানেল আমেরিকানদের গণহারে বুস্টার ডোজ প্রদান প্রত্যাখ্যান তা সম্ভব হচ্ছে না।

## টিকা সংকটে আফ্রিকা

জেনেভা, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : করোনার ঊর্ধ গতির মধ্যে টিকা সংকটে আফ্রিকা। পর্যাপ্ত টিকার অভাবে রাষ্ট্রপুঞ্জের কোভ্যাক্স কর্মসূচি আফ্রিকায় মুখ থুবড়ে পড়েছে। যা নিয়ে চিন্তায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। আফ্রিকায় হু-র ডিরেক্টর মাতশিদিসো মোয়েতি বলেন, "টিকাহীন আফ্রিকায় আগামী দিনে করোনার আরও ভয়ঙ্কর নতুন নতুন স্ট্রেন তৈরি হতে পারে।" এই পরিস্থিতিতে ধনীদেশগুলি এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন তিনি।

গত দু'মাসের মধ্যে চলতি সপ্তাহে বিশ্ব জুড়ে করোনা সংক্রমণ প্রথম বার নিম্নমুখী হয়েছে বলে সম্প্রতি জানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। তবে একমাত্র ব্যতিক্রম আফ্রিকা। সেখানে সংক্রমণের হার ৭ শতাংশ বেড়েছে। তার উপরে রয়েছে টিকার সঙ্কট। পর্যাপ্ত টিকার অভাবে রাষ্ট্রপুঞ্জের কোভ্যাক্স কর্মসূচি আফ্রিকায় মুখ থুবড়ে পড়েছে। এ বছরের মধ্যে আফ্রিকা পাবে মাত্র ১৫ কোটি ডোজ। ঘাটতি থাকবে ৪৭ কোটির। আর তাতেই আশঙ্কার মেঘ দেখছে হু। আফ্রিকায় হু-র ডিরেক্টর মাতশিদিসো মোয়েতি বলেন, "টিকাহীন আফ্রিকায় আগামী দিনে করোনার আরও ভয়ঙ্কর নতুন নতুন স্ট্রেন তৈরি হতে পারে। "

হু জানিয়েছে, এ বছরের শেষে তারা ৪০ শতাংশ মানুষকে টিকাকরণের আওতায় আনার যে কর্মসূচি হাতে নিয়েছে, তা আফ্রিকায় সফল করা সম্ভব নয়। সেখানে সাকুল্যে ১৭ শতাংশ মানুষকে টিকা দেওয়া যাবে। মোয়েতির মতে, এই পরিস্থিতিতে ধনীদেশগুলি এগিয়ে না এলে আফ্রিকায় টিকাকরণের লক্ষ্যমাত্রা পূরণ সম্ভব নয়।

এ দিকে শিশু এবং কিশোর-কিশোরীদের উপরে করোনা প্রতিষেধক কতটা কার্যকর তা নিয়ে দক্ষিণ আফ্রিকায় চূড়ান্ত পরীক্ষা শুরু করেছে চিনের টিকা প্রস্তুতকারী সংস্থা সিনোভ্যাক বায়োটেক। সংস্থার সূত্রে খবর, দক্ষিণ আফ্রিকার পাশাপাশি চিলি, কেনিয়া, মালয়েশিয়া, ফিলিপিন্সে ছয় মাস থেকে ১৭ বছর বয়সি প্রায় ১৪ হাজার শিশুর উপরে তারা এই পরীক্ষা চালাচ্ছে। পরীক্ষার দায়িত্বে থাকা এক বিশেষজ্ঞ বলেছেন, "শিশুদের মধ্যে সংক্রমণের ভয়বহতা তুলনায় কম। তবু ওরাও আক্রান্ত হচ্ছে।"-হিন্দুস্থান সমাচার / কাকলি

## অসম : বিশেষ উচ্চমাধ্যমিক পরীক্ষা ১ অক্টোবর থেকে, নির্ঘণ্ট জারি শিক্ষা পরিষদের

গুয়াহাটি, ১৮ সেপ্টেম্বর (হি.স.) : অসম উচ্চ মাধ্যমিক শিক্ষা পরিষদ (এএইচএসইসি) পরিচালিত বিশেষ উচ্চ মাধ্যমিক পরীক্ষা আগামী ১ অক্টোবর থেকে শুরু হবে। চলবে ১১ অক্টোবর পর্যন্ত। এ সংক্রান্ত দিনক্ষণ জারি করেছেন পরিষদ কর্তৃপক্ষ। করোনার আবহে এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষা বাতিল করে মূল্যায়ন প্রক্রিয়ায় নির্ধারিত নীতি অনুযায়ী ছাত্রছাত্রীদের উত্তীর্ণ করা হয়েছিল। প্রকাশিত ফলাফল বা নম্বরে অসন্তুষ্ট শিক্ষার্থীরা অবতীর্ণ হবে বিশেষ এই পরীক্ষায়।অসম উচ্চ মাধ্যমিক শিক্ষা পরিষদ কর্তক জারিকৃত বিজ্ঞপ্তি জানানো হয়েছে, নির্দিষ্ট দিন পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট আগে প্রশ্নপত্র বিতরণ করা হবে। এর আগে নির্দিষ্ট আসনে পৌঁছতে হবে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের। গত ৩১ জুলাই বিকল্প মূল্যাংকন পদ্ধতিতে উচ্চ মাধ্যমিকের ফলাফল ঘোষণা করেছিল শিক্ষা পরিষদ। কিন্তু প্রকাশিত ফলাফলে বহু পরীক্ষার্থী অসন্তুষ্ট হয়ে পড়েছিল। তাই অসন্তুষ্ট ছাত্রছাত্রীদের জন্য বিকল্প হিসেবে বিশেষ চূড়ান্ত পরীক্ষার আয়োজন করেছে এএইচএসইসি। এদিকে সম্পূর্ণ কোভিড বিধি অনুসরণ করে বিশেষ পরীক্ষা অনুষ্ঠিত করতেও বলা হয়েছে।

প্রসঙ্গত, গত ১৪ সেপ্টেম্বর অসম মাধ্যমিক শিক্ষা পর্যদ কর্তৃপক্ষও বিশেষ মাধ্যমিক পরীক্ষা আগামী ১ অক্টোবর থেকে শুরু হবে বলে দিনক্ষণ জারি করেছিলেন। হিন্দুস্থান সমাচার / সমীপ / অরবিন্দ

## রাতাবাড়ির ভেটারবন্দে বাজেয়াপ্ত প্রায় ২৩ কোটি টাকার ইয়াবা, অলটো সহ আটক চার

রাতাবাড়ি (অসম), ১৮ সেপ্টেম্বর (হি.স.) : করিমগঞ্জ জেলার রাতাবাড়ি থানাধীন ভেটারবন্দে ২৬ কেজি ১৫০ গ্রাম (২ লক্ষ ৩০ হাজারটি) নেশাজাতীয় ইয়াবা ট্যাবলেট সহ চার মাদক কারবারি ধরা পড়েছে। বাজেয়াপ্তকৃত ইয়াবাগুলির আন্তর্জাতিক বাজারমূল্য প্রায় ২৩ কোটি টাকা হবে বলে ধারণা করা হচ্ছে। প্রসঙ্গত, একেকটি ইয়াবার আন্তর্জাতিক মূল্য এক হাজার টাকা। রাতাবাড়ি থানা সূত্রে জানা গেছে, আজ শনিবার সকাল প্রায় সাড়ে ১১টা থেকে ১২টার মধ্যে দুল্লভছড়া ব্লক এলাকায় ভেটারবন্দে পুলিশের এডি ক্যাম্পে নিয়োজিত হোমগার্ড জনৈক শংকর কুমার নাথের বিচক্ষণতায় এই সাফল্য এসেছে। সাড়ে এগারোটা নাগাদ মিজোরাম সীমান্ত থেকে একটি ইংরেজি বর্ণে লেখা 'গড ইজ ওয়ান' নামের এএস ১০ ই ৯২৪৬ নম্বরের একটি অলটো আসলে চেকেগেটে তার গতিরোধ করেন ওই হোমগার্ড। গাড়িতে তালাশি চালাতে গিয়ে একটি বস্তা তাঁর নজরে পড়ে। বস্তা খুলে তা থেকে বেশ কয়েকটি প্লাস্টিক শিটে মোড়া ইয়াবা উদ্ধার করেন তিনি। হোমগার্ড মুহূর্ত বিলম্ব না করে খবর দেন এডি ক্যাম্পের ইনচার্জ এডি ক্যাম্পের ইনচার্জ নুরুল আমিন বড়ভুইয়াঁকে। ইনচার্জ এসে প্রথমেই গাড়ির চার আরোহীকে আটক করে খবর দেন রাতাবাড়ির ওসি রতন দাসকে। কিছুক্ষণের মধ্যে ঘটনাস্থলে পৌঁছেন ওসি। তিনি ইয়াবা সহ গাড়ি এবং চার মাদক পাচারকারীকে আটক করে নিয়ে আসেন রাতাবাড়ি থানায়। আটক চার মাদক পাচারকারীকে নাজিম উদ্দিন (২৬), সাহাব উদ্দিন (২৯), সুলতান হুসেন (২৮) এবং জুবের হুসেন (১৯) বলে পরিচয় পাওয়া গেছে। আজকের গোটা মাদক-বিরোধী অভিযানে হোমগার্ড শংকর নাথকে সহযোগিতা করেছেন আসাম পুলিশ ব্যাটালিয়ানের জওয়ান নুরুল আমিন, হোমগার্ড আলতাফ হুসেন, ভেটারবন্দ গ্রাম পঞ্চায়েতের উপ-সভাপতি বাবলা দত্ত, ৯ নম্বর ওয়ার্ড সদস্যের প্রতিনিধি স্বপন দে, ৮ নম্বর ওয়ার্ড সদস্য রিঙ্কু সেন, অমলেন্দু দে প্রমুখ। ইত্যবসরে রাতাবাড়ি থানায় ছুটে আসেন করিমগঞ্জের পুলিশ সুপার আইপিএস পদ্মনাভ বরুয়া। এই খবর লেখা পর্যন্ত ইয়াবা, গাড়ি সহ চার মাদক কারবারিকে রাতাবাড়ি থানায় রেখে জিজ্ঞাসাবাদ করছেন পুলিশ সুপার। পুলিশি জেরায় ধৃতরা নাকি জানিয়েছে, ইয়াবাগুলি তারা আসিমগঞ্জের কোনও এক চক্রের কাছে হস্তান্তরের জন্য নিয়ে যাচ্ছিল। তাছাড়া তাদের বয়ানে বেশ কিছু বিস্ফোরক তথ্যও উদ্ধার করেছে পুলিশ, জানান ওসি রতন দাস।

## গত ২৪ ঘণ্টায় রাজ্যে করোনা আক্রান্ত ৭২৮ জন

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : সামান্য বাড়ল সংক্রমণ। গত ২৪ ঘণ্টায় পশ্চিমবঙ্গে করোনায় আক্রান্ত ৭২৮ জন। রাজ্যে নতুন করে মৃত্যু হয়েছে ১২ জনের। পজিটিভিটি রেট ১.৯১ শতাংশ। শনিবার এমনটাই জানিয়েছে রাজ্য স্বাস্থ্য দফতরের। শনিবার বিকেলে রাজ্য স্বাস্থ্য দফতরের প্রকাশিত পরিসংখ্যান অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্ত ৭২৮ জন। তার মধ্যে কলকাতায় আক্রান্ত হয়েছেন ১২৭ জন। ঠিক তারপরেই রয়েছে উত্তর ২৪ পরগনা। ওই জেলায় আক্রান্ত ১২১ জন। পাহাড়ে করোনা আক্রান্তের তালিকায় শীর্ষে দার্জিলিং। গত ২৪ ঘণ্টায় সেখানে আক্রান্ত হয়েছেন ৩৩ জন। তার ফলে মোট আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ১৫ লক্ষ ৬১ হাজার ১৪ জন। আক্রান্তের পাশাপাশি মৃতের সংখ্যাও বেড়েছে বেশ খানিকটা। প্রাণহানি হয়েছে ১২ জনের। শুক্রবার সংখ্যাটা ছিল ৯জন। বর্তমানে মোট করোনার বলি ১৮ হাজার ৬৪১ জন।

# বিশ্বের বৃহৎ ও দ্রুত টিকা অভিযানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে গোয়া : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): টিকাকরণ অভিযানে শুক্রবার রেকর্ড গড়েছে ভারত। একদিনে দেশে টিকা দেওয়া হয়েছে ২.৫ কোটিরও বেশি প্রাপককে। এ জন্য দেশের সমস্ত চিকিৎসক, নার্স ও মেডিক্যাল স্টাফকে ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী। শুক্রবার ছিল প্রধানমন্ত্রীর জন্মদিন, বিশেষ ওই দিনে টিকাকরণে দেশের সাফল্যে ভীষণ খুশি প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেছেন, 'গতকাল আমার কাছে অত্যন্ত আনন্দময় দিন ছিল...আপনাদের সকলের প্রচেষ্টায়....আমার জন্য বিশেষ দিন হয়ে উঠেছে।'

শনিবার ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে গোয়ার চিকিৎসক, নার্স-সহ স্বাস্থ্যকর্মীদের সঙ্গে কথা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভ্যাকসিনের সুবিধাভোগীদের সঙ্গেও কথা বলেছেন প্রধানমন্ত্রী। উপস্থিত ছিলেন গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত। এদিন প্রধানমন্ত্রী বলেছেন, 'বিশ্বের সবচেয়ে বৃহৎ ও দ্রুততম টিকাকরণ অভিযানের সাফল্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে গোয়া-সবাইকে ভ্যাকসিন, বিনামূল্যে ভ্যাকসিন।' গোয়ার জনগণ ও সে রাজ্যের মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্তের ভূয়সী প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেছেন, 'বিগত কয়েক মাস ধরে মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্তের নেতৃত্বে ভারী বৃষ্টি, ঘূর্ণিঝড় ও বন্যার বিরুদ্ধে সাহসিকতার সাথে লড়াই করেছে গোয়া।'

শুক্রবার ছিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন, ওই দিন টিকাকরণে রেকর্ড গেছে ভারত। একদিনে দেশে টিকা দেওয়া হয়েছে ২.৫ কোটিরও বেশি প্রাপককে। এদিন আবেগাপ্লুত হয়ে প্রধানমন্ত্রী বলেছেন, 'সমস্ত চিকিৎসক, মেডিক্যাল স্টাফ, দেশের প্রশাসনে থাকা সকলকে অভিনন্দন জানাচ্ছি। আপনাদের প্রচেষ্টায়, এক দিনে ২.৫ কোটির বেশি মানুষকে টিকা দেওয়ার ক্ষেত্রে রেকর্ড গড়েছে ভারত। প্রতি ঘন্টায় ১৫ লক্ষের বেশি টিকা দেওয়া হয়েছে, প্রতি মিনিটে ২৬ হাজারের বেশি এবং প্রতি সেকেন্ডে ৪২৫ জনের বেশি প্রাপককে টিকা দেওয়া হয়েছে।' প্রধানমন্ত্রী বলেছেন, 'গতকাল আমার কাছে অত্যন্ত আনন্দের দিন ছিল...আপনাদের সকলের প্রচেষ্টায়...আমার জন্য বিশেষ দিন হয়ে উঠেছে।'

## নিলামে প্রধানমন্ত্রীর চাদরের দাম উঠল ১ কোটি টাকা !

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : নিলামের দ্বিতীয় দিনেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর চাদরের দাম উঠল ১ কোটি টাকা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন ১৭ সেপ্টেম্বর সকাল ১০টায় শুরু হওয়া নিলামে এই চাদরটির সর্বনিম্ন দাম রাখা হয়েছিল ৫০০ টাকা। কোনও ভক্তের দেওয়া গায়ের চাদরটি উপহার হিসেবে পেয়েছিলেন প্রধানমন্ত্রী। আর ২৭ ঘন্টার মাথায় শনিবার দুপুর ১টায় দেখা যায়, ওই চাদরের দাম উঠেছে ১ কোটি টাকা।

এদিকে, ইতিমধ্যেই ১০ কোটি টাকা ছাড়িয়ে গিয়েছে নিলামে ওঠা নীরজ চোপড়ার থেকে পাওয়া জ্যাভলিন। টোকিও অলিম্পিকে ট্রাক অ্যান্ড ফিল্ড ইভেন্টে দেশের প্রথম অ্যাথলিট হিসেবে সোনার পদক জেতা নীরজ চোপড়ার থেকে পাওয়া জ্যাভলিনটির শুক্রবার দর শুরু হয়েছিল ১ কোটি টাকা থেকে। শনিবার দুপুরেই তা ১০ কোটি টাকা ছাড়িয়ে গিয়েছে।

কোটি টাকা দাম উঠেছে কুস্তিগীর লাভলিনা বড়গোঁহাইয়ের গ্লাভস জোড়াও। অলিম্পিকে ব্রোঞ্জ জয়ী মহিলা কুস্তিগীর লাভলিনা বড়গোঁহাইয়ের গ্লাভস জোড়ার প্রাথমিক দর ছিল ৮০ লাখ টাকা। ইতিমধ্যেই তা ১ কোটিতে পৌঁছেছে।

এখনও ১৯ দিন ধরে চলবে নিলাম। মোদীর চাদর থেকে নীরজের জ্যাভলিনের মূল্য কোন উচ্চতায় পৌঁছয় তা জানা যাবে ৭ অক্টোবর। কেন্দ্রের তরফে জানানো হয়েছে, সংস্কৃতি মন্ত্রকের উদ্যোগে এই নিলাম থেকে প্রাপ্ত অর্থ ব্যয় হবে নমামি গঙ্গে প্রকল্পের জন্য।

গুজরাতের মুখ্যমন্ত্রী থাকার সময় থেকেই নিজের পাওয়া উপহার নিলামে বিক্রি করেন মোদী। এ বার জন্মদিন থেকে শুরু হয়েছে সেই নিলাম। জানা গিয়েছে, গত দু'বছরে দেশের বিভিন্ন প্রান্তে গিয়ে তিনি যে সব উপহার পেয়েছেন তার মধ্যে বাছাই সামগ্রী ভার্চুয়াল মাধ্যমে নিলাম হচ্ছে। ২০০১ সালের ৭ অক্টোবর প্রথম গুজরাতের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছিলেন তিনি। তার ২০ বছর পূর্ণ হচ্ছে এ বার। ওই দিন পর্যন্ত চলবে নিলাম। শুধু বিভিন্ন অনুষ্ঠানে গিয়ে পাওয়া উপহারই নয়, তাঁর সঙ্গে দেখা করতে এসে বিশিষ্টরা যে স্মারক দিয়েছেন মোদীকে, তা-ও উঠেছে নিলামে। বিভিন্ন গুরুত্বপূর্ণ ভবনের মডেল, পেন্টিং, স্মারক পেয়েছেন তা-ও নিলামে রাখা হয়েছে। এছাড়াও এই নিলামে এই রয়েছে প্যারালিম্পকে সোনা জয়ী ও বিশ্ব রেকর্ডের মালিক সুমিত অন্তিলের জ্যাভেলিনও। রয়েছে মহিলা হকি দলের অধিনায়ক রানি রামপালের স্টিক। রয়েছে অবনী লেখারার টি-শার্ট ছাড়াও অনেক উল্লেখযোগ্য সামগ্রী। রয়েছে মোদীর উপহার পাওয়া ঘন্টা থেকে তুলসী গাছ-সহ অনেক কিছুই।

## সোনু সুদের বিরুদ্ধে ২০ কোটি টাকা কর ফাঁকি দেওয়ার অভিযোগ আয়কর দফতরের

মুম্বই, ১৮ সেপ্টেম্বর (হি.স) : বলি অভিনেতা সোনু সুদের অফিস ও বাড়িতে হানা দেয় আয়কর দফতর। গত তিনদিনে তাঁর বাড়ি ও অফিসের তল্লাসির পর শনিবার আয়কর বিভাগের তরফ থেকে জানানো হয়েছে, ২০ কোটি টাকা আয়কর ফাঁকি দিয়েছেন অভিনেতা।

আয়কর বিভাগের তরফ থেকে জানানো হয়েছে, শুধুমাত্র কর ফাঁকিই নয়,একটি ক্রাউডফান্ডিং প্ল্যাটফর্মের জন্য বিদেশ থেকে ২.১০ কোটি টাকা অনুদান নিয়েছেন তিনি। এর দ্বারা বৈদেশিক অনুদান নিয়ন্ত্রণ আইন লঙ্ঘন করেছেন সোনু, এমনটাই অভিযোগ। তদন্তে উঠে এসেছে নানা চাঞ্চল্যকর তথ্য। ২০ টি এমন লেনদেনের হদিশ পেয়েছে আয়কর দফতরের অফিসাররা যেখানে ব্যবহার করা হয়েছে ভুয়ো ঠিকানা। এছাড়াও নগদ টাকার বিনিময়ে ইস্যু করা হয়েছে বেশ কয়েকটি চেক। কর ফাঁকি দেওয়ার উদ্দেশ্যেই বিভিন্ন পেশাগত পারিশ্রমিককে লোন হিসাবে দেখানো হয়েছে বলেও অভিযোগ। সব মিলিয়ে ২০ কোটি টাকা কর ফাঁকি দিয়েছে সোনুর সংস্থা।


সোনুর বিরুদ্ধে অভিযোগ, করোনা অতিমারিতে সাধারণ মানুষের পাশে দাঁড়িয়েছিলেন সোনু সুদ। রাতারাতি জনপ্রিয়তার শীর্ষে পৌঁছে যান এই অভিনেতা। গত বছর জুলাইয়ে একটি নন প্রফিট চ্যারিটি ফাউন্ডেশনের সূচনা করেন অভিনেতা। সেই এনজিওতে এখনও পর্যন্ত অনুদান জমা পড়েছে ১৮ কোটি টাকা। যাঁর মধ্যে ১.৯ কোটি টাকা ব্যবহার করা হলেও বাকি টাকা এখনও রয়েছে সেই সংস্থার ব্যাঙ্ক অ্যাকাউন্টে। এই ঘটনায় ইতিমধ্যেই সরব হয়েছে আম আদমি পার্টি ও শিবসেনা।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। অ্যাম্বুলেন্স : একতা সংস্থা : ৯৭৭৪৯৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/ সংহতি ক্লাব : ৮৭৯৪১ ৬ ৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন: ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), আইজিএম: ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, শববাহী যান : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ পুলিশ : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস : রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

## জনকল্যাণে উন্নয়ন কর্মসূচির কাজ নির্দিষ্ট সময়ে শেষ করতে হবে ঃ মন্ত্রী ভগবান দাস

**আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** জনকল্যাণে উন্নয়ন কর্মসূচির কাজ নির্দিষ্ট সময়ে শেষ করতে হবে। জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের মধ্যে সমন্বয় রেখে উন্নয়নমূলক কর্মসূচিগুলি রূপায়ণ করতে হবে। আজ কৈলাসহরের সার্কিট হাউসে এক পর্যালোচনা সভায় প্রাণী সম্পদ বিকাশ ও শ্রম মন্ত্রী ভগবান দাস একথা বলেন। সভায় ঊনকোটি জেলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, সহকারি সভাধিপতি শ্যামল দাস, গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নারায়ণ সিংহ, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান লাকি পাল দাস, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান হ্যাপি দাস সহ ঊনকোটি জেলার জেলাশাসক উত্তম কুমার চাকমা, অতিরিক্ত জেলাশাসক এন ডার্লং এবং বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় অতিরিক্ত জেলাশাসক জানান, এখন পর্যন্ত ঊনকোটি জেলায় রেগার কাজে ১৩ কোটি ৩৩ লক্ষ ৭৫০ শ্রমদিবসের সৃষ্টি হয়েছে। পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের আধিকারিক জানান, স্বচ্ছ ভারত (ফেজ-২)তে জেলার ২৭টি পঞ্চায়েতকে অন্তর্ভুক্ত করা হয়েছে। বন দপ্তরের আধিকারিক জানান, মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় এই জেলায় ১০ হাজার ৯৬০ পরিবারকে আম, জাম, গোলমরিচ, আগর প্রভৃতি গাছের চারা দেওয়া হয়েছে।

মৎস্য দপ্তরের প্রতিনিধি জানান, মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় জেলার ৪,৪৬৩টি পরিবারকে ৫০০টি করে মিশ্র মাছের পোনা দেওয়া হয়েছে।

কৃষি দপ্তরের প্রতিনিধি জানান, মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় ১২, ৮২৩টি পরিবারকে ১৫টি করে বিভিন্ন ধরণের ফলের চারা এবং ১ প্যাকেট করে সব্জি বীজ দেওয়া হয়েছে। তাছাড়া বিভিন্ন দপ্তরের আধিকারিকগণও সভায় তাদের দপ্তরের সাফল্যের খতিয়ান তুলে ধরেন।

## থানার

● প্রথম পাতার পর

পূর্বের মামলায় পুলিশ তাকে গ্রেফতার করেছে। তাঁর দাবি, শরীরিক অসুস্থতায় তাঁর মৃত্যু হয়েছে। কারণ, বুধবার রাতেই বুকে ব্যথা হচ্ছে বলে পুলিশকে জানিয়েছিলেন জামাল। তাই, তাকে ঔষুধ দিয়েছিল পুলিশ। কিন্তু, পরদিন সকালে লকআপের ভেতরেই তাকে মৃত অবস্থায় পাওয়া গেছে।

জামাল হোসেনের মৃত্যুর বিষয়ে ত্রিপুরা সরকার ম্যাজিস্ট্রেট তদন্তের নির্দেশ দিয়েছে। সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা এস বন্দোপাধ্যায় ম্যাজিস্ট্রেট পর্যায়ের তদন্ত করছেন। কিন্তু, তাতে সন্তুষ্ট নয় তৃণমূল কংগ্রেস। আজ তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ ডাঃ শান্তনু সেন এবং তৃণমূল নেতা সুবল ভৌমিক ত্রিপুরার মুখ্য সচিবের কাছে ওই ঘটনায় বিচারবিভাগীয় তদন্তের দাবি জানিয়েছেন।

## গ্রাহকরা

● আটের পাতার পর

পাড়ার মেইন লাইন কেটে ছিন্ন করে দিয়েছেন। বিদ্যুৎের খুটির তার মাটির মধ্যে এখনো পড়ে রয়েছে।গ্রাম প্রধান এবং মেম্বার এমনকি সমাজ সেবক পর্যন্ত বিদ্যুৎ অফিসে আজ দীর্ঘ দিন ধরে ফোন করে বিদ্যুৎপরিবাহি লাইন সংযোগ দেবার জন্য আবেদন করেছেন। কিন্তু দপ্তরের আধিকারিকের এই বিদ্যুৎ পরিষেবা নিয়ে কোন ভ্রুক্ষেপ নেই।মাঝে মধ্যে ফোনে বলছে আজ নয় কাল সারাইয়ের জন্য লাইন ম্যান পাঠাবেন। দীর্ঘ আড়াই তিন মাস অতিক্রান্ত হতে চলছে তার পরে ও হেলদৌল নেই দপ্তরের।কিছু দিন অপেক্ষা করে দেখেন যে বিদ্যুৎ লাইন আর সারাই হচ্ছে না।অবশেষে একপ্রকার বাধ্য হয়েই বাজার টিলা এবং বড়মুড়া প্রায় কুড়িটি পরিবার হূক লাইন জ্জালিয়ে আলোর ব্যবস্থা করছে।

## মুখ্যমন্ত্রীর সঙ্গে ধনঞ্জয় দাস কাঠিয়াবাবা চ্যারিটেবল ট্রাস্টের প্রধানের সৌজন্য সাক্ষাৎ

**আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সঙ্গে আজ সচিবালয়ে ধনঞ্জয় দাস কাঠিয়াবাবা চ্যারিটেবল ট্রাস্টের প্রধান ড় বৃন্দাবন দাস কাঠিয়াবাবা এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকারকালে ভারতবর্ষের ঐতিহ্যগত কৃষ্টি সংস্কৃতির বিষয়ে তাদের মধ্যে আলোচনা হয়। আলোচনাকালে মুখ্যমন্ত্রী স্পিরিচুয়াল ট্যুজিমের গুরুত্বের কথা তুলে ধরে বলেন, বিশ্বের যেকোন স্পিরিচুয়াল ট্যুরিজম স্থানগুলি যেকোন দেশের উন্নয়নের মাধ্যম। স্পিরিচুয়াল ট্যুরিজম স্থানকে কেন্দ্র করে বিভিন্ন পেশার সাথে যুক্ত মানুষের ধর্মীয় চেতনা বিকাশের পাশাপাশি রোজগারের সুযোগ সৃষ্টি হয়। আলোচনায় মুখ্যমন্ত্রী ত্রিপুরেশ্বরী মন্দির সহ সংলগ্ন এলাকার সার্বিক উন্নতিকল্পে সরকারের গৃহীত প্রকল্প সম্পর্কেও অবহিত করেন। সাক্ষাৎকারকালে ত্রিপুরায় স্বামী ধনঞ্জয় দাস কাঠিয়াবাবা মিশন কলেজ স্থাপনের জন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে তার প্রস্তাবিত প্রকল্পের তথ্য সম্বলিত একটি পুস্তিকা মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেওয়া হয়। এছাড়া এদিন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সঙ্গে সচিবালয়ে আগরতলা মিলিটারি স্টেশনের স্টেশন কমান্ডার ব্রিগেডিয়ার নিলেশ চৌধুরী সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকারে রাজ্যে আগামী ৬ নভেম্বর স্বর্নিম বিজয় বর্ষ অনুষ্ঠানে রাজ্যের মুখ্যমন্ত্রীকে উপস্থিত থাকতে আমন্ত্রন জানানো হয়।

## বাঁশের যথাযথ ব্যবহারে সমৃদ্ধ হবে রাজ্যের অর্থনীতি ঃ মুখ্যমন্ত্রী

**আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** বাঁশের যথাযথ ব্যবহারে সমৃদ্ধ হবে রাজ্যের অর্থনীতি। রাজ্যে উৎপাদিত বাশজাত সামগ্রীর বাজারজাতকরণ ও বাঁশ শিল্পের বিকাশে অগ্রাধিকার দেওয়া হয়েছে। বিশ্ব বাশ দিবস উপলক্ষে আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের অফিসকক্ষে টিআরপিসি লিমিটেডের উদ্যোগে তৈরি কিছু বাঁশজাত পণ্য বাজারজাতকরণের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের হাতে তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিশ্ব বাশ দিবস উপলক্ষে টিআরপিসি লিমিটেডের ই কমার্স প্ল্যাটফর্মের ওয়েবসাইটের সূচনা করেন। ওয়েবসাইটটি হলো vandhantripura.com মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যের বাশ শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য খাদি গ্রামোদ্যোগ পর্ষদের সহযোগে টিআরপিসি লিমিটেডকে কাজ করার পরামর্শ দেন। মুখ্যমন্ত্রী টিআরপিসি লিমিটেডের এ ধরনের উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী মেবার কুমার জমাতিয়া ও টিআরপিসি লিমিটেডের এমডি প্রসাদ রাও প্রমুখ।

উল্লেখ্য, আজ টিআরপিসি লিমিটেডের পক্ষ থেকে বাঁশের তৈরি ল্যাপটপ স্ট্যান্ড, মোবাইল স্ট্যান্ড, বাশের তৈরি বোতল, জাতীয় পতাকা স্ট্যান্ড, অশোক স্তম্ভ, বৌদ্ধ মূর্তি ইত্যাদি ১০টি বাঁশের তৈরি পণ্য মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের হাতে তুলে দেওয়া হয়।

## আত্মহত্যা

● প্রথম পাতার পর

মৃতদেহ হাসপাতালের মর্গে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষনা করেন।খবর চাউর হতেই কান্নায় রোল পরে বাড়িতে। হটাৎ কি এমন হয়েছিলো যে একেবারে আত্মহত্যার পথই বেছে নিতে হলো যুবতীকে এই প্রশ্নের মধ্যেই হাতড়াচ্ছেন বাড়ির লোক সহ পাড়াপরলীরা।ধারনা করা হচ্ছে হয়তো প্রেমে ছ্যাকা খেয়েই এই পথ বেছে নিয়েছে যুবতী।ঘটনায় একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।পর পর দুদিনে একই থানা এলাকায় দুই যুবতীর ফাঁসিতে আত্মহত্যার ঘটনায় এলাকায় ছড়িয়েছে চাঞ্চল্য।

## রাজস্থান

● প্রথম পাতার পর

হাইকোর্টের প্রধান বিচারপতি এএ কুরেশিকে এখন বড় হাইকোর্টে বদলি করা হচ্ছে। ইতিপূর্বে তাঁকে মধ্যপ্রদেশ হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে বদলির প্রস্তাব করেছিল কলেজিয়াম। কিন্তু কেন্দ্রীয় সরকার তাতে সম্মতি দেয়নি। ফলে তাঁকে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে নিযুক্তি দেয় কলেজিয়াম।

প্রসঙ্গত, ২০১৯ সালের ১৬ নভেম্বর ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব নিয়েছিলেন এএ কুরেশি। সুপ্রিমকোর্টে বিচারপতি হওয়ার সুযোগ না পাওয়া গেলে তিনি অবসরে যাবেন ২০২২ সালের ৬ মার্চ।

## চেষ্টা

● প্রথম পাতার পর

থেকে চিকিৎসা করিয়ে বিশালগড় থানায় অভিযুক্তের বিরুদ্ধে মামলা করবে বলে জানান পরিবারের লোকজন।

এদিকে জানা যায় , বিশ্বজিৎ দাস রিন্টু দেবনাথের ছোট ভাইয়ের শ্বশুর। রিন্টু দেবনাথের ছোট ভাই কিছুদিন আগে বিষপানে আত্মহত্যা করে পারিবারিক জামেলাকে কেন্দ্র করে। রিন্টুর ভাইয়ের মৃত্যুর পর থেকে ছোট ভাইয়ের শশুর বাড়ির উপর আক্রমণ চালায়। আজ সকালে ছোট ভাইয়ের শশুর কাজের উদ্দেশ্যে বাইরে থেকে যাবার পথে রিন্টুকে উদ্দেশ্যপ্রণোদিতভাবে প্রাণে মারার চেষ্টা করে ,গাড়িতে ধাক্কা দেয়। এরপর তাকে মাটিতে ফেলে এলোপাতাড়ি মারধোর করে বলে অভিযোগ। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। ঘটনার সুষ্ঠু তদন্তক্রমে অভিযুক্তের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

## করলেন

● প্রথম পাতার পর

সরকারের মন্ত্রীদের সঙ্গে বৈঠক করেন। এই বৈঠকের পর রাজনীতির কেন্দ্র হয়ে ওঠে অমরিন্দর সিংয়ের সিসওয়ান ফার্ম হাউস। অমরিন্দর সিংয়ের আহ্বানে কোনও মন্ত্রী খামার বাড়িতে পৌঁছাননি। অমরিন্দরের স্ত্রী ও পাতিয়ালার সাংসদ প্রনীত কৌর খামার বাড়িতে পৌঁছেছেন। এখানে অমরিন্দর সিং তাঁর ঘনিষ্ঠ কর্মকর্তাদের সঙ্গে আলাপ করেন।

এর পর তার মিডিয়া উপদেষ্টা জানান যে, অমরিন্দর সিং বিকাল সাড়ে চারটায় রাজভবনের সামনে সংবাদ সম্মেলন করবেন। কিছু সময় পর, অমরিন্দরের ছেলে রনিন্দর পদত্যাগের জল্পনা শেষ করে টুইট করে জানান যে, তার বাবা কিছুক্ষণের মধ্যেই পদত্যাগ করতে রাজভবনে যাচ্ছেন। তিনি এবং তার মা তার সাথে থাকবেন। এদিকে, অমরিন্দর সিং তাঁর ঘনিষ্ঠ মন্ত্রীদের নিয়ে রাজভবনে পৌঁছে রাজ্যপালের কাছে পদত্যাগপত্র জমা দেন।

মুখ্যমন্ত্রী হিসেবে ক্যাপ্টেন অমরিন্দর সিংয়ের পদত্যাগের পর তাঁর প্রধান সচিব সুরেশ কুমার এবং তাঁর রাজনৈতিক উপদেষ্টা সন্দীপ সান্ধুও তাদের পদ থেকে পদত্যাগ করেছেন।শনিবার সন্ধ্যায় রাজভবনের এক মুখপাত্র জানান, রাজ্যপাল বনওয়ারী লাল পুরোহিত মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং এবং তাঁর মন্ত্রিসভার পদত্যাগপত্র গ্রহণ করেছেন। আপাতত, রাজ্যপাল ক্যাপ্টেন এবং তাঁর মন্ত্রী পরিষদকে বিকল্প ব্যবস্থা না করা পর্যন্ত তাদের অফিসে নিয়মিত কাজ চালিয়ে যেতে থাকতে বলেছেন।

অন্যদিকে, অমরিন্দরের পদত্যাগের পর, দলের ৮০ জন বিধায়কের মধ্যে ৭৯ জন কংগ্রেস ভবনে অনুষ্ঠিত বিধায়ক দলের সভায় যোগ দেন। যেখানে সর্বসম্মতিক্রমে সোনিয়া গান্ধীকে পাঞ্জাবের পরবর্তী মুখ্যমন্ত্রী নিয়োগের অধিকার দেন।

## কটাক্ষ বিজেপির

● প্রথম পাতার পর

শুধু বিজেপি-র কাছেই নয়, চমক তৃণমূলের কাছেও। ভবানীপুর উপনির্বাচনের আগে এমন চমক পাওয়া যাবে তা শাসক দলের অনেকেই আশা করেননি।

প্রসঙ্গত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে বিজেপি প্রার্থী প্রিয়ঙ্কা টিবরেওয়ালের হয়ে বাবুলকে প্রচারে নামার ডাক দিয়েছিল বিজেপি রাজ্য নেতৃত্ব। তারকা প্রচারক হিসেবে তালিকায় নামও ছিল তাঁর। কিন্তু তা জানার সঙ্গে সঙ্গেই বাবুল জানিয়ে দেন তিনি ভবানীপুরে বিজেপির প্রচারে যোগ দেবে না। তিনি আগে বলেছিলেন রাজনীতির থেকে দূরত্ব রাখবেন। কিন্তু শেষ পর্যন্ত রাজনীতিতে থেকে বিজেপির সঙ্গেই তৈরি করলেন দূরত্ব।

দল বদলের পর বাবুল বলেন, "আমি কাজ পাগল, বাংলার জন্য কাজ করতেই এই সিদ্ধান্ত।" আগামী সোমবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখাও করবেন তিনি। দলবদলের পর বাবুল বলেন, আসানসোলের সাংসদ পদ থেকেও ইস্তফা দেবেন। বাবুল বলেন, "রাজনীতি ছাড়ার সিদ্ধান্ত নিয়েছিলাম। কিন্তু বাংলার মানুষের জন্য কাজ করার এত বড় সুযোগ ছাড়তে পারিনি। শেষ তিন-চারদিনের মধ্যেই সিদ্ধান্ত নিয়েছি।"

এবার কি তবে ভবানীপুরের উপনির্বাচনে মমতার হয়ে প্রচারে যাবেন? বাবুলের জবাব, "মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য বাবুলের প্রচারের দরকার হয় নাকি?" তবে দল বললে তিনি অবশ্যই প্রচারে যাবেন বলে জানিয়েছেন বাবুল।

এদিকে কয়েক মুহূর্তের ব্যবধান, আনুষ্ঠানিকভাবে গেরুয়া শিবির ছেড়ে ঘাসফুল শিবিরে যোগ দেওয়ার পরই বদলে গেল টুইটারের কভার ছবি। আসানসোলের সাংসদ বাবুল সুপ্রিয়। আগে তাঁর অ্যাকাউন্টে ছিল গেরুয়া দলের মহারথীদের নিয়ে পোস্টার। সেখানে নরেন্দ্র মোদী, অমিত শাহ, জে পি নাড্ডার সঙ্গে ছিলেন তিনি নিজেও। পোস্টারে বড় বড় করে লেখা, আর নয় অন্যায়। বিজেপির এবারের ভোটের ক্যাম্পেনে এই পোস্টারে ছেয়েছিল সারা বাংলা। এখন সেই কভারে লেখার বাংলা তর্জমা, তোমায় অসম্মান করে কেউ স্বাচ্ছন্দ্য পেতে পারে না। নাম না করে আসানসোলের সাংসদ ঘুরিয়ে বলে দিলেন, বিজেপি তাকে অসম্মান করেছে। মোদীর 'মুঝে বাবুল চাইয়ে' থেকে টুইটারে মোদীর মুখ সরিয়ে দিলেন আসানসোলের সাংসদ।

তৃণমূলে যোগ দেওয়ায় পুরনো শত্রুতা ঝেড়ে ফেলে বাবুলকে স্বাগত জানাতে ভুললেন না কৃষ্ণনগরের সাংসদ মহুয়া মৈত্র। তৃণমূলে যোগ দেওয়ার পর বাবুলকে স্বাগত জানিয়ে মহুয়া লিখেছেন, "আমার লোকসভার সতীর্থ বাবুলকে শুভেচ্ছা ও স্বাগত জানাই। একসঙ্গে কাজ করতে পারব আগামীদিনে একই মঞ্চে, আগে ছিলাম যেখানে আলাদা দলে।"

প্রসঙ্গত, ২০১৭ সালে এক টেলিভিশন ডিবেটে নেত্রী মহুয়া মৈত্র"র বিরুদ্ধে অশালীন মন্তব্য করেন বাবুল সুপ্রিয়। সেই ঘটনায় তাঁর বিরুদ্ধে একটি এফআইআর দায়ের করেন সাংসদ মহুয়া মৈত্র। সেই ঘটনায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন তদকালীন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বাবুল সুপ্রিয়, যার ভিত্তিতে মহুয়ার করা মামলা খারিজ করে দেয় আদালত। কিন্তু বাবুলের মন্তব্যকে সমর্থন করেনি আদালত।যদিও রাজ্য বিজেপির পক্ষ থেকে বলল, বাবুল বিশ্বাসঘাতকতার কাজ করেছেন। একই সঙ্গে রাজ্য বিজেপি-র প্রশ্ন, আগেই সাংসদ পদ ছেড়ে দলবদল করলেন না কেন?

বাবুল দলবদল করার পরে পরেই বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বলেন, "আমি কিছু বলব না। যা বলার দিল্লি বলবে। দলের মুখপাত্র শমীক ভট্টাচার্য সাংবাদিক বৈঠক করে বলবেন।" সেই মতো বিকেলে শমীক বলেন, "বাবুল কেন গিয়েছেন বলতে পারব না। তবে তিনি বিশ্বাসঘাতকতা ও তঞ্চকতা করেছেন। তবে এটাও ঠিক যে, আগামী দিনে আসানসোলে উপনির্বাচন হলে বিজেপি-র প্রার্থীই জিতবেন ওই কেন্দ্র থেকে।"

বাবুলের দলত্যাগের সম্ভাবনা কি আঁচ করতে পেরেছিল বিজেপি? এমন প্রশ্নের জবাবে শমীক বলেন, "দল সকলের উপরে ভরসা রাখে, বিশ্বাস করে। কাউকে নিয়ে সন্দেহ করা দলের কাজ নয়।" এ বার কি গায়ক, অভিনেতাদের মধ্য থেকে আসা মানুষদের বাবুলের মতো ভোটে জিতিয়ে মন্ত্রী করবে? শমীক বলেন, "সমাজের সব স্তর থেকেই মানুষ আসবেন। তাঁদের সব সময় স্বাগত।"

## ছয়জন

● প্রথম পাতার পর

দুর্ঘটনায় শিশু সহ আহত পাঁচ।কৃষি দফতরের জিপসি গাড়ি এসে টুকটুকে সজোরে ধাক্কা দিলে ঘটে এই দুর্ঘটনা। গুরুতরভাবে আহত সকলেই টুকটুক যাত্রী।আহতরা বর্তমানে ধর্মনগর জেলা হাসপাতালে চিকিৎসাধীন।ঘটনাস্থল থেকে দূর্ঘটনা গ্রস্ত গাড়ি দুটি পুলিশ থানায় নিয়ে আসে।সাথে একটি পথদূর্ঘটনার মামলা রুজু করে তদন্ত শুরু করে দিয়েছে পুলিশ।

ঘটনার বিবরণে প্রকাশ, উত্তর জেলার ধর্মনগর থানাধীন কৃষ্ণপুর বাজার সংলগ্ন এলাকায় বাসিন্দা অরুন দেবনাথের বাড়িতে গতকাল বিশ্বকর্মা পুজোর প্রসাদ খেতে আসে পানিসাগরের মধ্য দেওছড়া এলাকার বাসিন্দা কল্পনা দেব নাথ ও তার পরিবারের লোকজন। বিশ্বকর্মা পুজোর প্রসাদ খাওয়ার পর রাত আনুমানিক আটটা নাগাদ টি আর জিরো ফাইভ আর বারো ঊনসত্তর নম্বরের একটি টুকটুক দিয়ে ধর্মনগর পানিসাগর সড়ক হয়ে নিজ বাড়ির উদ্দেশ্যে রওনা দেন কল্পনা ও তার পরিবারের লোকজন। কিন্তু টুকটুকে উঠা মাত্রই পানিসাগর থেকে আসা কৃষি দপ্তরের টি আর জিরো টু এ জিরো এইট জিরো সিক্স নম্বরের একটি জিপসি গাড়ি দ্রুত গতিতে এসে এসে টুকটুকে সজোরে ধাক্কা দেয়। টুকটুকে সজোরে ধাক্কা মেরে পঞ্চাশ মিটার দূরে গিয়ে একটি কাঁঠাল গাছে ধাক্কা মারে জিপসি গাড়িটি। এদিকে জিপসি গাড়িটি টুকটুকে সজোরে ধাক্কা মারার ফলে দুমড়েমুচড়ে যায় টুকটুকটি। তাছাড়া টুকটুকের চালক সহ চারজন যাত্রী সড়কের উপর ছিটকে পড়েন। তখন প্রত্যক্ষদর্শীরা আহত টুকটুক চালক সহ চার জন যাত্রীকে গুরুতর অবস্থায় ধর্মনগর জেলা হাসপাতালে নিয়ে আসেন।আহতরা হলেন টুকটুক চালক বিভাষ ও যাত্রী নীর্মলা শর্মা,কল্পনা দেব নাথ, সাগরিকা দেব নাথ,অনিক দেব নাথ। টুকটুক চালকের বাড়ি শ্রীপুর এলাকায় এবং যাত্রী সকলের বাড়ি পানিসাগর থানাধীন মধ্য দেওছড়া এলাকায়।আহত পাঁচ জনের মধ্যে একটি এগারো বছরের শিশুও রয়েছে। সকলেই বর্তমানে জেলা হাসপাতালে চিকিৎসাধীন।

অপরদিকে ধর্মনগর থানার পুলিশ ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল থেকে উত্তেজিত জনতার হাত থেকে কৃষি দপ্তরের জিপসি গাড়ির চালক অলক দত্ত ও দপ্তরের এক কর্মী অসিম ধরকে উদ্ধার করে থানায় নিয়ে আসে।সাথে একটি পথদূর্ঘটনার মামলা রুজু করে দূর্ঘটনা গ্রস্ত টুকটুক ও জিপসি গাড়ি থানায় নিয়ে আসে ধর্মনগর থানার পুলিশ।তবে প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়,জিপসি গাড়ির চালক মদমত্ত অবসায় ছিল।আর খুব দ্রুত গতিতে এসে টুকটুক টিকে ধাক্কা মেরে ভয়াবহ দূর্ঘটনাটি সংঘটিত করেছে।

এদিকে, বিলোনিয়ার বিজেপি মন্ডল কার্যালয় সংলগ্ন সড়কে শনিবার সন্ধ্যারাতে আনুমানিক রাত আটটা নাগাদ একটি বাইক আচমকা হারাধন দে নামে ৭৪ বছর বয়সি এক পথচারীকে সজোরে এসে ধাক্কা মারার ফলে,আহত হয়ে ছিটকে পড়ে মূল সড়কের উপর। সাথে সাথে পাঠিয়ে দেওয়া হয় বিলোনিয়া মহকুমা হাসপাতালে। আহত পথচারী র নাম হারাধন দে (৭৪);বাইক চালক ডালিম মিয়া বাইক চালক সামান্য আহত হলেও গুরুতর আহত হওয়ার ফলে হারাধন দে কে বিলোনিয়া হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য স্থানান্তরিত করে দেন গোমতীজেলা হাসপাতালে। প্রত্যক্ষদর্শীদের মতে বেপরোয়া গতিতে বাইক চালানোর ফলেই এই দুর্ঘটনাটি ঘটে।

## শাসকদের

● প্রথম পাতার পর

জেলা পুলিশ সুপারদের অবগত করেছেন। কারণ, বিডিও এবং ডিসিএমদের জমিনি কাজে পর্যাপ্ত নিরাপত্তা সুনিশ্চিত হোক, চাইছেন সমস্ত জেলা শাসকরা। জেলা শাসকদের বক্তব্য, প্রশাসনিক সুযোগ-সুবিধা জনগণের পৌছে দেওয়ার ক্ষেত্রে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে সরকারী আধিকারিকদের পর্যাপ্ত নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে।

# াঙ্গন

## ইংল্যান্ড, অস্ট্রেলিয়ার বিরুদ্ধে খেলে টি-২০ বিশ্বকাপের প্রস্তুতি সারবেন কোহলীরা

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স) : পাকিস্তানের বিরুদ্ধে ম্যাচ দিয়ে বিরাট কোহলীদের টি-২০ বিশ্বকাপের যাত্রা শুরু। সেই ম্যাচ খেলার আগে প্রস্তুতি সেরে রাখতে চাইছেন কোহলীরা। সেজন্য ইংল্যান্ড এবং অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচ খেলবে ভারত।



আইপিএল শেষ করেই বিশ্বকাপ। বিভিন্ন দলে একে অপরের বিরুদ্ধে খেলার পর এক সঙ্গে খেলতে নামবেন কোহলী, রোহিত শর্মারা। তাই আগে থেকে প্রস্তুতি ম্যাচে নিজেদের দল গুছিয়ে নিতে চাইছে ভারত। সেই লক্ষ্যেই আগামী ১৮ অক্টোবর ইংল্যান্ডের বিরুদ্ধে এবং ২০ অক্টোবর অস্ট্রেলিয়ার বিরুদ্ধে খেলবেন কোহলীরা।

ইতিমধ্যেই ১৫ জনের ভারতীয় দল ঘোষণা হয়ে গিয়েছে। সবাইকে অবাক করে দলে জায়গা করে নিয়েছেন রবিচন্দ্রন অশ্বিন। দলের মেন্টর হিসেবে দেখা যাবে মহেন্দ্র সিং ধোনিকে। অধিনায়ক বিরাট কোহলী জানিয়ে দিয়েছেন এই বিশ্বকাপের পরেই টি-২০ ক্রিকেটে আর দলকে নেতৃত্ব দেবেন না তিনি। কোচ রবি শাস্ত্রীও সরে যেতে পারেন এই প্রতিযোগিতার পর।

বিশ্বকাপের যোগ্যতা নির্ণায়ক ম্যাচ শুরু হবে ১৭ অক্টোবর থেকে। বাংলাদেশ, পাপুয়া নিউগিনি, ওমানের মতো দল খেলবে সেখানে। এই যোগ্যতা নির্ণায়ক পর্ব থেকে চারটি দল সুযোগ পাবে সুপার ১২ খেলার। সেখানে ভারত, পাকিস্তান, অস্ট্রেলিয়ার মতো ক্রমতালিকায় প্রথম আটটি দল এগিয়ে থাকবে।

## ভারতের কোচ হওয়ার প্রস্তাব ফিরিয়ে দিলেন শ্রীলঙ্কার মাহেলা জয়বর্ধনে

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স) : ভারতীয় ক্রিকেট দলের পরবর্তী কোচ হিসেবে মাহেলা জয়বর্ধনের নাম ভাবা হলেও শ্রীলঙ্কার এই প্রাক্তন ক্রিকেটার ভারতের কোচ হতে আগ্রহী নন বলে প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন। টি-২০ বিশ্বকাপের পর ভারতীয় ক্রিকেট দলের কোচের পদ থেকে রবি শাস্ত্রীর বিদায় কার্যত নিশ্চিত। ইতিমধ্যেই তাঁর বিকল্প খুঁজতে শুরু করেছে বিসিসিআই। প্রাক্তন কোচ অনিল কুম্বলেকে ফিরিয়ে আনার কথা ভাবা হচ্ছে। তবে তার আগে যোগাযোগ করা হয়েছিল মাহেলা জয়বর্ধনের সঙ্গেও।

বর্তমানে মুম্বই ইন্ডিয়ান্স দলের কোচিং করাচ্ছেন জয়বর্ধনে। কুম্বলের সঙ্গে যোগাযোগ করার আগে বোর্ডের তরফে তাঁর সঙ্গে কথা বলা হয়েছিল। কিন্তু জয়বর্ধনে শ্রীলঙ্কার জাতীয় দলের কোচিং করাতে বেশি আগ্রহী। পাশাপাশি তিনি আইপিএল-এ কোচিংয়ের সঙ্গেই যুক্ত থাকতে চান। আইপিএল দলের কোচ থাকলে ভারতীয় দলের কোচ থাকা যাবে না। স্বার্থের সঙ্ঘাতের সমস্যা সে ক্ষেত্রে সামনে আসবে। তাই তিনি রাজি হননি।

জয়বর্ধনে প্রস্তাব ফিরিয়ে দেওয়ায় পাল্লা ভারি কুম্বলের দিকেই। এর আগে ক্রিকেট পরামর্শদাতা কমিটি (সিএসি) কুম্বলেকে চার বছর আগে কোচ করে এনেছিল। কিন্তু বিরাট কোহলীর সঙ্গে দূরত্ব তৈরি হওয়ায় এক বছর পরেই দায়িত্ব ছাড়েন কুম্বলে। তখন সিএসি দলের সদস্য ছিলেন সৌরভ গঙ্গোপাধ্যায়। এখন তিনি বোর্ডের সভাপতি। কুম্বলের সঙ্গে তাঁর সম্পর্ক খুবই ভাল। ফলে অনেকেই প্রাক্তন এই স্পিনারকে ভারতের পরবর্তী কোচ মনে করছেন। কুম্বলে এই মুহূর্তে আইপিএল-এ পঞ্জাব কিংস দলের কোচ।

## নিলামে উঠবে আরবিসির নীল জার্সি প্রাপ্ত অর্থে দেওয়া হবে বিনামূল্যে টিকা

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : নিলামে তোলা হবে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের নীল জার্সি। কোভিড-যোদ্ধাদের প্রতি সম্মান জানাতে ২০ সেপ্টেম্বর কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে নীল জার্সি পরে নামবে আরবিসি। সেই জার্সিই নিলামে তুলেবে আরবিসি।শনিবার সেই জার্সি পরিহিত ছবি প্রকাশ্যে এনে জানানো হয়েছে, জার্সিগুলি নিলামে তোলা হবে। তা থেকে প্রাপ্ত অর্থ বিনামূল্যে টিকা দেওয়ার কাজে লাগানো হবে। দলের অধিনায়ক বিরাট কোহলীই এই ঘোষণা করেছেন। এদিন আরসিবি-র পোস্ট করা একটি ভিডিয়োয় অধিনায়ক বিরাট কোহলী বলেছেন, ‘অন্য ধরনের একটা নীল জার্সি পরব আমরা। এটি একটি বার্তা নিয়ে আসবে এবং আরসিবি-র কাছে এটা একটা মাইলফলক। ভারতের টিকা দেওয়ার হার এগিয়ে নিয়ে যেতে এই জার্সিগুলিকে নিলামে তোলা হবে’। পাশাপাশি কোহলী আরও বলেছেন, “আইপিএল ২০২১-এর শুরুটা আমাদের খুবই ভাল হয়েছিল। আমরা যে নির্দিষ্ট ধরনের ক্রিকেট খেলতে পারি সেটা প্রথম পর্বেই আমরা বুঝিয়ে দিয়েছি। দুর্দান্ত এবং ধারাবাহিক পারফরম্যান্স করেছি আমরা। প্রত্যেক ক্রিকেটারই কোনও না কোনও সময় দলের জন্য এগিয়ে এসেছে।” কোহলীদের এই বিশেষ জার্সিতে স্বাস্থ্য সংক্রান্ত বার্তাও লেখা থাকবে। প্রথম পর্বেই এই জার্সি পরার পরিকল্পনা করা হয়েছিল। তবে তার আগেই করোনার কারণে আইপিএল বন্ধ হয়ে যাওয়ায় তা সফল হয়নি।-হিন্দুস্থান সমাচার / কাকলি

## রবি শাস্ত্রীর পর ভারতীয় দলের কোচ হওয়ার দৌড়ে কুম্বলে, লক্ষ্মণ

মুম্বই, ১৮ সেপ্টেম্বর (হি.স) : ভারতীয় দলের কোচ হিসেবে ফের দেখা যেতে পারে অনিল কুম্বলেকে। টি-২০ বিশ্বকাপ অবধি চুক্তি রয়েছে রবি শাস্ত্রীর সঙ্গে। তার পর ভারতীয় দলের দায়িত্বে থাকতে তিনি ইচ্ছুক নন বলেই জানা গিয়েছে। সে ক্ষেত্রে তাঁর বদলে ভারতীয় দলের দায়িত্ব কে নেবেন সেই সিদ্ধান্ত নিতে হবে ভারতীয় ক্রিকেট বোর্ড বিসিসিআইকে। সেই পদের জন্য কুম্বলে ছাড়াও উঠে আসছে ভিভিএস লক্ষ্মণের নামও।

২০১৬-১৭ সালে এক বছরের জন্য ভারতীয় দলের কোচ ছিলেন কুম্বলে। তাঁকে কোচ হিসেবে নিয়ে এসেছিলেন সচিন তেন্ডুলকর, সৌরভ গঙ্গোপাধ্যায় এবং ভিভিএস লক্ষ্মণের উপদেষ্টা কমিটি। চ্যাম্পিয়ন্স ট্রফি ফাইনালে পাকিস্তানের বিরুদ্ধে হারের পর সরে যেতে হয় কুম্বলেকে। জানা গিয়েছে, বোর্ডের তরফে কুম্বলে এবং লক্ষ্মণকে কোচের পদের জন্য আবেদন করতে অনুরোধ করা হতে পারে।

বিসিসিআই এমন কাউকে কোচ করতে চাইছে যাঁর ক্রিকেটার হিসেবে প্রচুর অভিজ্ঞতা রয়েছে। ভারতীয় কোচই চাইছে বোর্ড। কুম্বলে এবং লক্ষ্মণের ১০০টির উপর টেস্ট ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে। কুম্বলে যেমন ভারতীয় দলের দায়িত্ব সামলেছেন, লক্ষ্মণ বেশ কিছু বছর ধরে আইপিএল-এ সানরাইজার্স হায়দরাবাদের মেন্টর হিসেবে কাজ করছেন। অভিজ্ঞতা রয়েছে দু”জনেরই।

## অকাল-মৃত্যু বাংলার প্রাক্তন ক্রিক্রেটারের ৪৫ বছরে প্রয়াত মুর্তাজা লোধগার

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স.): অকালেই প্রয়াত হলেন বাংলার প্রাক্তন স্পিনার মুর্তাজা লোধগার। শুক্রবার রাতে খাওয়ার পর হাঁটতে বেরিয়েছিলেন তিনি। সেই সময় হঠাৎ হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান বছর ৪৫-এর এই ক্রিক্রেটার। মিজোরামের অনূর্ধ-১৯ দলের কোচ ছিলেন লোধগার। মুর্তাজার প্রয়াণে শোকপ্রকাশ করে দীপ দাশগুপ্ত টুইট করে লেখেন, ‘খুব তাড়াতাড়ি চলে গেলে বন্ধু।’ শোকার্ত বাংলার ক্রিকেট। বাংলার ক্রিকেট নিয়ামক সংস্থা সিএবি-র প্রধান অভিষেক ডালমিয়া জানিয়েছেন, “রাতের খাওয়ার পরেই, দলের ফিজিয়োর সঙ্গে হাঁটতে বেরিয়েছিলেন লোধগার। হঠাৎ বুকে ব্যথা অনুভব করেন তিনি। রাস্তায় পড়ে যান। ফিজিয়ো এবং দলের অন্য সদস্যরা সঙ্গে সঙ্গে হাসপাতালে নিয়ে যান তাঁকে। পথেই মৃত্যু হয় তাঁর।” বিনু মাঁকড় ট্রফি খেলার জন্য প্রস্তুতি নিচ্ছিল মিজোরামের অনূর্ধ-১৯ দল। মিজোরামের অনূর্ধ-১৯ দলের কোচ ছিলেন লোধগার। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## আগের থেকে অনেকটাই সুস্থ, স্থিতিশীল রয়েছেন পেলে

সাও পাওলো, ১৮ সেপ্টেম্বর (হি.স.): আগের থেকে অনেকটাই সুস্থ রয়েছেন ব্রাজিলের ফুটবল লেজেন্ড পেলে। ৮০ বছর বয়সী পেলের শারীরিক অবস্থা এখন স্থিতিশীল বলেই জানিয়েছে সাও পাওলোর আলবার্ট আইনস্টাইন হাসপাতাল। শুক্রবার শ্বাসকষ্টের সমস্যা হওয়ায় পেলে-কে আইসিইউ-তে রেখে পর্যবেক্ষণ করা হয়। পরে চিকিৎসকরা জানান, পেলে এখন স্থিতিশীল রয়েছেন।

চলতি মাসের শুরুর দিকে ৬ সেপ্টেম্বর এই হাসপাতালে অস্ত্রোপচার হয়েছিল পেলে-র। কোলন টিউমারের অস্ত্রোপচার করা হয়। অস্ত্রোপচার করে সেই টিউমারটি বাদ দেওয়া হয়েছে। ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছিলেন তিনি। কিন্তু, শুক্রবারই শ্বাসকষ্ট অনুভব করেন ফুটবল লেজেন্ড, তাঁকে আইসিইউ-তে নিয়ে গিয়ে পর্যবেক্ষণ করা হয়। এখন পেলে আগের থেকে সুস্থ আছেন। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## ডেভিস কাপে হতাশ করলেন প্রজ্ঞেশ হেরে গেলেন রামকুমারও

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : এবার ডেভিস কাপে শুরুটা অত্যন্ত বাজে ভাবেই করল ভারতীয় দল। শুরুতেই প্রথম দুইটি সিঙ্গেলস ম্যাচে প্রজ্ঞেশ গুণেশ্বরন ও রামকুমার রামানাথন, উভয়ই পরাজিত হলেন।ফিনল্যান্ডের বিরুদ্ধে ডেভিস কাপ টাইয়ের প্রথম দুটি সিঙ্গলসেই হেরে ০-২ পিছিয়ে গেল ভারত। প্রথম ম্যাচে র‍্যাঙ্কিংয়ে পিছিয়ে থাকা প্রতিপক্ষের বিরুদ্ধে নামার সুবিধে নিতে পারলেন না ভারতের প্রজ্ঞেশ গুণেশ্বরন। দ্বিতীয় ম্যাচে ফিনল্যান্ডের এক নম্বর টেনিস খেলোয়াড় এমিল রুসোভৌরি হারান রামকুমার রমানাথনকে। ভারতকে টাইয়ে টিকে থাকতে হলে অভিজ্ঞ বোপান্না ও শরনকে নিজেদের ম্যাচ জিততেই হবে।

ব্যাঙ্কিংয়ে ২৫০-রও বেশি ধাপ পিছনে ফিনিশ টেনিস তারকার বিরুদ্ধে লজ্জাজনকভাবে হারলেন প্রজ্ঞেশ। রামকুমার তাও একটু লড়াই চালালেও তাঁকে পরাজয়ের মুখ দেখতে হয়। বিশ্বের ১৬৫ নম্বর সিঙ্গেলস তারকা প্রজ্ঞেশ মাত্র এক ঘন্টা ২৫ মিনিটেই ফিনল্যান্ডের ৪১৯ ব্যাঙ্কের অটো ভিরটানেনের বিরুদ্ধে ৩-৬, ৬-৭(১) ব্যবধানে স্ট্রেট সেটে পরাজিত হন।

রামকুমারের লড়াইটা বেশ খানিকটা কঠিনই ছিল। ফিনল্যান্ডের এক নম্বর পুরুষ সিঙ্গেলস তারকা ও বিশ্বের ৭৪ নম্বর এমিল রুসুভৌরির বিরুদ্ধে ৪-৬, ৫-৭ ব্যবধানে স্ট্রেট সেটে ম্যাচ হারলেও দুর্দান্ত লড়াই করেন। তবে ১৮৭ ব্যাঙ্ক রামকুমারকে শেষ পর্যন্ত পরাজিতই হতে হয়। বিশেষ করে প্রজ্ঞেশের হার ভারতীয় দলের কাছে খুবই হতাশাজনক, কারণ তাঁর প্রতিপক্ষ তাঁর থেকে অনেকটাই পিছিয়ে এবং এর আগে মাত্র একটি ডেভিস কাপ ম্যাচ জিততেই সক্ষম হয়েছিল।

এই হারের ফলে বর্তমানে ভারত টাইয়ে ০-২ ব্যবধানে পিছিয়ে। পরবর্তী ম্যাচে কোর্টে নামবেন রোহন বোপান্না ও দ্বিবিজ শরন জুটি। অতীতের মতো আবারও ভারতের ভরসা সেই ডাবলস। ভারতকে টাইয়ে টিকে থাকতে হলে অভিজ্ঞ বোপান্না ও শরনকে নিজেদের ম্যাচ জিততেই হবে।-

## অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে হেরে গেল ভারতের প্রমীলা বাহিনী

সিডনি, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে হার ভারতের প্রমীলা বাহিনীর। প্রস্তুতি ম্যাচে নির্দিষ্ট ৫০ ওভারে ৯ উইকেটে ২৭৮ রান করে অস্ট্রেলিয়া। অস্ট্রেলিয়া বড় রানের ইনিংসে চাপে পড়ে যায় ভারত। তাও লড়াই করেছিলেন দীপ্তি শর্মা এবং পূজা বস্ত্রকার। কিন্তু শেষ পর্যন্ত ৩৬ রানে ম্যাচটি হেরে যান মিতালিরা।

প্রথমে ব্যাট করতে নামলে, শুরুতেই অস্ট্রেলিয়া টিমকে ধাক্কা দিয়েছিলেন ঝুলন গোস্বামী। অস্ট্রেলিয়া শুরুতেই তাড়াতাড়ি উইকেট হারিয়ে চাপে পড়ে গিয়েছিল। কিন্তু দ্বিতীয় উইকেটে আর এক ওপেনার রিচেল হেনস এবং মেগ ল্যানিং বড় ইনিংস গড়ার লক্ষ্যে অস্ট্রেলিয়াকে পৌঁছে দেন। হেনস করেন ৬৫ রান। ল্যানিং করেন ৫৯ রান। এ ছাড়াও বেথ মনি করেন ৫৯ রান। ২৪ করেন অ্যাসলেঘ গার্নার। নির্দিষ্ট ৫০ ওভারে ৯ উইকেটে ২৭৮ রান করে অস্ট্রেলিয়া। ৩ উইকেট নেন পুনম যাদব। ২ উইকেট নেন ঝুলন গোস্বামী। ১ উইকেট নিয়েছেন একতা বিস্ত। স্নেহ রানা নিয়েছেন ১ উইকেট। দু”জন রান আউট হয়েছে।

জবাবে ব্যাট করতে নেমে শুরুতেই স্মৃতি মান্ধানা এবং মিতালি রাজের উইকেট হারিয়ে বড় ধাক্কা খায় ভারত। দলের ৩০ রানের মধ্যেই ২ উইকেট পড়ে গিয়েছিল। তানিয়া ভাটিয়া প্রথমে দলের হাল ধরেন। ৪১ রান করেন তিনি। এর পর পূজা আর দীপ্তি লড়াই চালিয়েছিলেন। পজা ৫৭ রান করেন। দীপ্তি করেন ৪৯ রান। ৭ উইকেট হারিয়ে ২৪২ রান করে ভারত। ৩৬ রানে ম্যাচটি হেরে যান মিতালিরা। তবে একটা ভাল বিষয়, ভারত হারলেও মিডল অর্ডারের ব্যাটসম্যানরা ভরসা দিল। যেটা সিরিজ শুরু হলে কাজে লাগবে বলে আশাবাদী ভারতীয় টিম ম্যানেজমেন্ট।

## উত্তেজক ম্যাচ জিতে স্কটল্যান্ডের বিরুদ্ধে সিরিজে সমতা ফেরাল জিম্বাবোয়ে

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি. স.) : শেষ ওভারে পরপর চার বলে ৪টি উইকেট হারিয়ে ম্যাচ হেরে বসল স্কটল্যান্ড। দ্বিতীয় টি-২০ ম্যাচে জয়ের জন্য শেষ ২ ওভারে ১৭ রান দরকার ছিল স্কটল্যান্ডের। হাতে ছিল ৪টি উইকেট। টি-২০ ক্রিকেটে এমন কিছু কঠিন লক্ষ্য না হলেও, শেষ ওভারে পরপর উইকেট তুলে উত্তেজক জয় ছিনিয়ে নিল জিম্বাবোয়ে। আর এই জয়ের সুবাদে ৩ ম্যাচের সিরিজে ১-১ সমতা ফেরাল জিম্বাবোয়ে।

প্রথম ম্যাচে পরাজিত হওয়া জিম্বাবোয়ে সিরিজের দ্বিতীয় টি-২০ ম্যাচে টস জিতে প্রথমে ব্যাট করতে নামে। তারা নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেটের বিনিময়ে ১৩৬ রান তোলে। সিয়ান উইলিয়ামস ৬০ রান করে অপরাজিত থাকেন। ৫২ বলের ইনিংসে তিনি ৫টি চার ও ১টি ছক্কা মারেন। এছাড়া ক্যাপ্টেন ক্রেগ এরভাইন করেন ৩০ রান। ইভান্স, ওয়াট, গেভিন ও লিস্ক ১টি করে উইকেট নেন।

জবাবে ব্যাট করতে নেমে স্কটল্যান্ড ১৮ ওভারে ৬ উইকেটের বিনিময়ে ১২০ রান তুলে ফেলে। ১৯তম ওভারে তারা মাত্র ৪ রান সংগ্রহ করতে সক্ষম হয়। ফলে জয়ের জন্য শেষ ওভারে লক্ষ্যমাত্রা দাঁড়ায় ১৩ রানের। তবে শেষ ওভারের প্রথম চারটি বলে অবশিষ্ট ৪টি উইকেট হারিয়ে বসে স্কটল্যান্ড। প্রথম ও তৃতীয় বলে মাসাকাদজা তুলে নেন সফিয়ান শরিফ ও মাইকেল লিস্কের উইকেট। দ্বিতীয় ও চতুর্থ বলে ২ রান নিতে গিয়ে রান-আউট হন মার্ক ওয়াট ও ইভান্স। স্কটল্যান্ড ১৯.৪ ওভারে ১২৬ রানে অল-আউট হয়ে যায়। ১০ রানের উত্তেজক জয় তুলে নিয়ে জিম্বাবোয়ে সিরিজে সমতা ফেরায়। স্কটল্যান্ডের হয়ে ৪২ রান করেন রিচি বেরিংটন। ৪২ রানের যোগান রাখেন ম্যাথিউ ক্রস। ২৫ রান করেন লিস্ক।---হিন্দুস্থান সমাচার / কাকলি

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023




বিশ্বকর্মা পুজায় টিএসআর ক্যাম্পের জওয়ানরা আগ্নেয়াস্ত্র যাত্রা করিয়েছেন প্রথা মেনে। ছবি নিজস্ব।

# গোমতী জেলা হাসপাতালে উশৃঙ্খল যুবকদের তান্ডব, নিরাপত্তাহীনতায় ভুগছেন স্বাস্থ্যকর্মীরা

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১৮ সেপ্টেম্বর।।** গতকাল গভীর রাতে উদয়পুর টেপানিয়া স্থিত গোমতি জেলা হাসপাতালে একদল উশৃঙ্খল বখাটে যুবক কর্তব্যরত সেবিকা ও সেবকের সাথে অভব্য আচরণে চিকিৎসা কর্মীদের মধ্যে বিরূপ প্রভাব পরিলক্ষিত হয়। ঘটনার বিবরণে জানা যায় গতকাল বিশ্বকর্মা পুজোর গভীর রাতে উদয়পুর কাকড়াবন থানার অন্তর্গত জামজুড়ি গ্রামের সম্রাট দাসকে আহত অবস্থায় গোমতি জেলা হাসপাতালে নিয়ে আসা হয়।

রাত আনুমানিক দুটোর সময় সম্রাট দাসের সাথে জনা পঁচিশেক মদমত্ত যুবকও হাসপাতালের সার্জিক্যাল ওয়ার্ডে প্রবেশ করেই উন্মত্ত অবস্থায় চিৎকার চেঁচামেচি শুরু করে। তখন হাসপাতালে কর্তব্য রত অবস্থায় ছিলেন সেবিকা নার্গিস আক্তার ও সেবক রিতন দেববর্মা। উন্মত্ত যুবকেরা পিন স্ট্যান্ড, সেল্ফে থাকা দরকারি কাগজ পত্র ইত্যাদি দিয়ে কর্তব্য রত সেবক-সেবিকাদের উপর ছুড়ে ফেলে। এতে সেবিকা নার্গিস আক্তার ও সেবক রিতন দেববর্মা আহত হন।সেবক- সেবিকারা আহত হলেও সম্রাটের চিকিৎসার ত্রুটি করেননি। গতকাল রাতের এই ঘটনায় এবং উন্মত্ততার সময় গোমতি জেলা হাসপাতালের রোগী ও তার আত্মীয় স্বজনের মধ্যে উৎকণ্ঠা ও আতঙ্ক ছড়িয়ে পড়ে। আজ সকাল গোমতি জেলা হাসপাতালের সুপার ড: দেবশ্রী দেববর্মার নিকট গতকালের ঘটনার সুষ্ঠু তদন্ত করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে হেনস্থার শিকার নার্স ও সেবকরা ডেপুটেশনে মিলিত হন।

ডেপুটেশন পাওয়ার সাথে সাথে গোমতি জেলা হাসপাতালের সুপার ড: দেবশ্রী দেববর্মা রাধাকিশোরপুর থানায় খবর দেন। পরে রাধাকিশোরপুর থানার পুলিশ, হাসপাতাল সুপার ও সেবক-সেবিকাদের নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় গোমতি জেলা হাসপাতালে। দোষীদের বিরুদ্ধে সুষ্ঠু তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে এই আশ্বাস পাওয়ার পর স্বস্তি ফিরে আসে কর্মরত চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের মধ্যে। গোমতি জেলা হাসপাতালের সুপার ড: দেবশ্রী দেববর্মা বলেন আগরতলা জি বি হাসপাতাল ও আই জি এম হাসপাতালের পর অবিভক্ত দক্ষিণ জেলার সবচেয়ে বড় হাসপাতাল হচ্ছে উদয়পুর টেপানিয়া স্থিত গোমতি জেলা হাসপাতাল। এই হাসপাতালে যাতে শান্তি সম্প্রতি বজায় রেখে স্বাভাবিক কাজকর্ম করা যায় সেদিকে রোগী, রোগীর আত্মীয় পরিজন সহ হাসপাতালে কর্মরত সকল চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল গভীর রাতের এই ঘটনায় গোটা উদয়পুরে ছি: ছি: রব উঠেছে।

## বক্সনগরে বিদ্যুৎ যন্ত্রণায় গ্রাহকরা

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৮ সেপ্টেম্বর।।** প্রত্যেক পরিবারের অতি প্রয়োজনীয় জিনিসের মধ্যে আরেকটি গুরুত্বপূর্ণ দৈনন্দিন জীবনে সবচেয়ে মূল্যবান হচ্ছে বিদ্যুৎ লাইন। কারেন্ট বা বিদ্যুৎ ছাড়া আমাদের জীবন এক মূহুর্ত অচল। আজ থেকে প্রায় তিন মাস পূর্বে উত্তর কলমচৌড়া গ্রাম পঞ্চায়েতের এক নম্বর এবং দুই নম্বর ওর্য়াডের বাজার টিলা ও বড়মুড়া পাড়ায় বিদ্যুৎের খুটি থেকে কেবল ছিড়ে পড়ে রয়েছে। কিন্তু ঝড় তুফান থেমে যাবার পর পরই বক্সনগর ইলেকট্রিক অফিসে বাজার টিলা এবং বড়মুড়া এলাকাবাসীর পক্ষ হইতে বিদ্যুৎ কেবল ছেড়ার ঘটনা জানিয়েছেন। পর দিন বিকালে ☛ ৬ এর পাতায় দেখুন

# অসহায় জীবন যাপন করছেন এক দিব্যাঙ্গ মহিলা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** রাজধানী আগরতলা শহর সংলগ্ন সুভাষ নগরএলাকায় দিব্যাঙ্গ এক মহিলা অসহায় জীবন যাপন করছেন। দিব্যাঙ্গ শংসাপত্র থাকা সত্ত্বেও তিনি ভাতা পর্যন্ত পাচ্ছেন না। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার তাদের কল্যাণে নানা কল্যাণমুখী কর্মসূচি গ্রহণ করলেও দিব্যাঙ্গ দের একাংশ সরকারি সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। এ ধরনের বঞ্চনার একটি ঘটনা নজরে এসেছে রাজধানী আগরতলা শহর সংলগ্ন সুভাষ নগর এলাকায়।

টোটন দেব সরকার নামে এক মহিলা দিব্যাঙ্গ অবস্থায় অসহায় জীবন যাপন করছেন। তার একটি সন্তানও রয়েছে। দিব্যাঙ্গ ওই মহিলা ও তার সন্তানকে ফেলে তার স্বামী দিলীপ সরকার পালিয়ে গেছে। বর্তমানে অসহায় ওই দিব্যাঙ্গ মহিলাকে ভাঁড়া ঘরে থেকে অনাহারে-অর্ধাহারে জীবনযাপন করছেন। প্রতিমাসে২০০০ টাকা ঘর ভাড়া দিতে হচ্ছে।দিব্যাঙ্গ অসহায় ওই মহিলা জানান প্রাইভেট কোম্পানির অফিসে কাজ করে মাসে তিনি ২১০০টাকা পাচ্ছেন।তবে নিয়মিত টাকা পান না বলেও জানান তিনি। অসহায় ওই মহিলা সংবাদমাধ্যমকে জানান তার দিব্যাঙ্গ সার্টিফিকেট রয়েছে। কিন্তু রেশন কার্ডে তার নাম নেই। তার বাপের বাড়ি সুভাষ নগর এলাকাতেই। বিয়ের পর নতুন রেশন কার্ড যখন হয়েছে তখন বাপের বাড়ির রেশন কার্ড থেকে নাম কেটে দেওয়া হয়েছে। নতুন করে রেশন কার্ডে তার কোন নাম ওঠেনি।

বাপের বাড়িতেই রেশন কার্ডে নাম তোলার জন্য দু-দুবার প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েছেন। এখনো পর্যন্ত তিনি রেশন কার্ড পাননি। ফলে সমস্যা ক্রমশ বাড়ছে। স্বামী পরিত্যাক্তা দিব্যাঙ্গ অসহায় ওই মহিলা রাজ্য সরকার ও প্রশাসনের কাছে দাবি জানিয়েছেন তাকে বেঁচে থাকার জন্য ভাতা পাওয়ার ব্যবস্থা করে দিতে। পাশাপাশি রেশন কার্ডে তার নাম তুলে দেওয়ার ব্যবস্থা করতে দাবি জানিয়েছেন। দিব্যাঙ্গ সার্টিফিকেট থাকা সত্ত্বেও আইনী জটিলতার কারণে সামাজিক পাতা না পাওয়ায় দিব্যাঙ্গ মহিলা অসহায় হয়ে পড়েছেন। আইনি জটিলতা দূর করার জন্য প্রশাসনের তরফ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

# মনপাথর কৃষিবিজ্ঞান কেন্দ্রে কর্মশালা

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৮ সেপ্টেম্বর।।** মনপাথর কৃষিবিজ্ঞান কেন্দ্রে নিউট্রি গার্ডেন এবং ট্রি প্লেন্টেশানের উপর এর উপর এক বিশেষ কর্মশালার আয়োজন করাহয়। শুক্রবার বেলা ১২ টা ৩০ মিনিট নাগাদ শান্তির বাজার মহকুমার অন্তর্গত মনপাথর এলাকায় কৃষি বিঞ্জান কেন্দ্রের আধিকারিক ডঃ বিশ্বজিৎ দেবনাথের উদ্দ্যোগে এক বিশেষ কর্মশালার আয়োজন করাহয়। নিউট্রি গার্ডেন ও ট্রি প্লেনটেশানের উপর আজকের এই বিশেষ কর্মসূচি। এই কর্মসূচিতে আন্তর্জাতিক মিলেটসএর উপর ও গুরুত্ব দেওয়াহয়। এই কর্মশালায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রী ও কিছু সংখ্যক কৃষকদের উপস্থিতিতে বিভিন্ন বিষয়ে আলোচনা করাহয়। আলোচনা সভায় বীরচন্দ্র মনু শহীদ মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সেবিকা নিউট্রিশান ও শারিরিক চর্চার উপর বিশেষ প্রতিবেদন তুলেধরেন। আলোচনা শেষে কৃষিবিঞ্জান কেন্দ্রের উদ্দ্যোগে কৃষকদের মধ্যে বিভিন্ন প্রকারের চারাগাছ ও বিভিন্ন প্রকারের কৃষিজফসলের বীজ বিতরন করাহয়।

# সীমান্ত হাট নির্মাণের দাবি

**নিজস্ব প্রতিনিধি,চুড়াইবাড়ি, ১৮ সেপ্টেম্বর।।** উত্তর জেলার ধর্মনগর মহকুমা এলাকাতে সিমান্ত হাট নির্মানের কাজ বিশ বাঁও জলের নিচে। সিমান্ত হাট নির্মান করার জন্য ইতিমধ্যে জমিও ক্রয় করেছে জেলা প্রশাসন। জমি ক্রয় করার পর সিমান্ত হাট নির্মান করার আর কোন উদ্যাগ নেই।মাঝে মধ্যে প্রশাসনের কর্মকতারা এলাকা পরিদর্শনে যান।জেলা প্রশাসন বছর দুই এক আগে পাঁচ কানি জমি সিমান্ত হাটের জন্য একোয়ার করলেও জমির মালিকদের এখন পর্যন্ত জমির মুল্য দেওয়া হয়নি।ধর্মনগর মহকুমার কালাছড়া ব্লকাধীন রাগনা গ্রাম পঞ্চায়েতের দূর্গাপুর এলাকার ভারত বাংলাদেশ সিমান্তে সিমান্ত হাট নির্মান করার জন্য প্রায় ছয় সাত বছর পূর্বে ভারত বাংলাদেশেরের প্রশাসনিক কর্মকতারা সিধান্ত নেয়।

সেই সিধান্ত মোতাবেক কলাছড়া ব্লক এলাকার রাগনা গ্রাম পঞ্চায়েতে সিমান্ত হাট করার জন্য জমি খোঁজার কাছ শুরু হয়।দুই বছর পূর্বে রাগনা গ্রাম পঞ্চায়েতের এক নং ওয়ার্ডে তার কাটা বেড়ার ওপারে সিমান্ত হাট করার জন্য পাঁচ কানি জমি একোয়ার করা হয়। উক্ত এলাকার জনৈক প্রদিপ দে,জ্ঞান দে, দীপক পাল নামের তিন জন ব্যাক্তির কাজ থেকে সত্তর হাজার টাকা কানি মুল্যে পাঁচ কানি জমি একোয়ার করা হয়।দুই বছর পূর্বে সিমান্ত হাটের জন্য জমি একোয়ার করা হলেও সিমান্ত হাট স্থাপনের জন্য আর অন্য কোন কাজ হয়নি। উক্ত গ্রামের প্রদিপ পাল, জ্ঞান দে ও দীপক পাল জানান,জেলা প্রশাসন সিমান্ত হাট করার জন্য দুই বছর পূর্বে তাদের কাছ থেকে প্রায় পাঁচ কানি জমি একোয়ার করে নিয়েছে।জমি একোয়ার করা হলেও আজ অবদি জমির মুল্য পাননি তারা।

স্থানীয় জনগন জানায়,এই এলাকাতে সিমান্ত হাট করার জন্য গত বেশ কয়েক বছর যাবত দৌড় ঝাপ চলছে।জেলা প্রশাসন সহ পদস্ত অধিকারিকরা মাঝে মধ্যে এলাকা পরিদর্শনে আসেন।প্রশাসনের পদস্ত আধিকারিকদের এলাকা পরিদর্শন করা ছাড়া সিমান্ত হাট নির্মানের জন্য আর কোন কাজ হয়নি।এলাকার জনগন আরো জানান,রাগনা গ্রাম পঞ্চায়েত এলাকাটি ভারত বাংলাদেশ সীমান্তবর্তী গ্রাম।গ্রামটি কৃষি নির্ভর গ্রাম। গ্রামের জনগনের আয়ের মুল উৎস হল কৃষি। ফলে এই গ্রামে সিমান্ত হাট নির্মান করা হলে স্থানীয় জনগনের আয়ের রাস্তাও প্রসস্ত হবে।এলাকার জনগন অভিযোগ করে বলেন,এই এলাকাতে সিমান্ত হাট করার জন্য দুই দেশ সিধান্ত নেয়। ভারতের তার কাটার ওপারের ভারতের জমিতে এই হাট করা হবে। কিন্তু গত কয়েক বছর যাবত প্রশাসনের আধিকারিকরা কিচ্ছু দিন পর পর সিমান্ত হাটের জায়গা পরিদর্শন করেই যাচ্ছেন। আর কাজের কাজ কিচ্ছু হচ্ছে না। রাগনা এলাকাতে সিমান্ত হাট করা হলে সমগ্র উওর জেলা এবং ঊনোকটি জেলার ব্যবসা বানিজ্যের রাস্তা প্রসস্ত হবে। এলাকার জনগনের দাবি, আবিলম্বে রাগনা এলাকাতে সিমান্ত হাট নির্মাণের কাজ শুরু করুক প্রশাসন।

## ধর্মনগরে গাঁজা উদ্ধার করল পুলিশ, গ্রেপ্তার ২

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৮ সেপ্টেম্বর।** শনিবার বিকেলের পর পানিসাগর থেকে ধর্মনগর আসার পথে কৃষ্ণপুর উচ্চমাধ্যমিক বিদ্যালয় এর পাশে দুটি ছেলে গাড়ি থেকে বেশ কিছু বড় বড় প্যাকেট নিয়ে নামে।এগুলিকে পাশেই ধানের ক্ষেতের জমিতে লুকিয়ে রাখে। এদিকে গোপন সুত্রের ভিত্তিতে ধর্মনগর থানা এদেরকে তল্লাশি করে ,তল্লাশিতে এদের কাছ থেকে ৩০ কেজি গাঁজা উদ্ধার করে। জানা গেছে কেউ এসে এখান থেকে এই গাজা কিনবে বলে এরা অপেক্ষা করছিল। ধর্মনগর থানা দু''জনকেই গ্রেপ্তার করেছে। ঝন্টু দাস ( ২৮ বছর ),বাড়ি পেকুছড়া, ওয়ার্ড নাম্বার ৪ পানিসাগর, অপরজন বিক্রম দাস (৩১ বছর) বাড়ি উপতাখালি ,ওয়ার্ড নাম্বার ৪ পানিসাগব ।তাদেবকে ধর্মনগরের থানায় রাখা হয়েছে।

## গৌতম দাশের প্রয়াণে আমবাসায় শোক মিছিল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** সিপিআইএম রাজ্য সম্পাদক গৌতম দাসের প্রয়াণে গোটা রাজ্য শোকস্তব্ধ। শনিবার আমবাসায় গৌতম দাস এর স্মরণে শোক মিছিল সংগঠিত করা হয়। শোক মিছিল আমবাসার বিভিন্ন পথ পরিক্রমা করে। সিপিআই (এম) ত্রিপুরা রাজ্য কমিটির সম্পাদক গৌতম দাসের প্রয়ানে শোকস্তব্ধ বাম কর্মী-সমর্থকরা। শোক জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে বিশিষ্টজনেরা। শনিবার সিপিআই (এম) আমবাসা মহকুমা কমিটির উদ্যোগে এক শোক মিছিল বের করা হয়। শোক মিছিল বের করার আগে প্রয়াত গৌতম দাসের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধা জানান বাম কর্মী সমর্থকরা। সিপিআইএম জেলা কার্যালয় থেকে শোক মিছিলটি বের হয়ে জেলাসদর আমবাসার বিভিন্ন পথ পরিক্রমা করে। ৭০ টি অর্ধনমিত পতাকা হাতে মিছিলে সামিল হন বাম কর্মী সমর্থকরা।

# দেশে উর্ধমুখী করোনার সংক্রমণ, আরোগ্যের হার ৯৭.৬৫ শতাংশ

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): ভারতে ফের বাড়ল দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা, বিগত ২৪ ঘণ্টায় নতুন করে ভারতে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩৫ হাজার ৬৬২ জন। গত ২৪ ঘণ্টায় কোভিডে মৃত্যু হয়েছে ২৮১ জনের। শুক্রবার সারাদিনে ভারতে সুস্থ হয়েছেন ৩৩,৭৯৮ জন, ফলে ভারতে এই মুহূর্তে মোট সুস্থতার হার ৯৭.৬৫ শতাংশ। ভারতে এই মুহূর্তে মোট চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা ৩,৪০,৬৩৯ জন, বিগত ২৪ ঘন্টায় রোগীর সংখ্যা বেড়েছে ১,৫৮৩ জন। বিগত ২৪ ঘন্টায় দেশে কোভিড টেস্টের সংখ্যা ১৪,৪৮,৮৩৩।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে ৩৫,৬৬২ জন সংক্রমিত হওয়ার পর দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩ কোটি ৩৪ লক্ষ ১৭ হাজার ৩৯০ জন। এই মুহূর্তে শতাংশের নিরিখে ১.০২ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে ৭৯.৪২-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড-টিকাকরণ, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত মোট ৭৯,৪২,৮৭,৬৯৯ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় টিকা দেওয়া হয়েছে ২ কোটি ১৫ লক্ষ ৯৮ হাজার ৪৬ জনকে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ২৮১ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪,৪৪,৫২৯ জন (১.৩৩ শতাংশ)।

ভারতে সুস্থতার সংখ্যা আরও বাড়ল, শুক্রবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ৩৩,৭৯৮ জন। ফলে শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৩,২৬,৩২,২২২ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৭.৬৫ শতাংশ। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট ৭৯ কোটি ৪২ লক্ষ ৮৭ হাজার ৬৯৯ জনকে করোনা-টিকা দেওয়া হয়েছে। কেরল এখনও উদ্বেগের মধ্যেই দিন কাটাচ্ছে, বিগত ২৪ ঘন্টায় কেরলে নতুন করে আক্রান্ত হয়েছেন ২৩,২৬০ জন ও মৃত্যু হয়েছে ১৩১ জনের।

করোনাভাইরাসের টিকাকরণে সর্বোচ্চ রেকর্ড গড়ল ভারত। বিগত ২৪ ঘন্টায় ভারতে ভ্যাকসিন পেয়েছেন ২.৫-কোটির বেশি প্রাপক। একইসঙ্গে বাড়তে বাড়তে ভারতে ৭৯.৪২-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড টিকাকরণের সংখ্যা। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শনিবার সকাল সাতটা পর্যন্ত মোট ৭৯,৪২,৮৭,৬৯৯ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় (শুক্রবার সারাদিনে) টিকা দেওয়া হয়েছে ২ কোটি ১৫ লক্ষ ৯৮ হাজার ৪৬ জনকে।

ভারতে ৫৫.০৭-কোটির উর্ধে পৌঁছে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। শনিবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৭ সেপ্টেম্বর সারা দিনে ভারতে ১৪,৪৮,৮৩৩ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৫৫,০৭,৮০,২৭৩-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ১৪,৪৮,৮৩৩ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩৫ হাজার ৬৬২ জন।

# অসম ত্রিপুরা সীমান্তে বিএসএফের হাতে আটক বাংলাদেশী চোর

**নিজস্ব প্রতিনিধি,চুড়াইবাড়ি, ১৮ সেপ্টেম্বর।।** বাংলাদেশের সীমান্ত টপকে অবৈধভাবে ভারতে প্রবেশ করে মহিষ চুরি করতে গিয়ে পাশ্ববর্তী রাজ্য অসমের করিমগঞ্জ জেলার অসম ত্রিপুরা সীমান্তের সোনাতোলা বিএসএফের হাতে ধরা পড়ল এক বাংলাদেশি চোর।ধৃত চোরের নাম আবুল হোসেন(বত্রিশ)।পিতার নাম মৃত হাসিদ আলী।বাড়ি বাংলাদেশের মৌলবীবাজারের দক্ষিন গান্ধাইর এলাকার বুবারথল গ্রামে।ইতিমধ্যে বিএসএফ ধৃত বাংলাদেশিকে পাথারকান্দি পুলিশের হাতে সমঝে দিয়েছে।পুলিশ ধৃতকে বর্তমানে থানায় আটকে রেখে টানা জিজ্ঞাসাবাদ চালিয়ে যাচ্ছে।এদিকে ধৃত বাংলাদেশি যুবকটি পুলিশি জেরায় ভেঙ্গে পড়ে জানায় যে, শুক্রবার গভীর রাতে তাদের তিনজনের একটি দল সীমান্তের কাঁটাতারের বেড়াকেটে ভারতে প্রবেশ করে স্থানীয় চোরচক্র থেকে মহিষ পাচারের ফন্দিতে ছিল। হঠাৎ একসময় সীমান্তে প্রহরারত বিএসএফের আগমণ টের পেয়ে সুযোগ বুঝে তার বাকি আরোও দুই সঙ্গী যথাক্রমে আব্দুল হক ও রমজান আলী পালিয়ে গেলেও সে ধরা পড়ে যায়।তার কাছ থেকে পুলিশ একটি তার কাটার যন্ত্র সহ ধারালো দা ও একটি মোবাইলসেট জব্দ করেছে।রবিবার তাকে আদালতে সমঝে দেবার সম্ভাবনা রয়েছে।প্রসঙ্গত উল্লেখ্য যে অসম ত্রিপুরা সীমান্তবর্তি এলাকায় বাংলাদেশী চোরদের দাপট নতুন নয়।ইতিপূর্বে সেদেশের অনেক চোর ভারতে প্রবেশ করে গবাদি পশু চুরি করে নিয়ে যাবার পথে স্থানীয় জনগন সহ সীমান্তরক্ষীর হাতে ধরা পড়ার পাশাপাশি তাদের অনেকের প্রাণ গেছে জনরোষে।

# বহিঃরাজ্যে রহস্যজনক ভাবে মৃত্যু গৃহবধূর বাবার বাড়িতে গেলেন মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী

**নিজস্ব প্রতিনিধি,চুড়াইবাড়ি, ১৮ সেপ্টেম্বর।।** উত্তর জেলার ধর্মনগর মহকুমার কদমতলা থানাধীন পশ্চিম বাঘন এলাকার জনৈক গৃহবধূ রাজমিনা বেগমের রহস্যজনক ভাবে অস্বাভাবিক মৃত্যূ হয় ব্যাঙ্গালোরে। এই রহস্য জনক মৃত্যু নিয়ে রাজমিনা বেগমের মা কদমতলা থানাতে রাজমিনা বেগমের স্বামী আব্দুল হোসেন ও তার চার বন্ধুর বিরুদ্ধে বধূ নির্যাতন ও খুনের মামলা দায়ের করেন। পুলিশি মূল অভিযুক্ত আব্দুল হোসেনকে গ্রেফতার করলেও অপর চার অভিযুক্তকে এখনও পুলিশ গ্রেফতার করতে সক্ষম হয়নি।শনিবার রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্নালী গোশ্বামী মৃত গৃহবধূর ধর্মনগরের সাবাসপুর এলাকার বাবার বাড়িতে গিয়ে পরিবারের পাশে দাঁড়ান।এদিন তিনি নিহত রাজমিনা বেগমের বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সাথে কথা বলেন।মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্নালী গোশ্বামী দোষীদের কোঠর শাস্তীর দাবি করেন।

প্রসঙ্গত উল্লেখ্য ধর্মনগর থানাধীন টঙ্গীবাড়ী গ্রাম পঞ্চায়েতের সাত নং ওয়ার্ডের সাবাসপুরের জনৈকা লায়লা বেগমের মেয়ে রাজমিনা বেগমের সাথে চলতি বছরের মার্চ মাসে সামাজিক রিতি মেনে বিবাহ হয় কদমতলা থানাধীন পশ্চিম বাঘন এলাকার জনৈক আব্দুল হোসেনের। বিয়ের কিচ্ছু দিন পর কর্মসূত্রে স্ত্রীকে বাড়িতে রেখে ব্যাঙ্গালোরে চলে যায় স্বামী। তাছাড়া বিয়ের পর থেকেই প্রায় সময় যৌতুকের জন্য রাজমিনাকে রাজমিনার উপর শারীরিক ও মানসিক নির্যাতন করতো বলে অভিযোগ।এমনকি একটি টুকটুকও যৌতুক হিসেবে চেয়েছিল আব্দুল হোসেন। সম্প্রতি পনেরো বিশ দিন পূর্বে রাজমিনার ভাই বোনকে ব্যাঙ্গালোরে স্বামীর কাছে রেখে আসে। তারপর গত বারো সেপ্টেম্বর রাজমিনার বাবার বাড়ীতে খবর আসে রাজমিনা ফাঁসি লেগে আত্মহত্যা করেছে।পরবর্তীতে আব্দুল হোসেন ও রাজমিনার ছোট ভাই মৃতদেহ নিয়ে আগরতলাতে আসে এবং আগরতলা বিমানবন্দরে মৃত দেহ ফেলে স্বামী আব্দুল হোসেন পালিয়ে যায়। তারপর মৃতার বাবার বাড়ির লোকজন মৃতদেহ বাড়িতে নিয়ে আসেন। মৃতদেহে অসংখ্য আঘাতের চিহ্নও ছিল। বুধবার রাতেই রাজমিনার বাবার বাড়ির লোকজন কদমতলা থানায় রাজমিনার স্বামী আব্দুল হোসেন ও তার চার বন্ধুর নামে বধূ নির্যাতন ও খুনের মামলা রুজু করেন।কদমতলা থানার পুলিশ ভারতীয় দণ্ডবিধির ৪৯৮(এ)/৩০২/৩৪ ধারায় মামলা রুজু করে প্রধান অভিযুক্ত মৃতার স্বামী আব্দুল হোসেনকে তার পশ্চিম বাঘন এলাকার বাড়ি থেকে গ্রেফতার করে।তবে বাকি চার অভিযুক্তকেও এখন কদমতলা থানার পুলিশ জালে তুলতে সক্ষম হয়নি।

এদিকে আজ রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী মৃতার বাড়িতে গিয়ে শোক ব্যাক্ত করেন এবং দোষিদের কোঠর শাস্তির দাবি করেন।আশা ব্যক্ত করেন রাজ্য মহিলা কমিশন মৃত রাজমিনা হত্যার সুষ্ঠ বিচার পর্যন্ত মৃতার পরিবারের পাশে থাকার।




রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে পুলিশ সদর কার্য্যালয়ে আইজি এর কাছে ডেপুটেশন দিয়েছে তৃণমূল কংগ্রেস। ছবি নিজস্ব।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।